# বার্ষিক সামষ্টিক মূল্যায়ন ২০২৪
# শিল্প ও সংস্কৃতি
# সপ্তম শ্রেণি

# বার্ষিক সামষ্টিক মূল্যায়ন ২০২৪
# শিল্প ও সংস্কৃতি
# সপ্তম শ্রেণি

## সাধারণ নির্দেশনা

- মাধ্যমিক স্তরের ২০২৪ শিক্ষাবর্ষের বার্ষিক পরীক্ষা গ্রহণ সংক্রান্ত মূল্যায়ন নির্দেশনা:

২০২৪ শিক্ষাবর্ষের ষষ্ঠ, সপ্তম, অষ্টম এবং নবম শ্রেণির সামষ্টিক মূল্যায়ন/পরীক্ষা জাতীয় শিক্ষাক্রম ২০২২ এর ভিত্তিতে লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হবে।

১. মূল্যায়ন কার্যক্রম শিখনকালীন মূল্যায়ন এবং বার্ষিক সামষ্টিক মূল্যায়ন এই দুটি ভাগে অনুষ্ঠিত হবে।

২. মোট ১০০ নম্বরের মধ্যে শিখনকালীন মূল্যায়নের গুরুত্ব হবে ৩০% এবং বার্ষিক সামষ্টিক মূল্যায়নের গুরত্ব হবে ৭০%।

৩. বার্ষিক সামষ্টিক মূল্যায়ন অনুষ্ঠিত হবে ১০০ নম্বরের লিখিত পরীক্ষার মাধ্যমে। ১০০ নম্বরের লিখিত পরীক্ষায় প্রাপ্ত নম্বর ৭০ নম্বরে রুপান্তর করে এবং শিখনকালীন মূল্যায়নের বরাদ্দকৃত ৩০ নম্বরের মধ্যে প্রাপ্ত নম্বর একত্রিত করে মোট ১০০ নম্বরের ভিত্তিতে বিষয়ভিত্তিক ফলাফল নির্ধারণ করতে হবে। ।

৪. (ক) বিষয়ভিত্তিক নির্দেশনাবলীতে উল্লিখিত নির্দেশনা মোতাবেক শিখনকালীন মূল্যায়ন কার্যক্রম সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের বার্ষিক পরীক্ষা অনুষ্ঠিত হওয়ার পূর্বেই সম্পন্ন করতে হবে।

(খ) শিখনকালীন মূল্যায়নের জন্য সংগৃহীত রেকর্ডসমূহের কপি যথাযথভাবে সংরক্ষণ করতে হবে।

(গ) শিখনকালীন মূল্যায়ন পরিচালনার জন্য বিষয়ভিত্তিক নির্দেশনাসমূহ যথাযথভাবে অনুসরণ করতে হবে।

৫. নৈর্ব্যক্তিকসহ সকল বিষয়ের লিখিত পরীক্ষা গ্রহণের মোট সময় হবে ৩ ঘন্টা।

৬. বিষয়শিক্ষকগণকে নিজ নিজ বিদ্যালয়ের শিক্ষার্থীদের জন্য যথাযথ গোপনীয়তা রক্ষা করে শিক্ষা মন্ত্রণালয় প্রদত্ত নমুনা প্রশ্নপত্রের মতো নিজেরাই প্রশ্নপত্র তৈরি করে বার্ষিক পরীক্ষা গ্রহণ করবেন।

৭. সংশ্লিস্ট শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান শিক্ষকগণকে শ্রেণি/বিষয় শিক্ষকের সাহায্যে যথাযথ গোপনীয়তা রক্ষা করে প্রশ্নপত্র প্রণয়ন এবং পরীক্ষা গ্রহণ সংক্রান্ত কার্যাদি সম্পন্ন করতে হবে।

৮. লিখিত পরীক্ষার উত্তর লেখার জন্য বিদ্যালয় কর্তৃক প্রয়োজনীয় খাতা সরবরাহ করতে হবে।

৯. মাদ্রাসা এবং কারিগরি শিক্ষার ধারার বিশেষায়িত বিষয়সমূহের বার্ষিক পরীক্ষা পূর্বের ন্যায় অনুষ্ঠিত হবে।

১০. সকল ধারার দশম শ্রেণির বার্ষিক পরীক্ষা পূর্বের ন্যায় অনুষ্ঠিত হবে।

# বার্ষিক সামষ্টিক মূল্যায়ন নির্দেশিকা ২০২৪

## বিষয় : শিল্প ও সংস্কৃতি

## সপ্তম শ্রেণি

**(ক) বার্ষিক পরীক্ষার পাঠ্যক্রম**

| ক্রম | অভিজ্ঞতার নাম | তত্ত্বীয় | ব্যবহারিক |
|---|---|---|---|
| ১. | স্বাধীনতা আমার | সংশ্লিষ্ট অভিজ্ঞতার বিষয়বস্তু | ছবি আঁকার মধ্য দিয়ে স্বাধীনতার অনুভূতি প্রকাশ<br>স্বাধীনতা বিষয়ক গল্প পাঠ/ আবৃত্তি/ গান/ অভিনয় |
| ২. | বৈচিত্র্যে ভরা বৈশাখ | সংশ্লিষ্ট অভিজ্ঞতার বিষয়বস্তু | আলপনা অংকন, বৈশাখী মেলার দৃশ্য অংকন<br>দেশীয় সংস্কৃতি/ বর্ষবরণের আবৃত্তি/ গান/ অভিনয়। |
| ৩. | কাজের মাঝে শিল্প খুঁজি | সংশ্লিষ্ট অভিজ্ঞতার বিষয়বস্তু | দাদরা তালে 'সৃষ্টি সুখের উল্লাসে' আবৃত্তি |
| ৪. | প্রাণ-প্রকৃতি | সংশ্লিষ্ট অভিজ্ঞতার বিষয়বস্তু | কাব্য নাটক<br>প্রাকৃতিক দৃশ্য |

**(খ) মূল্যায়ন কাঠামো**

| শিখনকালীন | সামষ্টিক |
|---|---|
| ৩০% | ৭০% |

**(গ) প্রশ্নের ধারা ও মানবণ্টন**

**(i) শিখনকালীন মূল্যায়ন**

| আইটেমের নাম (Item type) | নির্ধারিত নম্বর/ওয়েটেজ |
|---|---|
| শ্রেণির কাজ (একক, দলগত) | ১০ |
| বইয়ের কাজ( বইয়ের নির্ধারিত স্থানে লেখা/ছক/ছবি/) | ১০ |
| বাড়ির কাজ (শিক্ষক নির্দেশিকা অনুসারে) | ১০ |
| মোট | ৩০ |

**(ii) সামষ্টিক মূল্যায়ন -** (অভীক্ষার ধরন: লিখিত ; পূর্ণনম্বর : ১০০)

| আইটেমের নাম (Item name) | | প্রশ্নের সংখ্যা | মোট নম্বর | সময় |
|---|---|---|---|---|
| | ব্যবহারিক অংশ | | | ৩ ঘন্টা |
| চারুকলা/ সংগীত / নৃত্য / অভিনয় / যন্ত্র সংগীত যেকোন একটি বিভাগের ব্যবহারিক কাজ | | ১ | ১×২০=২০ | |
| বন্ধুখাতা | | ১ | ১×১৫=১৫ | |
| | তত্ত্বীয় অংশ | | | |
| অতি সংক্ষিপ্ত উত্তরের প্রশ্ন | | ১৫ | ১×১৫=১৫ | |
| সংক্ষিপ্ত উত্তরের প্রশ্ন | | ৪ | ৫×৪=২০ | |
| ছবি দেখে লেখো | | ১ | ১০×১=১০ | |
| রচনামূলক উত্তরের প্রশ্ন | | ২ | ১০×২=২০ | |
| | মোট | | ১০০ | |

*১০০ নম্বরের মধ্যে শিক্ষার্থীর প্রাপ্ত নম্বরকে ৭০% এ কনভার্ট করা হবে।

এটি একটি নমুনা প্রশ্নপত্র। এই নমুনা প্রশ্নপত্রের আলোকে আপনি এই বিষয়ে আপনার স্বকীয় প্রশ্নপত্র তৈরি করবেন। কোনোভাবেই নমুনা প্রশ্নপত্র হুবহু ব্যবহার করা যাবে না।

বার্ষিক পরীক্ষা ২০২৪
শিল্প ও সংস্কৃতি
সপ্তম শ্রেণির নমূনা প্রশ্নপত্র
সময়: ৩ ঘন্টা
পূর্ণমান: ১০০

(ডান পাশে প্রশ্নের জন্য নির্ধারিত নম্বর উল্লেখ করা হয়েছে)

## তত্ত্বীয় অংশ (ক বিভাগ)

**১. এক কথায় উত্তর দাও/অতি সংক্ষিপ্ত উত্তর প্রশ্ন (সব কয়টি প্রশ্নের উত্তর দিতে হবে) ১৫ x ১=১৫**

(ক) মুক্তিযুদ্ধ নিয়ে আঁকা ২ টি পোস্টারের নাম লিখো।

(খ) বাংলাদেশের জাতীয় পতাকার নকশাকার কে?

(গ) সংগ্রাম ছবিটি কার আঁকা?

(ঘ) বাংলা গজলের স্রষ্টা কে?

(ঙ) দাদরা তাল কয় মাত্রা?

(চ) মৃৎশিল্পে কোন ধরনের মাটি ব্যবহৃত হয়?

(ছ) প্রাচীনকালে কোন কাপড়ের জন্য সারা বিশ্বে বাংলার সুখ্যাতি ছিল?

(জ) শিল্পী এস এম সুলতান শিশুস্বর্গ কেনো প্রতিষ্ঠা করেছেন?

(ঝ) বাংলাদেশের কোন অঞ্চল মনিপুরী তাঁতের জন্য বিখ্যাত?

(ঞ) বাংলার দুটো লোকশিল্পের নাম লিখো।

(ট) আমাদের দেশের ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর দুটি উৎসবের নাম লেখ।

(ঠ) কুম্ভকার বলা হয় কাদের?

(ড) হাতের তালির মাধ্যমে আমরা কোন বিষয় সম্পর্কে ধারণা পাই?

(ঢ) দুটি শিল্পভিত্তিক পেশার নাম লেখ।

(ণ) বাঁশ ওবেতের তৈরি দুটি ব্যবহার সামগ্রীর নাম লেখ।

- **অতি সংক্ষিপ্ত প্রশ্নের জন্য বিবেচ্য বিষয় বা রুবিক্স**

অতি সংক্ষিপ্ত প্রশ্ন মূল্যায়নের ক্ষেত্রে সঠিক শব্দ বা শব্দগুচ্ছ এসেছে কিনা লক্ষ রাখতে হবে।

**উত্তরমালা**

**ক - i)** বাংলার মায়েরা মেয়েরা সকলেই মুক্তিযোদ্ধা, **ii)** সদা জাগ্রত মুক্তিবাহিনী , **খ-** শিল্পী কামরুল হাসান, **গ-** শিল্পাচার্য জয়নুল আবেদিন, **ঘ-** কাজী নজরুল ইসলাম, **ঙ-** ৩ মাত্রা, **চ-** আঠালো মাটি, **ছ-** মসলিন কাপড়ের জন্য, **জ-** মননশীল নতুন প্রজন্ম গড়ার জন্য , **ঝ-** সিলেট, **ঞ-** মৃৎশিল্প, তাঁতশিল্প , **ট-**বৈশাবি,বিজু, **ঠ-** যাঁরা মাটি দিয়ে বিভিন্ন শিল্পকর্ম তৈরি করেন, ড- গানের তাল সম্পর্কে ধারণা পাই, ঢ-কামার,তাঁতি, ণ- মই ,কুলা

**২. সংক্ষিপ্ত উত্তর প্রশ্ন** **৫ X ৪=১৫**

(যে কোনো ৪ টি)

ক) বাংলাদেশের জাতীয় পতাকার রং দুটির অন্তর্নিহিত তাৎপর্য লিখ।

খ) পটুয়া নামে কোন শিল্পীকে ডাকা হয় ? কেন তাঁকে পটুয়া নামে ডাকা হয়?

গ) শ্রমভঙ্গি কী?

ঘ) আল্পনা কী?

ঙ) ফুটিকার্পাস দিয়ে তৈরি সুতায় বোনা কোন কাপড় বাংলার গৌরব বৃদ্ধি করেছিল? কেন?

- **সংক্ষিপ্ত প্রশ্নের জন্য বিবেচ্য বিষয় বা রুব্রিক্স**
- উত্তরপত্র মূল্যায়নের পূর্বে প্রতিটি প্রশ্নের জন্য সম্ভাব্য উত্তর স্থির করে রুব্রিক্স বা নম্বর বিভাজন তৈরি করে নিতে হবে। উদাহরণস্বরূপ একটি রুব্রিক্স নিচে দেওয়া হলো।

নমুনা প্রশ্ন: গ. শ্রমভঙ্গি কী?

| মূল্যায়নে বিবেচ্য | প্রাপ্ত নম্বর | মন্তব্য |
|---|---|---|
| শ্রমভঙ্গি এর মূল ধারণা | ২ | |
| বিভিন্ন শ্রমভঙ্গির পার্থক্য উল্লেখ করলে | ২ | |
| উদাহরণ এর জন্য | ১ | |

**৩. ছবি দেখে লেখো। (আর্ট এপ্রিসিয়েশন/ ক্রিয়েটিভ রাইটিং) ১০ X ১=১০**



উপরের ছবি দেখে যা মনে হচ্ছে নিজের ভাষায় লেখো।

- **ছবি দেখে লিখো (আর্ট এপ্রিসিয়েশন/ ক্রিয়েটিভ রাইটিং) এর জন্য বিবেচ্য বিষয় বা রুব্রিক্স**

| মূল্যায়নে বিবেচ্য | প্রাপ্ত নম্বর | মন্তব্য |
|---|---|---|
| ছবির বিষয়বস্তু সঠিকভাবে পর্যবেক্ষণ করে লেখা | ২ | |
| বর্ণনায় নিজস্ব কল্পনার উপস্থিতি | ৩ | |
| উপস্থাপনার মধ্যে সৃজনশীলতা | ৩ | |
| ছবিটি সম্পর্কে নিজস্ব মতামত দিতে পারা | ২ | |

নোট:

- শিক্ষক প্রশ্নে এমন একটি ছবি তুলে দেবেন যাতে শিক্ষার্থীরা কল্পনা করে লেখার সুযোগ পায়।
- ছবিগুলোতে বিভিন্ন অবজেক্ট যথেষ্ট বড়ো থাকবে যাতে শিক্ষার্থীরা ভালো করে বুঝতে পারে।
- এমন ছবি নির্বাচন করবেন যা ফটোকপি করলেও স্পষ্ট বোঝা যায়।

**৪. রচনামূলক উত্তর প্রশ্ন** **২X১০=২০**

(যে কোনো ২ টি)

ক) কার নেতৃত্বে বাংলাদেশের জাতীয় প্রতীকের নকশা করা হয়? জাতীয় প্রতীকের মর্মার্থ ব্যাখ্যা কর?

খ) মৃৎশিল্পে কীভাবে মাটি প্রস্তুত করতে হয়?

গ) এস এম সুলতান তাঁর ছবিতে কী কী বিষয় ফুটিয়ে তুলতে চেয়েছেন?

ঘ) মুক্তিযুদ্ধে শিল্পীসমাজের অবদান বর্ণনা কর।

- **রচনামূলক প্রশ্নের জন্য বিবেচ্য বিষয় বা রুবিক্স**

উত্তরপত্র মূল্যায়নের পূর্বে প্রতিটি প্রশ্নের জন্য সম্ভাব্য উত্তর স্থির করে রুব্রিক্স বা নম্বর বিভাজন তৈরি করে নিতে হবে। উদাহরণস্বরূপ একটি রুব্রিক্স নিচে দেওয়া হলো।

**নমুনা প্রশ্ন:** মৃৎশিল্পে কীভাবে মাটি প্রস্তুত করতে হয়?

| মূল্যায়নে বিবেচ্য | প্রাপ্ত নম্বর | মন্তব্য |
|---|---|---|
| মৃৎশিল্পের জন্য কি ধরনের মাটি প্রয়োজন হয় | ৩ | |
| মৃৎশিল্পের জন্য মাটিতে কী পরিমাণ পানি মিশাতে হয় | ৩ | |
| কখন মাটিগুলো শিল্প তৈরির জন্য প্রস্তুত হয় | ৪ | |

## ব্যবহারিক অংশ (খ বিভাগ) মোট নম্বর - ৩৫

১. বন্ধুখাতা প্রদর্শন ১৫

২. যেকোনো একটি কাজ/ কার্যক্রম করে দেখাও- ২০

মুক্তিযুদ্ধকে ভিত্তি করে একটি চিত্র অংকন কর

অথবা

দেশাত্মবোধক গান/ নাচ

অথবা

মুক্তিযুদ্ধর উপর লেখা নাটকের অভিনয়/ কবিতা আবৃত্তি

- **বন্ধুখাতা প্রদর্শন**

পরীক্ষার সময় শিক্ষার্থীদের বন্ধুখাতা নিয়ে আসতে বলতে হবে।

| মূল্যায়নে বিবেচ্য | প্রাপ্ত নম্বর | মন্তব্য |
|---|---|---|
| নিজের সৃজনশীলতা প্রয়োগ করে বন্ধুখাতা তৈরি | ৫ | |
| সিলেবাস অনুসারে পাঠ্যপুস্তকে নির্দেশিত সকল কাজ সম্পাদন | ৫ | বন্ধুখাতাতে এসব কাজ থাকতে হবে |
| অধিকতর অনুশীলন | ৫ | বন্ধুখাতাতে এসব কাজ থাকতে হবে |

- **ব্যবহারিক কাজ মূল্যায়নে করণীয় বা রুব্রিক্স**
- ছবি আঁকার ক্ষেত্রে বিবেচনায় রাখতে হবে:

| মূল্যায়নে বিবেচ্য | প্রাপ্ত নম্বর | মন্তব্য |
|---|---|---|
| বিষয়বস্তুর সঠিক আকার ও আকৃতি | ৫ | পরিপ্রেক্ষিতের সঙ্গেও এটি সম্পৃক্ত |
| ছবির বিষয়বস্তুর সজ্জা বা কম্পোজিশন | ৫ | |
| পরিপ্রেক্ষিতের বা দূরত্ব ও অনুপাতের ব্যবহার | ৫ | আকার ও আকৃতির সঙ্গেও এটি সম্পৃক্ত |
| রং/ আলোছায়ার ব্যবহার | ৫ | |

- সংগীত ও নৃত্যের ক্ষেত্রে বিবেচনায় রাখতে হবে

| মূল্যায়নে বিবেচ্য | প্রাপ্ত নম্বর | মন্তব্য |
|---|---|---|
| উচ্চারণ/ নাচের মুদ্রা | ৫ | |
| তাল ও লয় | ১০ | |
| সুর/ ভাবরস (এক্সপ্রেশন) | ৫ | |

- অভিনয়ের ক্ষেত্রে বিবেচনায় রাখতে হবে

| মূল্যায়নে বিবেচ্য | প্রাপ্ত নম্বর | মন্তব্য |
|---|---|---|
| সঠিকভাবে চরিত্রের রূপায়ন | ১০ | |
| উচ্চারণ | ৫ | |
| ভাবপ্রকাশ (এক্সপ্রেশন) | ৫ | |

- আবৃত্তির ক্ষেত্রে বিবেচনায় রাখতে হবে

| মূল্যায়নে বিবেচ্য | প্রাপ্ত নম্বর | মন্তব্য |
|---|---|---|
| উচ্চারণ | ৫ | |
| লয়, ছন্দ | ৫ | |
| ভাবপ্রকাশ (এক্সপ্রেশন) | ১০ | |

# বার্ষিক সামষ্টিক মূল্যায়ন নির্দেশিকা ২০২৪

## বিষয়: বাংলা

## শ্রেণি : সপ্তম

**(ক) বার্ষিক পরীক্ষার পাঠ্যক্রম**

| ক্রমিক নম্বর | অধ্যায় | অভিজ্ঞতার নাম | পৃষ্ঠা |
|---|---|---|---|
| ১ | প্রথম | প্রসঙ্গের মধ্যে থেকে যোগাযোগ করি | ১-১৩ |
| ২ | দ্বিতীয় | প্রমিত ভাষায় কথা বলি | ১৪-২৫ |
| ৩ | তৃতীয় | অর্থ বুঝে বাক্য লিখি | ২৬-৫৯ |
| ৪ | চতুর্থ | চারপাশের লেখার সাথে পরিচিত হই | ৬০-৭১ |
| ৫ | পঞ্চম | বুঝে পড়ি লিখতে শিখি | ৭২-৮৬, ৯৫-১০৩ |
| ৬ | ষষ্ঠ | সাহিত্য পড়ি লিখতে শিখি | ১১৭-১৩৫, ১৫৪-১৬২ |

**(খ) মূল্যায়ন কাঠামো**

| শিখনকালীন | সামষ্টিক |
|---|---|
| ৩০% | ৭০% |

**(গ) প্রশ্নের ধারা ও মানবণ্টন**

**(i) সামষ্টিক মূল্যায়ন**

অভীক্ষার ধরন: লিখিত ; পূর্ণনম্বর : ১০০

| আইটেমের নাম (Item name) | প্রশ্নের সংখ্যা | মোট নম্বর | সময় |
|---|---|---|---|
| নৈর্ব্যক্তিক প্রশ্ন (১৫টি এমসিকিউ ও ১০টি এক কথায় উত্তর) | ২৫ | ১×২৫=২৫ | ৩ ঘন্টা |
| সংক্ষিপ্ত-উত্তর প্রশ্ন (Short question) (১০টি থেকে ১০টির উত্তর দিতে হবে) | ১০ | ২×১০ =২০ | |

| | | | |
|---|---|---|---|
| রচনামূলক প্রশ্ন (দৃশ্যপটবিহীন) Essay type question (Without situational) (৫টি থেকে ৩টির উত্তর দিতে হবে।) | ৩ | ৫×৩ =১৫ | |
| রচনামূলক প্রশ্ন (দৃশ্যপটনির্ভর) (৭টি থেকে ৫টির উত্তর দিতে হবে।) Essay type question (situational) প্রতিটি দৃশ্যপটের বিপরীতে দুটি অংশ থাকবে | ৫ | ৮×৫ =৪০ | |
| | মোট | ১০০ | ৩ ঘন্টা |

*১০০ নম্বরের মধ্যে শিক্ষার্থীর প্রাপ্ত নম্বরকে ৭০% এ কনভার্ট করা হবে।

### (ii) শিখনকালীন মূল্যায়ন

| আইটেমের নাম (Iteam type) | নির্ধারিত নম্বর/ওয়েটেজ |
|---|---|
| অ্যাসাইনমেন্ট/ব্যাবহারিক কাজ (Assignment/Practical work)-একটি করে নমুনা সহ | ১০ |
| অনুসন্ধানমূলক কাজ/প্রকল্প /প্রতিবেদন উপস্থাপন (inventory work, project proposal, report presentation) - একটি করে নমুনা সহ | ১০ |
| শ্রেণির কাজ (পাঠ্যপুস্তকে সন্নিবেশিত একক ও দলগত কাজ, ছক পূরণ, বক্স পূরণ, ফ্লোচার্ট অংকন) - একটি করে নমুনা সহ | ১০ |
| মোট | ৩০ |

এটি একটি নমুনা প্রশ্নপত্র। এই নমুনা প্রশ্নপত্রের আলোকে এই বিষয়ের প্রশ্নপত্র তৈরি করবেন।কোনোভাবেই নমুনা প্রশ্নপত্র হুবুহু ব্যবহার করা যাবে না।

২০২৪ শিক্ষাবর্ষের বার্ষিক পরীক্ষার নমুনা প্রশ্ন

সপ্তম শ্রেণি

বিষয়: বাংলা

**নৈর্ব্যক্তিক অভীক্ষা+ রচনামূলক**

সময়- ৩ ঘণ্টা ; পূর্ণমান– ১০০

---

**নৈর্ব্যক্তিক অংশ**

**মান-২৫**

[বিশেষ দ্রষ্টব্য: বহুনির্বাচনি অভীক্ষার সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরটি খাতায় লেখো (১-১৫) এবং এক শব্দে/এক বাক্যে উত্তর লেখো (১৬-২৫)। প্রতিটি প্রশ্নের মান ১।]

১। ‘পিরামিড’ কী ধরনের লেখা?

ক. প্রায়োগিক　　খ. বিবরণমূলক

গ. তথ্যমূলক　　ঘ. বিশ্লেষণমূলক

২। আবুর মনে ভয় কেন?

ক. লুকিয়ে এসেছে বলে　　খ. মাছ ধরতে না পারার শঙ্কায়

গ. বৃষ্টির আসার কারণে　　ঘ. ঘুমিয়ে পড়ার শঙ্কায়

৩।

**সততা স্টোর**

এখানে সুলভ মূল্যে খাতা, কলম, পেন্সিলসহ যাবতীয় স্টেশনারী দ্রব্যাদি পাওয়া যায়।

যোগাযোগ:

আমতলি, রাজশাহী।

–উপরের লেখাটি চারপাশের কোন বিষয়ের সাথে মিল রয়েছে?

ক. সাইনবোর্ড　　খ. ব্যানার

গ. লিফলেট　　ঘ. বিজ্ঞাপন

৪। কোনটি ক্রিয়াবাচক শব্দ

ক. পড়ানো | খ. খাওয়া
গ. লিখা | ঘ. করেছি

নিচের কবিতাংশটি পড়ে পরবর্তী প্রশ্ন দুটির উত্তর দাও।

'মেঘনা নদী দেব পাড়ি
কল-অলা এক নায়ে
আবার আমি যাবো আমার
পাড়াতলী গাঁয়ে।'

৫। উপরের কবিতাংশের ভাবটি নিচের কোন কবিতার ভাবের সাথে সাদৃশ্যপূর্ণ?

ক. ময়নামতীর চর | খ. মাঝি
গ. নোলক | ঘ. ছিন্ন-মুকুল

৬। উপরের কবিতাংশের ভাবের সাথে মিল রয়েছে যে চরণের–

ক. এরি উঁচু পারে নিত্য বিহানে লাঙল দিয়েছে চাষি
খ. আমার মায়ের গয়না ছাড়া ঘরকে যাবো না
গ. নতুন চরের পলি জমিটাতে কলাই বুনেছে যারা
ঘ. বড়ো হলে আমি হব খেয়াঘাটের মাঝি

৭। কোনটি অঘোষ ধ্বনির উদাহরণ?

ক. ত | খ. গ
গ. ধ | ঘ. ম

৮। কোনটি উপসর্গ সাধিত শব্দ?

ক. জ্ঞাত | খ. লেজুড়
গ. পাগলামি | ঘ. সম্মান

৯। নিচের কোনটি জটিল বাক্যের উদাহরণ?

ক. রফিক আজ ভাত খেয়ে স্কুলে গেল
খ. যত দান করবে, তত বেড়ে যাবে
গ. আজীবন এ ঋণ স্বীকার করব
ঘ. লোকটি গরীব কিন্তু ভালো মানুষ

১০। 'আমার মায়ের সোনার নোলক হারিয়ে গেল' - বলতে কবি কী বুঝিয়েছেন?

ক. হারানো ঐতিহ্য | খ. মায়ের গহনা
গ. প্রাকৃতিক সৌন্দর্য | ঘ. নৈসর্গিক পরিবেশ

১১। প্রাচীন বাঙালির কোন দিকে বেশ ঝোঁক ছিল?

ক. খাবারের | খ. সাজসজ্জার
গ. পোশাক-পরিচ্ছদের | ঘ. চাষাবাদের

১২। 'অজানা অচেনা লোকের উপহার সাধারণত আমরা গ্রহণ করি না।' - এ বাক্যে কয়টি উপসর্গযুক্ত শব্দ রয়েছে?

ক. দুই | খ. তিন

গ. চার | ঘ. পাঁচ

১৩। নিচের কোনটি তথ্যের উদাহরণ?

ক. সরু সাদা চাল | খ. কলা পাতার খাবার

গ. আম-কাঁঠাল, তাল-নারকেল | ঘ. ভাত বাঙালির বহুকালের প্রিয় খাদ্য

১৪। নিচের কোনটি সমাস সাধিত শব্দ?

ক. হাতঘড়ি | খ. নিমরাজি

গ. অভিজাত | ঘ. ভরপেট

১৫। নিচের কোনটি বিশেষ্য শব্দ?

ক. সততা | খ. পঞ্চাশ

গ. সকাল | ঘ. পর্যন্ত

১৬। 'নোলক' কবিতাটি কবির কোন কাব্যগ্রন্থ থেকে নেওয়া হয়েছে?

১৭। 'মানুষ ও প্রাণীর সহাবস্থান'- তোমার পাঠ্য কোন কবিতার মূলভাব বলা যায়?

১৮। উদাহরণ দেওয়ার আগে কোন যতিচিহ্ন বসে?

১৯। 'পিরামিড' রচনাটি লেখকের কোন গ্রন্থ থেকে নেওয়া হয়েছে?

২০। 'জলা' কী?

২১। 'চল, আমরাই খোঁজ করে দেখি।' - বাক্যটি কোন শ্রেণির?

২২। 'উপহার পাওয়ার ব্যাপারটি অবশ্যই সম্মানের।'- এ বাক্যে 'উপহার' শব্দটি কী যোগে গঠিত হয়েছে?

২৩। 'প্রাঙ্গণ' শব্দের সঠিক উচ্চারণ কোনটি?

২৪। কবিতায় ছোটো ছোটো অংশকে কী বলে?

২৫। নতুন চরের পলিমাটিতে কৃষকেরা কী বুনেছে?

**রচনামূলক অংশ**

**মান-৭৫**

[ ডান পাশে উল্লিখিত সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]

**সংক্ষিপ্ত-উত্তর প্রশ্ন**

১। কবিতায় অনেক সময় শব্দের চেহারায় পরিবর্তন হয় কেন? ২

২। 'মাঝি' কবিতার কিশোর কেন খেয়াঘাটের মাঝি হতে চায়? ২

৩। 'বক পাখিগুলো গোচর পাখির হয়েছে অংশীদার'-বলতে কবি কী বুঝিয়েছেন? ২

৪। ‘ফুলের গন্ধ চাও যদি নাও, হাত পাতো হাত পাতো’ - বলতে কবি কী বুঝিয়েছেন? ২

৫। ‘ভালো কথা। বুদ্ধির কাজ করেছিস।’ - বলতে লেখক কী বুঝিয়েছেন? ২

৬। ‘ময়নামতীর চর’ কবিতার চরের মানুষেরা কীভাবে জীবন-যাপন করে? ২

৭। প্রত্যয় ও উপসর্গের মধ্যে পার্থক্য কী? ২

৮। পিরামিড তৈরি করার কারণ কী? ২

৯। ‘সেই পুরনো কাল আর নেই’- বলতে লেখক কী বুঝিয়েছেন? ২

১০। ‘আমার মায়ের গয়না ছাড়া ঘরকে যাব না’- বলতে কবি কী বুঝিয়েছেন? ২

## রচনামূলক প্রশ্ন (দৃশ্যপটবিহীন)

**যে কোনো ৩টি প্রশ্নের উত্তর দাও।**

১১ নিচের অনুচ্ছেদে প্রয়োজন অনুসারে যতিচিহ্ন বসিয়ে অনুচ্ছেদটি খাতায় লেখো। ৫

এক সময়ে বাতাসের বেগ খানিকটা কমে আসে তখনও থেকে থেকে ভয়ানক শব্দে বাজ পড়ছে বাবা মা আমাকে শুকনো কাপড় বের করে দিলেন প্রতিবেশীদের জন্যও কাপড় কিছু শুকনো খাবার ও পানির ব্যবস্থা করে তাদেরকে মোটামুটি স্বাভাবিক করলেন।

১২। নিচের শব্দগুলো থেকে সমাস ও প্রত্যয় সাধিত শব্দগুলো শনাক্ত করে খাতায় লিখো। ৫

চলিষ্ণু, দরদালান, মধুমাখা, নীলিমা, প্রগতি, ঢাকাই, নিমরাজি, গ্রামীণ

১৩। যোজক কাকে বলে? পৃথক যোজক ব্যবহার করে ৪টি বাক্য তৈরি করো। ৫

১৪। মনে করো, তুমি সপ্তম শ্রেণির শিক্ষার্থী। তোমার শ্রেণিতে সাহিত্য বিষয়ক প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। উক্ত প্রতিযোগিতায় শিক্ষার্থীদের অংশগ্রহণের জন্য একটি নোটিশ তৈরি করো। মনে রাখবে, নোটিশে যেন বিস্তারিত উল্লেখ থাকে। ৫

১৫। তোমার ছোটো ভাইকে বই পড়ার প্রতি গুরুত্বারোপ করে একটি পত্র লেখো। লেখার সময় চিঠির বিবেচ্য বিষয়গুলো খেয়াল রাখতে হবে। ৫

## রচনামূলক প্রশ্ন (দৃশ্যপটনির্ভর)

**যে কোনো ৫টি প্রশ্নের উত্তর দাও।**

১৬। নিচের কবিতাংশটি পড়ে নিম্নোক্ত প্রশ্নের উত্তর দাও।

‘বিপুলা এ পৃথিবীর কতটুকু জানি।<br>
দেশে কত-না নগর রাজধানী–<br>
মানুষের কত কীর্তি, কত নদী-গিরি-সিন্ধু-মরু,<br>
কত-না অজানা জীব, কত-না অপরিচিত তরু<br>
রয়ে গেল অগোচরে। বিশাল বিশ্বের আয়োজন;<br>
মন মোর জুড়ে থাকে অতিক্ষুদ্র তারি এক কোণ।’

ক. উপরের কবিতাংশে 'মাঝি' কবিতার যে সাদৃশ্য রয়েছে তা ব্যাখ্যা করো। ৪

খ. কবিতাংশের কথক ও 'মাঝি' কবিতার কিশোরের মতো তোমার জীবনের বা চারপাশের যে মিল রয়েছে তা ব্যাখ্যা করো। ৪

১৭। মনে করো, তোমার বিদ্যালয়ে শিক্ষার্থীদের আগ্রহ বা পছন্দ সম্পর্কে জরিপ চালানো হলো। সেই জরিপ থেকে পাওয়া উপাত্ত নিম্নরূপ:

| আগ্রহ/পছন্দের বিষয় | আগ্রহী ছাত্র সংখ্যা | আগ্রহী ছাত্রী সংখ্যা | মোট ছাত্র-ছাত্রী সংখ্যা |
|---|---|---|---|
| বই পড়া | ৬০ | ৭২ | ১৩২ |
| ফুটবল খেলা | ৮৭ | ৩৫ | ১২২ |
| ক্রিকেট খেলা | ২৩০ | ১৬৯ | ৩৯৯ |
| শরীরচর্চা | ৫৫ | ১৮ | ৭৩ |
| গান শোনা | ২৮ | ৬২ | ৯০ |
| চলচ্চিত্র দেখা | ৭৪ | ৬৮ | ১৪২ |
| মোট অংশগ্রহণকারীর সংখ্যা | ৫৩৪ | ৪২৪ | ৯৫৮ |

ক. প্রদত্ত উপাত্তের ওপর ভিত্তি করে 'আমার পছন্দ' শিরোনামে একটি লেখা প্রস্তুত করো। ৪

খ. তুমি যে লেখাটি প্রস্তুত করেছো তার ধরন চিহ্নিত করে মতামত দাও। ৪

১৮। নিচের ছবিটি দেখো এবং নিম্নোক্ত প্রশ্নের উত্তর দাও।




ক. উপরের ছবি সম্পর্কে তোমার অনুভূতি প্রকাশ করে একটি লেখা প্রস্তুত করো। ৪

খ. তুমি যে লেখাটি প্রস্তুত করেছো সেটি কোন ধরনের লেখা? তোমার যৌক্তিক মত উপস্থাপন করো। ৪

১৯। নিচের কবিতাংশটি পড়ে নিম্নোক্ত প্রশ্নের উত্তর দাও।

'হঠাৎ আমি চমকে উঠি
হলদে পাখির ডাকে।
ইচ্ছে করে ছুটে বেড়াই
মেঘনা নদীর বাঁকে।
শত যুগের ঘন আঁধার
গাঁয়ে আজো আছে।
সেই আঁধারে মানুষগুলো
লড়াই করে বাঁচে।'

ক. উপরের কবিতাংশে কবিতার যে বৈশিষ্ট্য বিদ্যমান তা ব্যাখ্যা করো। ৪

খ. কবিতাংশের ভাবনার সাথে তোমার জীবনের বা চারপাশের যে মিল রয়েছে তা বিশ্লেষণ করো। ৪

২০। নিচের কবিতাংশটি পড়ে নিম্নোক্ত প্রশ্নের উত্তর দাও।

সারা বেলাই সেই এক খেলা
গড়বে নতুন একটি বাগান,
অনেক ফুল আর অনেক পাখি
সব পাখিদের আলাদা গান–
তার মাঝেই একটি সুরে
সবারই সুর যায় মিলিয়ে
এক দুনিয়া এক মানুষের
স্বপ্ন তারা যায় বিলিয়ে।

ক. কবিতাংশে 'ময়নামতির চর' কবিতার যে দিকের সাদৃশ্য রয়েছে তা ব্যাখ্যা করো। ৪

খ. কবিতাংশের মূলভাব ও 'ময়নামতির চর' কবিতার মূলভাব সমার্থক কী? তোমার যৌক্তিক মত দাও। ৪

নমুনা উত্তর

সপ্তম শ্রেণি

বিষয়ঃ বাংলা

উত্তরপত্র মূল্যায়নে বিবেচ্য বিষয়সমূহ:

- পরীক্ষার্থীর উত্তর নমুনা উত্তরের হুবুহু চাওয়া প্রত্যাশিত নয়। পরীক্ষার্থীর উত্তর এ নমুনা উত্তরের চেয়ে ভালো, সমমানের বা খারাপ হতে পারে।
- প্রদত্ত নমুনা উত্তরের কোন বিকল্প সঠিক উত্তরও থাকতে পারে। উত্তরপত্র মূল্যায়নকারীকে পরীক্ষার্থীর সঠিক বিকল্প উত্তর বিবেচনায় এনে নম্বর প্রদান করতে হবে।
- উত্তর লেখার ক্ষেত্রে পরীক্ষার্থীর শব্দ চয়ন, বাক্য গঠন ও উপস্থাপন কৌশল প্রদত্ত নমুনা উত্তর থেকে ভিন্ন হওয়াই স্বাভাবিক।
- পরীক্ষার্থী প্রত্যাশিত স্তর অনুযায়ী লিখতে পারলে ঐ স্তরের জন্য পূর্ণ নম্বর পাবে। সেজন্য ১/২(অর্ধেক) নম্বর দেওয়া যাবে না।

নৈব্যক্তিক অভীক্ষার উত্তর:

১। খ. বিবরণমূলক

২। খ. মাছ ধরতে না পারার শঙ্কায়

৩। গ. লিফলেট

৪। ঘ. করেছি

৫। খ. মাঝি

৬। ঘ. বড়ো হলে আমি হব খেয়াঘাটের মাঝি

৭। ক. ত

৮। ঘ. সম্মান

৯। খ. যত দান করবে, তত বেড়ে যাবে

১০। ক. হারানো ঐতিহ্য

১১। খ. সাজসজ্জার

১২। খ. তিন

১৩। ঘ. ভাত বাঙালির বহুকালের প্রিয় খাদ্য

১৪। ক. হাতঘড়ি

১৫। ক. সততা

১৬। পাখির কাছে ফুলের কাছে

১৭। ময়নামতির চর

১৮। কোলন

১৯। জলে ডাঙায়

২০। জলমগ্ন ভূমি

২১। অনুজ্ঞাবাচক

২২। উপসর্গ

২৩। প্রাঙ্‌গোন্

২৪। স্তবক

২৫। কলাই

# ২০২৪ শিক্ষাবর্ষের বার্ষিক সামষ্টিক মূল্যায়নের বিষয়ভিত্তিক নির্দেশনা

## বিষয়: বৌদ্ধধর্ম শিক্ষা

## শ্রেণি : সপ্তম

(ক) প্রশ্ন প্রণয়ন সংক্রান্ত বিষয়ভিত্তিক নির্দেশনা

**(খ) বার্ষিক পরীক্ষার সংক্ষিপ্ত সিলেবাস**

| অধ্যায় | অধ্যায়ের শিরোনাম | পৃষ্ঠা |
|---|---|---|
| তৃতীয় | শীল: অষ্টশীল | ১৯-২৫ |
| পঞ্চম | চরিতমালা | ৩৯-৪৮ |
| সপ্তম | বৌদ্ধ আচার অনুষ্ঠান | ৫৭-৬৮ |
| অষ্টম | তীর্থস্থান ও ঐতিহাসিক স্থান | ৬৯-৭৮ |
| নবম | সম্প্রীতি | ৭৯-৮৫ |

**(গ) মূল্যায়ন কাঠামো**

| শিখনকালীন মূল্যায়ন | সামষ্টিক মূল্যায়ন |
|---|---|
| ৩০% | ৭০% |

**(ঘ) প্রশ্নের ধারা ও মানবণ্টন**

| | | | |
|---|---|---|---|
| ১. | শিখনকালীন/ধারাবাহিক মূল্যায়ন | শ্রেণির কাজ, বাড়ির কাজ, শ্রেণি অভীক্ষা, অ্যাসাইনমেন্ট, প্রজেক্ট, ফিল্ড ট্রিপ, তীর্থস্থান ও ঐতিহাসিক স্থান ভ্রমণের অভিজ্ঞতা বিষয়ক প্রতিবেদন ইত্যাদি। | ৩০ নম্বর |
| ২. | সামষ্টিক মূল্যায়ন | সামষ্টিক মূল্যায়ন এনসিটিবি কর্তৃক প্রণীত প্রশ্নের ধারা ও নম্বর বিভাজন অনুযায়ী ৩ ঘন্টা সময়সীমা মধ্যে ১০০ নম্বরের প্রশ্নসম্বলিত লিখিত উত্তরভিত্তিক হবে। ১০০ নম্বরের মধ্যে প্রাপ্ত নম্বরকে ৭০% এ রূপান্তর করতে হবে। | ৭০ নম্বর |
| | | মোট = | ১০০ নম্বর |

**শিখনকালীন মূল্যায়ন: প্রশ্নের ধারা ও মানবণ্টন** **মোট নম্বর-৩০**

| আইটেমের নাম (Item type) | নমুনা | নির্ধারিত নম্বর |
|---|---|---|
| অ্যাসাইনমেন্ট/ব্যাবহারিক কাজ<br>(Assignment/Practical work) | ইন্টারনেট সার্চ ও গ্রন্থাগার ব্যবহার করে নেপাল, ভুটান, শ্রীলংকা, মিয়ানমার, পাকিস্তান, আফগানিস্তান, মালয়েশিয়া, ইন্দোনেশিয়া, থাইল্যান্ড, চীন, জাপান, ভিয়েতনাম, কম্বোডিয়া, লাওস প্রভৃতি দেশের ঐতিহাসিক ও তীর্থস্থান সম্পর্কে তথ্য সংগ্রহ করে নিচের ছকে উপস্থাপন করো।<br>ক্রম \| নাম \| ছবি \| বিবরণ | ১০ |
| অনুসন্ধানমূলক কাজ/প্রকল্প /প্রতিবেদন উপস্থাপন<br>(investigation, project proposal, report presentation) | সারিপুত্র থেরর উপদেশ হতে তুমি কী শিক্ষা লাভ করেছ, এ বিষয়ক একটি প্রতিবেদন তৈরি কর। | ১০ |
| শ্রেণির কাজ (পাঠ্যপুস্তকে সন্নিবেশিত একক ও দলগত কাজ, ছক পূরণ, বক্স পূরণ, ফ্লোচার্ট অংকন) | অষ্টশীল গ্রহণের প্রক্রিয়াটি সবাই মিলে ভূমিকাভিনয় করো। | ১০ |
| | **মোট** | **৩০** |

# সামষ্টিক মূল্যায়ন: প্রশ্নের ধারা ও মানবণ্টন

**মোট নম্বর : ১০০** **প্রশ্নের ধারা ও নম্বর বিভাজন** **সময় : ৩ ঘণ্টা**

| প্রশ্নের ধারা | প্রশ্নের মান | প্রশ্নের সংখ্যা | মোট নম্বর |
|---|---|---|---|
| ক. বিভাগ : বহুনির্বাচনি প্রশ্ন | ১ | ১৫ | ১× ১৫ =১৫ |
| খ বিভাগ : অতি সংক্ষিপ্ত-উত্তর প্রশ্ন | ১ | ১০ | ১× ১০ =১০ |
| গ বিভাগ : সংক্ষিপ্ত-উত্তর প্রশ্ন | ২ | ১০ | ২× ১০ =২০ |
| ঘ বিভাগ : রচনামূলক-উত্তর প্রশ্ন (দৃশ্যপটবিহীন) | ৫ | ৫টির মধ্যে ৩ টির উত্তর করতে হবে। | ৫× ৩ =১৫ |
| ঙ বিভাগ : রচনামূলক -উত্তর প্রশ্ন (দৃশ্যপটনির্ভর) প্রতিটি দৃশ্যপটের বিপরীতে দুটি অংশ থাকবে (প্রয়োগমূলক ও উচ্চতর দক্ষতামূলক) | ৮ (৩+৫) | ৮টির মধ্যে ৫ টির উত্তর করতে হবে। | ৮× ৫ =৪০ |
| | | মোট | ১০০ |

# বার্ষিক সামষ্টিক মূল্যায়ন ২০২৪
# নমুনা প্রশ্ন
# বৌদ্ধধর্ম শিক্ষা
# সপ্তম শ্রেণি

**এটি একটি নমুনা প্রশ্নপত্র। এই নমুনা প্রশ্নপত্রের আলোকে আপনি এই বিষয়ের প্রশ্নপত্র তৈরি করবেন। কোনোভাবে নমুনা হুবুহ ব্যবহার করা যাবে না।**

**পূর্ণমান : ১০০** **সময় : ৩ঘন্টা**

**ক বিভাগ: বহুনির্বাচনি প্রশ্ন** **১×১৫ =১৫**

**নিচের প্রশ্নগুলোর সঠিক বা সর্বোৎকৃষ্ট উত্তরটি খাতায় লিখ:**

১. **‘উপোসথ’ শব্দের সাধারণ অর্থ হলো–**
ক. উপবাস
খ. উপহার
গ. উপসংহার
ঘ. সংহার

২. **অষ্টশীল গ্রহণের আগে কী ধরণের প্রস্তুতি নিতে হয়?**
ক. শারীরিক
খ. মানসিক
গ. পূর্ব
ঘ. দৈহিক

৩. **কিসের মাধ্যমে সংযত থাকার অভ্যাস করা হয়?**
ক. দানের
খ. ব্যবহারের
গ. খাদ্যাভ্যাসের
ঘ. শীলের

৪. **সারিপুত্র কেমন ছিলেন?**
ক. অত্যন্ত ধূর্ত
খ. অত্যন্ত প্রত্যুৎপন্নমতি সম্পন্ন
গ. অত্যন্ত বোকা
ঘ. অত্যন্ত দুর্বল

৫. **‘শ্রাবক’ শব্দের অর্থ কী?**
ক. গুরু
খ. সহকর্মী
গ. শিষ্য
ঘ. সহপাঠী

**৬. সারিপুত্রকে বুদ্ধের ------------ হিসেবে অভিহিত করা হতো?**

ক. ডান হস্ত

খ. বামহস্ত

গ. শত্রু

ঘ. বন্ধু

**৭. বাংলা কোন মাসে মধু পূর্ণিমা পালিত হয়?**

ক. আষাঢ়

খ. বৈশাখ

গ. ভাদ্র

ঘ. জ্যৈষ্ঠ

**৮. বুদ্ধ দশম বর্ষাকাল পালনকালে কোথায় অবস্থান করছিলেন?**

ক. কৌশাম্বীতে

খ. গয়ায়

গ. সোমপুর বিহারে

ঘ. মহাস্থানগড়ে

**৯. বুদ্ধের কোন ধরনের জীবনাচার বন্য প্রাণীদের আকৃষ্ট করে?**

ক. মৈত্রীময়

খ. সৌহার্দ্যপূর্ণ

গ. অহিংস

ঘ. সহনীয়

**১০. কার ভ্রমণ কাহিনি থেকে লুম্বিনী সম্পর্কে বহু তথ্য জানা যায়?**

ক. ইবনে বতুতার

খ. ভাস্কো-দা-গামার

গ. হিউয়েন সাঙের

ঘ. ম্যাগিলানের

**১১. লুম্বিনীর চারপাশে প্রাচীন একটি জাতির সভ্যতার ধ্বংসাবশেষ ছড়িয়ে আছে; সে জাতির নাম কী?**

ক. পাল

খ. সেন

গ. শাক্য

ঘ. বিষ্ণু

**১২. ১৯৮৫ খ্রিষ্টাব্দে ইউনেস্কো---------- বিশ্ব ঐতিহ্যবাহী স্থানের স্বীকৃতি প্রদান করে?**

ক. রাজগৃহকে

খ. সাঁচী স্তুপকে

গ. রত্নগিরিকে

ঘ. সোমপুর বিহারকে

**১৩. সহাবস্থানের পূর্বশর্ত বলা যায় কোনটিকে?**

ক. এক সাথে থাকাকে

খ. সম্প্রীতিকে

গ. গল্প বলাকে

ঘ. একসাথে পড়াকে

**১৪. কোনটি না থাকলে একটি জাতি সমৃদ্ধি লাভ করতে পারে না?**

ক. অর্থ সম্পদ

খ. ধর্মীয় গুরু

গ. দেশপ্রেম ও দেশাত্মবোধ

ঘ. জনশক্তি

**১৫. মাদার তেরেসা কোন কাজের স্বীকৃতি স্বরূপ ১৯৭৯ সালে 'নোবেল শান্তি পুরস্কার 'অর্জন করেন?**

ক. বই লেখার জন্য

খ. অর্থনীতিতে অবদানের জন্য

গ. দুঃখী মানবতার সেবার জন্য

ঘ. উত্তম ব্যবহারের জন্য

**খ বিভাগ : অতি সংক্ষিপ্ত- উত্তর প্রশ্ন** **১×১০ =১০**

এক কথায়/অতি সংক্ষেপে নিচের প্রশ্নগুলোর উত্তর লিখ:

১. কোন কোন মানুষের মধ্যে তৃষ্ণা বা আকাঙ্খা সৃষ্টি হয়?
২. কার গৃহী নাম ছিল উপতিষ্য?
৩. বুদ্ধের ধর্ম- দর্শনে সারিপুত্র কেমন ছিলেন?
৪. বুদ্ধের কৌশাম্বী ত্যাগের কারণে কারা উদ্বিগ্ন হয়ে পড়েন?
৫. কোশলরাজ দীঘীতির পুত্রের নাম কী?
৬. কোন শব্দের অর্থ হলো প্রকৃষ্টরূপে বরণ ও বারণ করা?
৭. প্রবারণা পূর্ণিমা শেষে বিহারে বিহারে একমাসব্যাপী যে অনুষ্ঠান হয় তার নাম কী?
৮. লুম্বিনী মন্দির স্থানীয় লোকদের কাছে কী নামে পরিচিত?
৯. মাদর তেরেসা'র জন্মস্থান আলবেনিয়া রাজ্যটি কোন সাম্রাজ্যের অধীন ছিল?
১০. জাতীয় উন্নয়নে কোনটির প্রয়োজনীয়তা অপরিহার্য?

**গ বিভাগ : সংক্ষিপ্ত- উত্তর প্রশ্ন** **২×১০ =২০**

সংক্ষেপে নিচের প্রশ্নগুলোর উত্তর দাও:

১. বৌদ্ধরা কোন কোন তিথিতে উপোসথ শীল পালন করেন?
২. বৌদ্ধধর্ম মতে 'উপোসথ' শব্দের অর্থ লিখ?
৩. বুদ্ধ সারিপুত্র থেরকে 'ধর্মসেনাপতি' উপাধিতে ভূষিত করেন কেন?
৪. কৃশা গৌতম বিবাহিত জীবনে তেমন আদর যত্ন পাননি কেন?
৫. বৈশাখী পূর্ণিমা 'বুদ্ধ পূর্ণিমা' নামে পরিচিত কেন?
৬. মধু পূর্ণিমা থেকে আমরা কী কী শিক্ষা পাই?
৭. 'ত্রৈমাসিক বর্ষাবাস' বলতে কী বুঝায়?
৮. সিদ্ধার্থ গৌতম কখন ও কোথায় জন্মগ্রহণ করেন?
৯. সোমপুর বিহারকে 'মহাবিহার' বলা হয় কেন?
১০. বাংলাদেশে অবস্থিত কয়েকটি বৌদ্ধ ঐতিহাসিক স্থানের নাম লিখ।

**ঘ বিভাগ : রচনামূলক প্রশ্ন (দৃশ্যপটবিহীন প্রশ্ন)** **৫×৩ =১৫**
**যেকোন তিনটি প্রশ্নের উত্তর দাও :**

১. 'অষ্টশীল' পালি ভাষায় লিখ।
২. প্রবারণা শব্দের অর্থ কী? প্রবারণা পূর্ণিমার সামাজিক গুরুত্ব লিখ।
৩. মহৎ জীবন গঠনের জন্য তুমি কী করবে তা লিখ।
৪. লুম্বিনীকে মহাতীর্থস্থান বলার কারণ ব্যাখ্যা কর।
৫. প্রত্যেক পূর্ণিমা তিথির সঙ্গে গৌতম বুদ্ধের জীবনের অনেক মহৎ ঘটনা জড়িত—এই উক্তির স্বপক্ষে তোমার যুক্তি দাও।

**ঙ বিভাগ : রচনামূলক প্রশ্ন (দৃশ্যপটনির্ভর)**
**যেকোন পাঁচটি প্রশ্নের উত্তর দাও :** ৮×৫ =৪০

১. উৎকৃষ্ট জীবন গঠনের জন্য বুদ্ধ উপোসথ শীল বা অষ্টশীল প্রবর্তন করেন। বৌদ্ধধর্ম মতে উপোসথ অর্থ কেবল উপবাস নয় বরং শীল পালন, ধর্মানুশীলন, ধ্যান–সমাধি চর্চা এবং সংযত জীবনযাপন করাই এই শীলের প্রধান লক্ষ্য।
ক. দৃশ্যপটে উল্লিখিত শীল প্রার্থনাটি পালিতে লিখ। ৩
খ. দৃশ্যপটে উল্লিখিত ধর্মীয় বিষয়টি পালনের সুফলগুলো পাঁচটি বাক্যে লিখ। ৫

২. বুদ্ধের উপদেশ শুনে কৃশা গৌতমী স্রোতাপত্তি ফল লাভ করেন এবং ভিক্ষুনী ধর্মে দীক্ষা দানের জন্য প্রার্থনা করেন। ভিক্ষুনী ধর্মে দীক্ষিত হয়ে তিনি সাধনার বলে প্রজ্ঞা লাভ করেন এবং লোভ, তৃষ্ণা, হিংসা প্রভৃতি ক্ষয় করে অর্হত লাভ করেন।

ক. বুদ্ধের দ্বারা প্রভাবান্বিত হয়ে গৌতমীর স্রোতাপত্তি প্রদত্ত তিনটি উপদেশ মূলক বাক্য লিখ। ৩

খ. 'বুদ্ধের উপদেশ কৃশা গৌতমীর অর্হত ফল লাভের ক্ষেত্র তৈরি করেছিল, উক্তটি সম্পর্কে তোমার অভিমত ব্যক্ত কর। ৫

৩. পারলিয়ে বনে বসবাস কালে বুদ্ধের মৈত্রীময় জীবনাচার বন্য প্রাণীদের আকৃষ্ট করে এবং তারা বুদ্ধের সেবায় এগিয়ে আসে। সে সময় এক হাতি বুদ্ধকে নানা ফলমূল দিয়ে সেবা করতে দেখে বানরের মনে ও সেবার ইচ্ছা জাগে। তাই বানর একটি মধুচাক সংগ্রহ করে বুদ্ধকে দান করে।

ক. মধু পূর্ণিমার শিক্ষা আমাদের জীবনে কী উন্নয়ন ঘটাতে পারে। ৩

খ. বুদ্ধের মৈত্রীময় জীবন পালনের সামাজিক গুরুত্ব ব্যাখ্যা কর। ৫

৪. বৃটিশ সামরিক ও প্রত্নতত্তবিদ সার আলেকজান্ডার কানিংহাম ১৮৭৯ খ্রিষ্টাব্দে একটি মহাবিহারের ধ্বংসাবশেষ আবিষ্কার করেন। যা পাল বংশের দ্বিতীয় রাজা ধর্মপাল অষ্টম শতকের শেষের দিকে প্রতিষ্ঠা করেন। ১৯৮৫ সালে ইউনেস্কো এ বিহারটিকে বিশ্ব ঐতিহ্যবাহী স্থানের স্বীকৃতি প্রদান করে। এর মাধ্যমে মহাবিহারটি আন্তর্জাতিক গুরুত্বপূর্ণ পুরাকীর্তির মর্যাদা লাভ করে।

ক. দৃশ্যপটের বিহারটি কোথায় অবস্থিত? এই বিহারকে 'মহাবিহার' বলা হয় কেন? ৩

খ. দৃশ্যপটে ইঙ্গিতকৃত বিহারটির ঐতিহাসিক গুরুত্ব ব্যাখ্যা কর। ৫

৫. রাজকুমার সিদ্ধার্থ গৌতম খ্রিষ্টপূর্ব ৬২৩ অব্দে বৈশাখী পূর্ণিমা তিথিতে লুম্বিনী কাননে জন্মগ্রহণ করেন। সম্রাট অশোক সিদ্ধার্থের জন্মস্থানকে চিরস্মরণীয় ও চিহ্নিত করে রাখার জন্য এখানে একটি স্তম্ভ স্থাপন করেন।

ক. সম্রাট অশোক নির্মিত স্তম্ভটি সম্পর্কে লিখ। ৩

খ. লুম্বিনীতে দর্শনীয় বস্তুর একটি তালিকা তৈরি কর। ৫

৬. এই পৃথিবীতে বহু জ্ঞানী, গুণী ও মহৎ ব্যক্তির জন্ম হয়েছে। যারা মানুষের কল্যাণে নিজেকে উৎসর্গ করেছেন। সারিপুত্র থের তেমনি একজন ব্যক্তি যিনি নিজ কর্মগুণে পৃথিবীতে অমর হয়ে আছেন।

ক. সারিপুত্রের গৃহী নাম কী? কোন গুণের জন্য বুদ্ধ সারিপুত্র থেরকে 'ধর্ম সেনাপতি' উপাধিতে ভূষিত করেন। ৩

খ. সারিপুত্র থের এর উপদেশ হতে তুমি কী শিক্ষা লাভ করেছ, তা লিখ। ৫

৭. আসলাম, অনিমেষ রড্রিকা ও প্রমিত রূপপুর উচ্চ বিদ্যালয়ের ৭ম শ্রেণির শিক্ষার্থী। তারা খুব ভালো বন্ধু। বয়সে ছোট হলেও পরস্পরের সুখে-দুঃখে তারা সহানুভূতিমীল। একে অপরের মতামতের প্রতি শ্রদ্ধাশীল।

ক. রূপপুর উচ্চ বিদ্যালয়ের শিক্ষার্থীদের মধ্যে যে গুণটি রয়েছে তা ব্যাখ্যা কর। ৩

খ. বৌদ্ধধর্মে দৃশ্যপটের শিক্ষার্থীদের গুণটির গুরুত্ব ব্যাখ্যা কর। ৫

**ক বিভাগ :** বহুনির্বাচনি প্রশ্নের উত্তর

| | | | |
|---|---|---|---|
| ১ | ক | ৯ | ক |
| ২ | খ | ১০ | গ |
| ৩ | ঘ | ১১ | গ |
| ৪ | খ | ১২ | ঘ |
| ৫ | গ | ১৩ | খ |
| ৬ | ক | ১৪ | গ |
| ৭ | গ | ১৫ | গ |
| ৮ | ক | | |

**খ বিভাগ : এক কথায়/অতি সংক্ষিপ্ত প্রশ্নের উত্তর**

| | |
|---|---|
| ১ | অবিদ্যার কারণে মানুষের মধ্যে তৃষ্ণা বা আকাঙ্ক্ষার সৃষ্টি হয়। |
| ২ | সারি পুত্রের গৃহী নাম ছিল উপতিষ্য। |
| ৩ | বুদ্ধের ধর্ম দর্শনে সারিপুত্র ছিলেন সুপন্ডিত। |
| ৪ | বুদ্ধের কৌশাম্বী ত্যাগের কারণে ভিক্ষুসংঘ ও গ্রামবাসী উদ্বিগ্ন হয়ে পড়েন। |
| ৫ | কোশলরাজ দীঘীতির পুত্রের নাম দীর্ঘায়ু। |
| ৬ | 'প্রবারণা' শব্দের অর্থ হলো প্রকৃষ্ট রূপে বরণ বা বারণ করা। |
| ৭ | প্রবারণা পূর্ণিমা শেষে বিহারে বিহারে একমাসব্যাপী যে অনুষ্ঠান হয় তার নাম 'কঠিন চীবর দান'। |
| ৮ | লুম্বিনী মন্দির স্থানীয় লোকদের কাছে রুম্মিনদেই নামে পরিচিত। |
| ৯ | মাদার তেরেসার জন্মস্থান আলবেনিয়া রাজ্যটি অটোমান সাম্রাজ্যের অধীনে ছিল। |
| ১০ | জাতীয় উন্নয়নে সম্প্রীতির প্রয়োজনীয়তা অপরিহার্য। |

**বার্ষিক সামষ্টিক মূল্যায়ন- ২০২৪**

বিষয়: খ্রীষ্টধর্ম শিক্ষা

শ্রেণি: ৭ম

**# প্রশ্ন প্রণয়ন সংক্রান্ত বিষয়ভিত্তিক নির্দেশনা:**

**# বার্ষিক সামষ্টিক মূল্যায়ন- ২০২৪ (সিলেবাস):**

**# মূল্যায়ন কাঠামো:**

| শিখনকালীন | সামষ্টিক |
|---|---|
| ৩০% | ৭০% |

**# শিখনকালীন মূল্যায়ন: প্রশ্নের ধারা ও মানবণ্টন:**

| আইটেমের নাম (Item type) | নির্ধারিত নম্বর |
|---|---|
| অ্যাসাইনমেন্ট/ব্যাবহারিক কাজ (Assignment/Practical work) | ১০ |
| অনুসন্ধানমূলক কাজ/প্রকল্প/প্রতিবেদন উপস্থাপন (Inventory Work, Project Proposal, Report Presentation) | ১০ |
| শ্রেণির কাজ (পাঠ্যপুস্তকে সন্নিবেশিত একক ও দলগত কাজ, ছক পূরণ, বক্স পূরণ, ফ্লোচার্ট অংকন) | ১০ |
| **মোট** | **৩০** |

**# সামষ্টিক মূল্যায়ন: প্রশ্নের ধারা ও মানবণ্টন:**

অভীক্ষার ধরন: লিখিত পূর্ণমান: ১০০ সময়: ৩ ঘন্টা

| ক্রম | আইটেমের নাম | | প্রশ্নের সংখ্যা | উত্তর দিতে হবে | মোট নম্বর | সময় |
|---|---|---|---|---|---|---|
| ১ | নৈর্ব্যক্তিক প্রশ্ন | বহুনির্বাচনি প্রশ্ন | ১৫ | ১৫ | ১×১৫=১৫ | ৩ ঘন্টা |
| | | এক কথায় উত্তর | ১০ | ১০ | ১×১০=১০ | |
| ২ | সংক্ষিপ্ত-উত্তর প্রশ্ন | | ১০ | ১০ | ২×১০=২০ | |
| ৩ | রচনামূলক প্রশ্ন (প্রেক্ষাপটবিহীন) | | ৫ | ৩ | ৫×৩=১৫ | |
| ৪ | রচনামূলক প্রশ্ন (প্রেক্ষাপট নির্ভর) প্রতিটি দৃশ্যপটের বিপরীতে দুটি অংশ থাকবে | | ৭ | ৫ | ৮×৫=৪০ | |
| | | | | মোট | ১০০ | |

**# কাঠামো মোতাবেক নমুনা প্রশ্ন:**

**# রচনামূলক প্রশ্ন (প্রেক্ষাপট নির্ভর) একটি প্রশ্নের রুব্রিক্স:**

**# বহুনির্বাচনি প্রশ্নের উত্তর:**

## বার্ষিক সামষ্টিক মূল্যায়ন- ২০২৪ (সিলেবাস):

**শ্রেণি: ৭ম**

| অঞ্জলি | উপহার | পৃষ্ঠা নং |
|---|---|---|
| অঞ্জলি ২ | উপহার ২৮-৩৭ | ৩৯-৫৪ |
| অঞ্জলি ৩ | উপহার ৩৮-৫৬ | ৫৬-৮২ |

## শিখনকালীন মূল্যায়ন: এসাইনমেন্ট (নমুনা)

**শ্রেণি: ৭ম**

**এসাইনমেন্ট:**

১। এসাইনমেন্ট (অর্পিত কাজ): গির্জায় বা চার্চে উপাসনালয় অংশ নিয়ে ডায়েরিতে অনুভূতি লিখ। পৃষ্ঠা নং-৪৩, উপহার-৩০

২। দুটি কল্যাণকর কাজ করবে এবং তা কিভাবে করেছ তা লিখে শ্রেণিতে উপস্থাপন করবে। পৃষ্ঠা নং- ৫৩, উপহার-(৩৫-৩৬)

এটি একটি নমুনা প্রশ্নপত্র। এই নমুনা প্রশ্নপত্রের আলোকে আপনি এই বিষয়ে আপনার স্বকীয় প্রশ্নপত্র তৈরি করবেন। কোনোভাবেই নমুনা প্রশ্নপত্র হুবহু ব্যবহার করা যাবে না।

**বার্ষিক সামষ্টিক মূল্যায়ন- ২০২৪**

বিষয়: খ্রীষ্টধর্ম শিক্ষা

শ্রেণি: ৭ম

**নমুনা প্রশ্ন**

সময়- ৩ ঘণ্টা পূর্ণমান- ১০০

**ক-বিভাগ**

**বহুনির্বাচনি প্রশ্ন: সঠিক উত্তরটি খাতায় লিখ (১৫টির উত্তর দিতে হবে)** ১X১৫=১৫

১) শৌল কোন শহরে যাওয়ার পথে যীশুর দর্শন পেয়েছিলেন?

ক) জেরিখো খ) নাজারেথ গ) দামেস্ক ঘ) কনান

২। অন্যের জীবনে শান্তি আনার জন্য যারা পরিশ্রম করে তাদের যীশু কী বলে অভিহিত করেছেন?

ক) দয়ালু খ) ঈশ্বরের প্রিয়জন গ) শান্তি-স্থাপনকারী ঘ) ঈশ্বরের সন্তান

৩) বৃদ্ধ ব্যক্তিগণ আমাদের কাছে আসলে কী করবো?

ক) বসে থাকবো খ) মনোযোগ দিবো না গ) উঠে চলে যাবো ঘ) উঠে সম্মান জানাবো

৪) সমাজের সকল মানুষের সাথে সম্প্রীতিতে বসবাসের জন্য খ্রীষ্টধর্ম বিশ্বাসীরা কিভাবে জীবনযাপন করেন?

ক) সবাইকে ভালোবেসে খ) শিক্ষা ও চিকিৎসাসেবা প্রতিষ্ঠান স্থাপন

গ) যীশুর প্রতি ভালোবাসা প্রদর্শন ঘ) সেবাকাজে অংশগ্রহণ

৫। মন পরিবর্তন করা সত্ত্বেও প্রেরিত শিষ্যরা শৌলকে বিশ্বাস করতে পারছিলো না কেন?

ক) সে খ্রীষ্টবিশ্বাসীদের অত্যাচার করতো খ) যীশুর উপর তার বিশ্বাস ছিল না

গ) শৌলের মন পরিবর্তনের ঘটনা অজানা ছিলো ঘ) সে বিধর্মী ছিল

৬। যীশুর উপদেশের মূল উদ্দেশ্য কী ছিল?

ক) মানুষ যেন সুখী হতে পারে খ) অবসর সময় কাটাতে পারে

গ) ধন সম্পদের মালিক হতে পারে ঘ) স্বর্গে যেতে পারে

৭। রিন্টু ও পিন্টু তোমার সহপাঠি। পিন্টু অনেক ভালো ছেলে কিন্তু রিন্টু হিংসা করে তার নামে মিথ্যা দুর্নাম রটায়। তোমাদের শ্রেণি শিক্ষক এ বিষয়টি নিয়ে তোমাদের সাথে কথা বলতে চাইলেন। যীশুর শিক্ষা অনুসরণ করে তুমি এ ক্ষেত্রে কী করবে ?

ক) ভয়ে নীরব থাকবে খ) সত্যের পক্ষে সাক্ষী দিবে গ) রিন্টুকে সমর্থন করবে ঘ) নিরপেক্ষ থাকবে

৯। 'আদিতে বাক্য ছিলেন'-----এখানে 'বাক্য' বলতে কাকে বুঝানো হয়েছে ?

ক) যোহন খ) পিতর গ) পুত্র ঈশ্বর ঘ) পবিত্র আত্মা ঈশ্বর

১০। কে প্রভু যীশুর আসার পথ প্রস্তুত করেছেন ?

ক) সখরিয়  খ) বাপ্তিস্মদাতা যোহন  গ) এলিয়  ঘ) ইশাইয়া

১১। মাদার তেরেজা ১৯৭৯ সালে নোবেল পুরস্কার পেয়েছেন কিসের জন্য?

ক) পরিবেশ সুরক্ষায়  খ) শিক্ষায়  গ) সাহিত্যে  ঘ) মানবতার সেবায়

১২। উইলিয়াম কেরি নারীদের কল্যাণে কী করেছেন ?

ক) ব্যাকরণ লেখা  খ) হাসপাতাল স্থাপন  গ) বই লেখা  ঘ) সতীদাহ প্রথা বন্ধ

১৩। মিতার বাবা এলাকার মানুষের চিকিৎসা সেবার জন্য হাসপাতাল স্থাপন করেছেন। এখানে ধর্ম, বর্ণ, ধনী, গরীব সকল মানুষ সেবা পাচ্ছে। মিতার বাবা কোন ধর্মীয় মূল্যবোধে অনুপ্রাণিত হয়েছেন?

ক) সততা  খ) দানশীলতা  গ) মানবতার সেবা ও ধর্মীয় সম্প্রীতি  ঘ) সেবার মাহাত্য

১৪। আমরা কিভাবে যীশুর সেবা করতে পারি?

ক) প্রার্থনা করে  খ) উপবাস করে

গ) নিয়মিত গির্জায় উপাসনায় অংশগ্রহণ করে  ঘ) অসহায় প্রতিবেশিদের সাহায্য করে

১৫। 'আমিই পুনরুত্থান ও জীবন'---যীশু এ কথা কাকে বলেছেন?

ক) মারিয়া  খ) মার্থা  গ) লাজার  ঘ) সক্কেয়

**এক কথায় উত্তর দাও: (১০টির উত্তর দিতে হবে।)**  **১ X ১০= ১০**

১। পিতা ঈশ্বরের একমাত্র পুত্র কে?
২। মানুষ কার মধ্য দিয়ে ঈশ্বরের আইন-কানুন পেয়েছে?
৩। যীশুকে বিশ্বাস করে আমরা কোন অধিকার লাভ করি?
৪। যীশু অননিয়কে কোন রাস্তা ধরে শৌলের কাছে যেতে বলেছেন?
৫। চোখের দৃষ্টি হারানোর পর শৌল দর্শনে কী দেখেছেন?
৬। কে যীশুর অগ্রদূত ছিলেন?
৭। যীশু আমাদের কোন জীবনের রাজা?
৮। মাদার তেরেজাকে কে 'সন্ত' হিসেবে ঘোষণা দিয়েছেন?
৯। উইলিয়াম কেরী কয়টি ভাষায় বাইবেল অনুবাদ করেছেন?
১০। পৃথিবীর শেষ দিনে যীশু তার ডান ও বাম দিকে কাদের বসতে দিবেন?

## খ-বিভাগ

**সংক্ষেপে উত্তর লিখ: (১০টির উত্তর দিতে হবে।)**  **২X১০=২০**

১। যীশুর উপদেশের মূল উদ্দেশ্য কী?
২। পুত্র ঈশ্বর মানুষ হয়ে জন্ম নিলেন কেনো?
৩। বাপ্তিস্মদাতা যোহন যীশুর বিষয়ে কী সাক্ষ্য দিয়েছেন?
৪। "মিশনারিজ অব চ্যারিটি" কোন কোন ক্ষেত্রে সেবা প্রদান করেন?

৫। যিহুদীরা শৌলকে মেরে ফেলতে চাইলো কেনো?
৬। উইলিয়াম কেরি বিভিন্ন ভাষায় বাইবেল অনুবাদ করেছেন কেনো?
৭। যীশুর অষ্টকল্যাণ বাণী বা সুখপন্থা বলতে কী বুযায়?
৮। তুমি অষ্টকল্যাণ বাণী অনুসরণ করলে কী কী গুণের অধিকারী হতে পারবে?
৯। শেষ বিচারের দিন যীশুর ডানদিকের লোকেরা স্বর্গে প্রবেশ করতে পারবে কেনো?
১০। বাপ্তিস্মদাতা যোহনকে মৃত্যুবরণ করতে হয়েছিল কেনো?

## গ-বিভাগ

**রচনামূলক প্রশ্ন: (প্রেক্ষাপটবিহীন ৫টি প্রশ্নের ৩টির উত্তর দিতে হবে।)** **৩X৫=১৫**

১। যীশু অননিয়কে দর্শন দিয়ে কী করতে বললেন? উত্তরে তিনি কী বললেন?

২। সামাজিক কুপ্রথা দূরীকরণে উইলিয়াম কেরী কী কী করেছেন তা ব্যাখ্যা করো।

৩। সাধ্বী মাদার তেরেজা মানবতার সেবাকাজের স্বীকৃতি স্বরূপ কী কী পুরস্কার ও সম্মাননা পেয়েছেন তা লিখ।

৪। শৌল কীভাবে দেখতে পেলেন? ব্যাখ্যা করো।

৫। উইলিয়াম কেরীকে কেন ব্রাউন ইউনিভার্সিটি সম্মানসূচক ডিগ্রি প্রদান করেন তা ব্যাখ্যা করো।

## ঘ-বিভাগ

**রচনামূলক প্রশ্ন: প্রেক্ষাপট নির্ভর ৭টি প্রশ্নের ৫টি প্রশ্নের উত্তর দিতে হবে)** **৮ X ৫= ৪০**

১। অনিক গীর্জাতে প্রার্থনায় অংশগ্রহণ করে না। কোনো কাজেই মা-বাবাকে সাহায্য করে না। পড়ালেখাও অমনোযোগী। মা-বাবা তাকে নিয়মিত গীর্জায় প্রার্থনা এবং পরিবারে সবার সাথে ভালো ব্যবহার করে। পড়ালেখায় মনোযোগী হতে সবসময়ই পরামর্শ দেয়। অতিষ্ট হয়ে সে রাগ করে বাড়ি থেকে চলে গেল। মা-বাবা তার জন্য দুশ্চিন্তায় পড়লো। হঠাৎ একদিন অনিক ভুল বুঝতে পেরে বাড়িতে ফিরে আসে। সে মা-বাবার কাছে ক্ষমা চাইলো। মা-বাবা তাকে আনন্দে জড়িয়ে ধরলো। তারা ধন্যবাদের প্রার্থনার আয়োজন করলো।

ক) অনিকের মা-বাবার আচরণে কোন বিষয়টি ফুটে উঠেছে। তা ব্যাখ্যা করে। ৩
খ) অনিকের কর্মকান্ড চিহ্নিত করে হারানো পুত্রের ঘটনার আলোকে বিশ্লেষণ করো। ৫

২। প্রতিদিন সান্ধ্যকালীন প্রার্থনার সময় নিপু বাইবেল পাঠ করে। যীশুর উপদেশ বাণী পড়তে তা্র খুব ভালো লাগে। সে নিজ জীবনে এই বাণী অনুসরণ করে। সে দরিদ্রদের সাহায্য করে এবং বন্ধুদের বিপদের সময় সুপরামর্শ দেয় । অন্যের জীবনে শান্তি আনার জন্য সময় দেয় ও পরিশ্রম করে। কিন্ত তার ছোট বোন সীমা মিথ্যাকথা বলে এবং অন্যের সাথে হিংসা করে। সে বিনা প্রয়োজনে দামী জিনিস কিনতে চায়।

ক) নিপুর কাজের মধ্যে পাঠ্যপুস্তকের কোন বিষয়টি ফুটে উঠেছে তা ব্যাখ্যা করো। ৩
খ) নিপুর ছোট বোনের কাজের পরিণতি পবিত্র বাইবেলের শিক্ষার আলোকে বর্ণনা করো। ৫

৩। । ভয়াবহ বন্যায় দেশের লাখ লাখ মানুষ গৃহহীন হয়ে অনাহার ও রোগব্যাধিতে কষ্ট পাচ্ছে। বীণা সিদ্ধান্ত নিল তার অতিরিক্ত জামাকাপড় বন্যার্তদের দান করবে। এ কাজে সে তার বন্ধুদের উৎসাহিত করতে চাইলো। কিন্তু তারা বীণাকে বললো যে এসব কাজ করে লাভ নেই। শুধু অর্থ আর সময়ের অপচয় হবে।

ক) বীণার মনোভাবে পাঠ্যপুস্তকের কোন মনীষীর সাদৃশ্য ফুটে উঠেছে তা ব্যাখ্যা করো। ৩
খ) বীণার বন্ধুদের কর্মকান্ডের পরিণতি যীশুর শিক্ষার আলোকে বর্ণনা করো। ৫

৪। শিক্ষকের তত্ত্বাবধানে তিনি ও তার সহপাঠিরা একটি শিক্ষাপ্রতিষ্ঠান পরিদর্শনে যায়। তিনি জানতে পারেন যে এ বিদ্যালয়ে ধর্ম, বর্ণ, শ্রেণি নির্বিশেষে সবাইকে শিক্ষা সেবা দেওয়া হচ্ছে। দুইশত এতিম শিক্ষার্থী বিনাবেতনে পড়ার সুযোগ পাচ্ছে। পাশেই এ বিদ্যালয় কর্তৃক পরিচালিত একটি চিকিৎসা কেন্দ্র আছে। এখানে গরীব শিক্ষার্থীদের বিনামূল্যে চিকিৎসা ও ঔষধ দেওয়া হয়। একই সাথে গ্রামের অবহেলিত, লাঞ্ছিত, অপমানিত ও অনাথ লোকদেরকেও বিভিন্ন ধরণের সেবা দেয়া হয়।

ক) বিদ্যালয়ের কাজসমূহ পাঠ্যপুস্তকের কোন মনীষীর কাজের সাথে মিল রয়েছে তা ব্যাখ্যা করো। ৩

খ) চিকিৎসা সেবা কেন্দ্রটির কাজের সাথে তোমার পাঠ্যপুস্তকের মনীষীর কাজের তুলনামূলক আলোচনা কর। ৫

৫। মিসেস আগ্নেশ দানশীল ও পরোপকারী। তিনি প্রায়ই বেতনের টাকা্র কিছু অংশ এতিমখানায় দান করেন। কারো অসুস্থতার কথা জানতে পারলে তাকে দেখতে যান। এসব কাজ তিনি যীশুর জন্য করছেন ভেবে স্বর্গীয় আনন্দ অনুভব করেন। তার সহকর্মী মিসেস সীমা ভীষণ কৃপণ। দরিদ্র ও অসহায় ব্যক্তিরা সাহায্য চাইলে বিরক্ত হন। তিনি নিজের সম্পদ হারানোর ভয়ে থাকেণ। এজন্য সবসময় অশান্তিতে থাকেন।

ক) মিসেস আগ্নেশের কার্যক্রমে পাঠ্যপুস্তকের যে বিষয়টি ফুটে উঠেছে তা ব্যাখ্যা করো। ৩

খ) সীমার কাজের পরিণতি যীশুর শিক্ষার আলোকে বর্ণনা করো। ৫

৬। পলাশ দুরন্ত ও দুষ্ট ছেলে। সে প্রতিবেশীদের নানারকম ক্ষতি করে। অন্য বন্ধুরা ভালো কাজ করলে সে টিটকারি দেয়। পলাশের মা তাকে নিয়ে ভীষণ চিন্তিত। ছেলেকে তিনি ভালো হওয়ার পরামর্শ দেন কিন্তু সে তা কানে নেয় না। মা ছেলের জন্য ঈশ্বরের কাছে মনপ্রাণ দিয়ে প্রার্থনা করেন। তার বিশ্বাস ঈশ্বর পলাশকে সৎ পথে ফিরিয়ে আনবেন। সত্যি একদিন পলাশের মন পরিবর্তন হলো। এখন সে মা-বাবা এবং শিক্ষকদের কথামত চলে।

ক) পলাশের মায়ের মনোভাবে যে বিষয়টি লক্ষ করা যায় তা ব্যাখ্যা করো। ৩

খ) পলাশের আচরণ শৌলের মন পরিবর্তনের গল্পের আলোকে বিশ্লেষণ করো। ৫

৭। তোমাদের এলাকায় দুইজন দরিদ্র ও অসুস্থ ব্যক্তি রয়েছেন। তারা টাকার অভাবে চিকিৎসা পাচ্ছে না। তুমি ও তোমার বন্ধুরা তাঁদের সাহায্য করতে চাও। এইজন্য একসাথে বসে কীভাবে কাজটি করবে এই ব্যাপারে আলোচনা করেছো।

ক) তোমাদের কাজে যীশুর কোন শিক্ষা প্রকাশ পেয়েছে তা ব্যাখ্যা করো। ৩

খ) তাদেরকে সহযোগিতার জন্য একটি কর্মপরিকল্পনা তৈরি কর। (কর্মপরিকল্পনা যা থাকবে- কখন, কোথায়, কার জন্য করবে ও কিভাবে করবে তার বর্ণনা) ৫

**বার্ষিক সামষ্টিক মূল্যায়ন- ২০২৪**

বিষয়: খ্রীষ্টধর্ম শিক্ষা

শ্রেণি: ৭ম

নমুনা প্রশ্ন (রুব্রিক্স)

## ঘ-বিভাগ (প্রেক্ষাপটনির্ভর প্রশ্ন)

| প্রশ্ন | নম্বর | শিক্ষার্থীরা পারবে |
|---|---|---|
| ১ (ক) | ৩ | খ্রীষ্টিয় মূল্যবোধের ধারণাটি ব্যাখ্যা করে প্রেক্ষাপটের সাথে সম্পর্ক স্থাপন করতে |
| | ২ | খ্রীষ্টিয় মূল্যবোধের ধারণাটি ব্যাখ্যা করতে |
| | ১ | খ্রীষ্টিয় মূল্যবোধ লিখতে |

| প্রশ্ন | নম্বর | শিক্ষার্থীরা পারবে |
|---|---|---|
| ১ (খ) | ৫ | মূল্যবোধ ধারণাটি ব্যাখ্যাপূর্বক প্রেক্ষাপটের সাথে সম্পর্ক স্থাপন করে সম্পূর্ণভাবে বিশ্লেষণ করতে |
| | ৪ | মূল্যবোধ ধারণাটি ব্যাখ্যাপূর্বক প্রেক্ষাপটের সাথে সম্পর্ক স্থাপন করে আংশিকভাবে বিশ্লেষণ করতে |
| | ৩ | মূল্যবোধ ধারণাটি ব্যাখ্যাপূর্বক প্রেক্ষাপটের সাথে সম্পর্ক স্থাপন করতে |
| | ২ | মূল্যবোধ ধারণাটি ব্যাখ্যা করতে |
| | ১ | মূল্যবোধ লিখতে |

# # সপ্তম শ্রেণি

| বহুনির্বাচনি প্রশ্নের উত্তর | এককথায় উত্তর দাও- |
|---|---|
| ১। গ) দামেস্ক<br>২। ঘ) ঈশ্বরের সন্তান<br>৩। ঘ) উঠে সম্মাণ জানাবো<br>৪। ক) সবাইকে ভালোবসে<br>৫। গ) শৌলের মন পরিবর্তনের কথা অজানা ছিলো<br>৬। ক) মানুষ যেন সুখী হতে পারে<br>৭। খ) সত্যের পক্ষে সাক্ষী দিবে<br>৮। ঘ) ভ্রাতৃপ্রেমের<br>৯। গ) পুত্র ঈশ্বর<br>১০। খ) বাপ্তিস্মদাতা যোহন<br>১১। ঘ) মানবতার সেবায়<br>১২। ঘ) সতীদাহ প্রথা বন্ধ<br>১৩। গ) মানবতার সেবা ও ধর্মীয় সম্প্রীতি<br>১৪। ঘ) অসহায় প্রতিবেশিদের সাহায্য করে<br>১৫। খ) মার্থা | ১। পিতা ঈশ্বরের একমাত্র পুত্র যীশুখ্রীষ্ট।<br>২। আমরা ঈশ্বরের আইন-কানুন মোশির মাধ্যমে পেয়েছি।<br>৩। যীশুকে বিশ্বাস করে আমরা ঈশ্বরের সন্তান হওয়ার অধিকার লাভ করি।<br>৪। যীশু অননিয়কে সোজা নামক রাস্তা ধরে যেতে বলেছেন।<br>৫। অননিয় নামে একজন লোক এসে তার গায়ে হাত রেখে তার চোখ ভালো করেছে।<br>৬। যীশুর অগ্রদূত ছিলেন বাপ্তিস্মদাতা যোহন।<br>৭। যীশু আমাদের আধ্যাত্মিক জীবনের রাজা।<br>৮। পোপ ফ্রান্সিস মাদার তেরেজাকে সন্ত হিসেবে ঘোষণা দেন।<br>৯। উইলিয়াম কেরি ৪৪টি ভাষায় বাইবেল অনুবাদ করেন।<br>১০। পৃথিবীর শেষ দিনে যীশু তার ডানদিকে ধার্মিকদের ও বামদিকে  অধার্মিকদের বসতে দিবেন। |

## শিখনকালীন ও বার্ষিক সামষ্টিক মূল্যায়ন নির্দেশিকা ২০২৪

বিষয়: ইতিহাস ও সামাজিক বিজ্ঞান

শ্রেণি: সপ্তম

**(ক) বার্ষিক পরীক্ষার সংক্ষিপ্ত পাঠ্যসূচি**

| ক্রমিক নম্বর | অভিজ্ঞতার নাম | পৃষ্ঠা |
|---|---|---|
| ০১ | বাংলা অঞ্চল ও স্বাধীন বাংলাদেশ : অর্থনৈতিক ইতিহাসের সন্ধানে। | ৪৯-৬৪ |
| ০২ | মুক্তিযুদ্ধের বিদেশি বন্ধুরা। | ৭৫-৯২ |
| ০৩ | সামাজিক -রাজনৈতিক কাঠামো ও রীতিনীতি। | ৯৩-১১৮ |
| ০৪ | টেকসই উন্নয়ন ও আমাদের ভূমিকা। | ১৩২-১৫৮ |
| ০৫ | সম্পদের কথা | ১৫৯-১৭৫ |

**(খ) মূল্যায়ন কাঠামো**

| শিখনকালীন মূল্যায়ন | সামষ্টিক মূল্যায়ন |
|---|---|
| ৩০% | ৭০% |

**(গ) প্রশ্নের ধারা ও মানবণ্টন (i) সামষ্টিক মূল্যায়ন**

অভীক্ষার ধরন: লিখিত; পূর্ণনম্বর : ১০০

| প্রশ্নের ধরণ | প্রশ্নের সংখ্যা | মোট নম্বর | সময় |
|---|---|---|---|
| বহুনির্বাচনি প্রশ্ন (MCQ) ও এককথায় উত্তর (১৫+১০)=২৫ | ২৫টি | ২৫ | ৩০ মিনিট |
| সংক্ষিপ্ত প্রশ্ন (Short question) | ১০টি | ১০×২=২০ | ২.৩০ মিনিট |
| রচনামূলক প্রশ্ন (দৃশ্যপটবিহীন) Essay type question (Without situation) | ৩টি | ৩×৫=১৫ | |
| রচনামূলক প্রশ্ন (দৃশ্যপটনির্ভর)<br>Essay type question (situational)<br>প্রতিটি দৃশ্যপটের বিপরীতে দুটি অংশ থাকবে (৩+৫=৮) | ৫টি | ৫*৮=৪০ | |
| মোট | | ১০০ | ৩ ঘন্টা |

*১০০ নম্বরের মধ্যে শিক্ষার্থীর প্রাপ্ত নম্বরকে ৭০% এ কনভার্ট করা হবে।

**(ii) শিখনকালীন মূল্যায়ন**

| আইটেমের নাম | নির্ধারিত নম্বর/ওয়েটেজ |
|---|---|
| অ্যাসাইনমেন্ট/ব্যাবহারিক কাজ/ পোস্টার বা দেয়াল পত্রিকা (Assignment/Practical work) : সংক্ষিপ্ত পাঠ্যসূচির যেকোন শিখন অভিজ্ঞতা থেকে শ্রেণিশিক্ষক তার পছন্দ অনুসারে বাছাই করে দিতে পারেন অথবা শিক্ষক সহায়িকা অনুসরণ করে নিজে শিক্ষার্থীদের নির্দেশনা দিতে পারেন। এই কাজটি করার জন্য পাঠ্যবইয়ের ৬৪, পৃষ্ঠাসহ নির্ধারিত অভিজ্ঞতাগুলো অনুসরণ করা যেতে পারে। | ১০ |
| অনুসন্ধানমূলক কাজ/প্রকল্প /প্রতিবেদন উপস্থাপন (inventory work, project proposal, report presentation) এই কাজটি করার জন্য পাঠ্যবইয়ের ৬০,৭৯ পৃষ্ঠাসহ নির্ধারিত অভিজ্ঞতাগুলো অনুসরণ করা যেতে পারে। | ১০ |
| শ্রেনির কাজ (পাঠ্যপুস্তকে সন্নিবেশিত একক ও দলগত কাজ, ছক পূরণ, বক্স পূরণ, ফ্লোচার্ট অংকন) এই কাজটি করার জন্য পাঠ্যবইয়ের ৪৯, ৯৬, ৯৮ পৃষ্ঠাসহ নির্ধারিত অভিজ্ঞতাগুলো অনুসরণ করা যেতে পারে। | ১০ |

| এটি একটি নমুনা প্রশ্নপত্র। এই প্রশ্নপত্রের আলোকে এই বিষয়ে আপনি স্বকীয় প্রশ্নপত্র তৈরি করবেন । |
| --- |
| কোনক্রমেই নমুনা প্রশ্নপত্র হবহু ব্যবহার করা যাবে না। |

**ইতিহাস ও সামাজিক বিজ্ঞান**
**সপ্তম শ্রেণি**

**বহুনির্বাচনি প্রশ্ন -১৫ টি** **পূর্ণমান: ১৫**

**১. বাংলা অঞ্চলে পান্ডুরাজার টিবিতে কোন সংস্কৃতির বিকাশ ঘটেছিল?**
ক) কৃষিভিত্তিক খ) শিল্প ও বাণিজ্য
গ) বিনোদননির্ভর ঘ) নগরকেন্দ্রিক

**২. নিচের কোনটি দারুশিল্পের অন্তর্ভূক্ত?**
ক) লোহা ও তামার তৈরি জিনিসপত্র
খ) স্বর্ণ ও রুপা নির্মিত অলঙ্কার
গ) শঙ্খ ও কাঁসার তৈরি জিনিসপত্র
ঘ) কাঠ ও বেত দিয়ে তৈরি জিনিসপত্র

**৩. 'পাতাম' হলো-**
ক) এক ধরনের প্রত্ন নিদর্শন খ) সুতার তৈরি মিহিবস্ত্র
গ) বিশেষ ধরনের জলযান ঘ) শিল্পের কাঁচামাল

**৪. ১৯৭১ সালে স্বাধীনতা যুদ্ধের সময় বাংলাদেশের একজন প্রকৃত বন্ধু ছিলেন?**
ক) সাইমন ড্রিং খ) মার্টিন কিং
গ) এন্ড্রু এডামস ঘ) জন নেপিয়ার

**৫. জোট নিরপেক্ষ আন্দোলনের অন্যতম নেতৃস্থানীয় দেশ কোনটি?**
ক) ভারত খ) পাকিস্তান
গ) বাংলাদেশ ঘ) মায়ানমার

**৬. ভূমিদান দলিলে কয় ধরনের রাজস্বের কথা জানা যায়?**
ক) ৩ খ) ৪ গ) ৫ ঘ) ৬

**নিচের প্রেক্ষাপটটি পড় এবং ৭ নং প্রশ্নের উত্তর দাও:**ইতিহাস ও সামাজিক বিজ্ঞান ক্লাসে সাফিনা আপা শিক্ষার্থীদের বাংলা অঞ্চলে প্রথম মুদ্রা নিয়ে আলোচনা করছিলেন। তিনি বললেন, বাংলার উত্তর-পশ্চিম অংশে বিশেষ ধরনের মুদ্রা ছিল যা কড়ি হিসেব থেকে এসেছে।

**৭. প্রেক্ষাপটে সাফিনা আপার বর্ণিত মুদ্রা কোনটি?**
ক) স্বর্ণমুদ্রা খ) গণ্ডক
গ) রৌপ্য মুদ্রা ঘ) হরিকেল মুদ্রা

**৮. নিচের কোনটি জীবাশ্ম জ্বালানির উদাহরণ?**
ক) কাঠ খ) পানি
গ) বিদ্যুৎ ঘ) কয়লা

**৯. আফ্রিকার প্রবাদ কোনটি?**
ক) যে ফুল উপহার দেয় তার হাতে কিছুটা সুগন্ধ লেগে থাকে ।
খ) যে নির্দেশ মানতে চায় না, সে নেতৃত্ব দিতেও পারে না।
গ) দশে মিলি করি কাজ, হারি জিতি নাহি লাজ।
ঘ) সময়ের এক ফোঁড়, অসময়ের দশ ফোঁড়।

**১০. প্রকল্পভিত্তিক কাজের বৈশিষ্ট্য কোনটি?**
ক) অধিক পরিমাণ তথ্য-উপাত্ত অনুপস্থিত থাকে
খ) দীর্ঘ সময় ধরে চলমান প্রক্রিয়া
গ) গবেষণা সংশ্লিষ্ট জটিল প্রশ্নের সুস্পষ্ট উত্তর থাকে না
ঘ) সক্রিয় অনুসন্ধানের প্রয়োজন নেই।

**নিচের প্রেক্ষাপকটি পড় এবং ১১ নং প্রশ্নের উত্তর দাও:**

৭ম শ্রেণির শিক্ষার্থী সাকলাইন ডকুমেন্টেশনের মাধ্যমে জানতে পারে যে, মুক্তিযুদ্ধকালীন জাতিসংঘের একটি পরিষদ পাকিস্তানের অনুকূলে প্রস্তাব উথ্থপান করলে উক্ত পরিষদের একটি স্থায়ী রাষ্ট্র দুবার ভেটো ক্ষমতা প্রয়োগ করে।

**১১. প্রেক্ষাপটে বর্ণিত উক্ত পরিষদের ক্ষমতাধর রাষ্ট্র কোনটি?**
ক) চীন খ) ফ্রান্স গ) রাশিয়া ঘ) যুক্তরাষ্ট্র

| নিচের প্রেক্ষাপটটি পড় এবং ১২ ও ১৩ নং প্রশ্নের উত্তর দাও: | ১৪. উৎপাদনের উপাদান নয় কোনটি? |
|---|---|
| নাফিসা টিভিতে একটি প্রামান্য চিত্রে দেখল যে, আমাদের দেশের একটি নদীর পানিতে প্রতিবন্ধকতা তৈরি করে দেশের বৈদ্যুতিক চাহিদা পূরণ করা হচ্ছে।<br>**১২. নাফিসার দেখা প্রামাণ্য চিত্রের নদী কোনটি?**<br>ক) পদ্মা খ) যমুনা গ) সুরমা ঘ) কর্ণফুলী<br>**১৩. পানি প্রবাহে এ ধরনের প্রতিবন্ধকতা তৈরি করলে-**<br>ক) পানীয় জলের প্রাকৃতিক উৎস উৎপন্ন হয়-<br>খ) দূরবর্তী এলাকায় সেচকার্যে ব্যবহৃত হয়<br>গ) পানির প্রবাহ স্বাভাবিক থাকে<br>ঘ) নিচের দিকের নদীগুলোতে ঠিকমতো পানি প্রবাহিত হয়না | ক) শ্রম খ) বাজার<br>গ) মূলধন ঘ) সংগঠন<br>**১৫. ইভার বাসার পাশে রুটি বানানোর একটি কারখানা আছে কারখানাটি উৎপাদনের কোন ধরণের উপাদান?**<br>ক) সংগঠন খ) শ্রম<br>গ) মূলধন ঘ) ভূমি |

**(এক কথায় উত্তর দাও)**

**প্রশ্ন -১০ টি** **পূর্ণমান: ১০**

১) বাংলাদেশের জাতীয় সংসদের মোট আসন সংখ্যা কত?

২) রুশ বিপ্লব সংঘটিত হয়েছিল কত সালে?

৩) বেজলাইন থেকে কত মাইল পর্যন্ত অঞ্চলকে "একচ্ছত্র অর্থনৈতিক অঞ্চল" (Exclusive Economic Zone) বলা হয়?

৪) কত বছর বয়স হলে একজন বাংলাদেশি নাগরিক ভোট দিতে পারেন?

৫) জর্জ হ্যাঁরিসন কোন দেশের গায়ক ছিলেন?

৬) বাংলাদেশের রাষ্ট্রপতি নির্বাচনে কে/ কারা ভোটদান করেন?

৭) এডওয়ার্ড কেনেডি কে ছিলেন?

৮) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধান কত তারিখ থেকে কার্যকর হয়?

৯) সতীদাহ বা সহমরণ প্রথা বন্ধে উদ্যোগী হন কে?

১০) উৎপাদনের উপাদান কতটি?

**সংক্ষিপ্ত প্রশ্ন ১০টি: (পূর্ণমান ১০*২=২০)**

১। বাংলা অঞ্চলে অধিক ফসল উৎপাদনের কারণ ব্যাখ্যা কর।

২। সুপ্রাচীন কাল থেকে বিভিন্ন দেশ বাংলা অঞ্চলে ব্যবসা করতে আসার কারণ ব্যাখ্যা কর।

৩। তাম্রলিপ্তি বন্দরের গুরুত্ব কমে যাওয়ার কারণ ব্যাখ্যা কর।

৪। বাংলাদেশের মহান মুক্তিযুদ্ধে অবদান রেখেছে এমন ৪ জন বিদেশি বন্ধুর নাম লেখ।

৫। ভেটো ক্ষমতা রয়েছে কয়টি দেশের? যেকোনো ২টি দেশের নাম লিখ।

৬। সংবিধান কাকে বলে?

৭। ব্লু ইকোনমি বলতে কী বুঝায়?

৮। খনিজ সম্পদ বলতে কি বুঝায়? দুটি খনিজ সম্পদের নাম লিখ?

৯। সামাজিক রীতিনীতির ৪টি বৈশিষ্ট্য লিখ।

১০। পরিবারে সম্পদের টেকসই ব্যবহারে তুমি যে পদক্ষেপ গ্রহণ কর তার মধ্যে যেকোনো দুটি উল্লেখ কর।

**ক-বিভাগ**

**রচনামূলক প্রশ্ন: (প্রেক্ষাপট বিহীন)**

**(পূর্ণমান-১৫)**

১। মুক্তিযুদ্ধে গণমাধ্যমের ভূমিকা বর্ণনা কর।

২। সমাজে প্রচলিত রীতিনীতি মেনে সুফল ব্যাখ্যা কর।

৩। ব-দ্বীপ কীভাবে গড়ে ওঠে একটি পরীক্ষণের মাধ্যমে প্রক্রিয়াটি লিখ।

**খ-বিভাগ**

**রচনামূলক প্রশ্ন: (প্রেক্ষাপট নির্ভর)**

১। শাহিন আপা ক্লাসে শিক্ষার্থীদের প্রাচীন বাংলা অঞ্চলের উল্লেখযোগ্য বাণিজ্য বন্দর নিয়ে আলোচনা করছিলেন। তিনি শিক্ষার্থীদের বললেন, প্রাচীন ভারতের রুপনারায়ন নদীর তীরে একটি সক্রিয় বন্দর ছিল কিন্তু পরবর্তীতে বন্দরটি বাণিজ্যের ক্ষেত্রে তার গুরুত্ব হারায়

অপরদিকে তিনি আরো জানালেন বাংলা অঞ্চলের পূর্বদিকে একটি বন্দর বাণিজ্যের ক্ষেত্রে কার্যকর ভূমিকা পালন করছে।

ক) প্রেক্ষাপটে বাংলা অঞ্চলের পূর্বদিকে গড়ে ওঠা বন্দরটির বর্ণনা দাও।

খ) প্রেক্ষাপটে রুপনারায়ন নদীর তীরের প্রাচীন বন্দরটি শুধু অভ্যন্তরীন নয় বরং আন্তর্জাতিক বাণিজ্যেও অবদান রেখেছিল। ব্যাখ্যা কর।

২। ফারিয়া মুক্তিযুদ্ধ বিষয়ক একটি জার্নাল পাঠের মাধ্যমে জানতে পারলো ১৯৭১ সালে একজন ব্রিটিশ সাংবাদিক দেশের প্রেক্ষাপট তুলে ধরার জন্য বাংলাদেশের প্রকৃত বন্ধু রুপে পরিগণিত হন।

ক) প্রেক্ষাপটে বর্ণিত সাংবাদিকের মুক্তিযুদ্ধকালীন অবদান বর্ণনা কর।

খ) প্রেক্ষাপটে বর্ণিত সাংবাদিক শুধু বাংলাদেশ নয় পৃথিবীর নানা প্রান্তের গণমাধ্যমে তার অবদান অপরিসীম ।ব্যাখ্যা কর।

৩। ঘটনা ১: ১২ বছর বয়সী মিতুর পরিবার তাকে তার মতের বিরুদ্ধে বিয়ে দিতে উদ্যোগী হলে সহপাঠীরা প্রশাসনের সহায়তায় বিয়ে ঠেকিয়ে দিতে সক্ষম হয়।

ঘটনা ২: আবির আজ প্রথম দিন স্কুলে যাবে। মা তাকে বার বার বলছেন, স্কুলে শিক্ষকদের সালাম দিবে। ক্লাসে শিক্ষক এলে উঠে দাঁড়াবে, জাতীয় সংগীত চলাকালীন নড়াচড়া করবে না।

ক. প্রেক্ষাপটে মিতুর সাথে সংঘটিত ঘটনাটি কীভাবে সামাজিক সচেতনতা সৃষ্টি করতে পারে? বর্ণনা দাও।

খ. প্রেক্ষাপটে আবিরের মা তাকে যে উপদেশগুলো মেনে চলতে বললেন, তা কি শুধুই রীতিনীতি? মতামত দাও।


৪। ৭ম শ্রেণির শিক্ষার্থী ফারাহ বললো, আপা আমাদের বাড়ি সাতক্ষীরা জেলায় এই এলাকার পানি পানের জন্য অযোগ্য হয়ে যাচ্ছে।

অপরদিকে রোকসানা আপা শ্রেণিতে শিক্ষার্থীদের এক ধরনের জ্বালানির কথা বলছিলেন। যা সুদীর্ঘ সময় ধরে ভূ-গর্ভে সৃষ্টি হয় । কিন্তু আমাদের দেশে এই ধরনের জ্বালানি ক্রমান্বয়ে নিঃশেষে হয়ে যাচ্ছে।

ক) প্রেক্ষাপটে ফারাহ এর এলাকার পানি পানের অযোগ্য হওয়ার কারণ বর্ণনা কর।

খ) প্রেক্ষাপটে রোকসানা আপার বর্ণিত সম্পদ ভবিষ্যৎ প্রজন্মের জন্য ঘাটতি না হয় সেই লক্ষ্যে কী ধরনের পদক্ষেপ নিতে পারি? মতামত দাও।

৫।




ক) প্রেক্ষাপটে উৎপাদনের x ও y উপাদানটির গুরুত্ব বর্ণনা কর।

খ) শরীফ সাহেবের জুলাই মাসে কৃষি পণ্য বিক্রি করে আয় হয়েছে ২৫০০০ টাকা। জুলাই মাসে তিনি জমির খাজনা দিয়েছেন ২৫০০ টাকা। ১জন দিন মজুরের  মজুরি বাবদ দেন ৩০০০ টাকা ব্যাংক ঋণের কিস্তি ৫% সুদে মূলধন দিয়েছেন ৫০০০ টাকা অন্যান্য উপকরণ বাবদ ব্যয় করেছেন ৩৭৫০ টাকা। জুলাই মাসে শরীফ সাহেবের মুনাফার পরিমাণ নির্ণয় কর।

নমুনা প্রশ্নের আলোকে নমুনা উত্তর
ইতিহাস ও সামাজিক বিজ্ঞান
সপ্তম শ্রেণি

**বহুনির্বাচনি** (MCQ) এর উত্তর

| প্রশ্ন নং | উত্তর | প্রশ্ন নং | উত্তর | প্রশ্ন নং | উত্তর |
|---|---|---|---|---|---|
| ১ | খ | ৬ | খ | ১১ | গ |
| ২ | ঘ | ৭ | খ | ১২ | ঘ |
| ৩ | গ | ৮ | ঘ | ১৩ | ঘ |
| ৪ | ক | ৯ | খ | ১৪ | খ |
| ৫ | ক | ১০ | খ | ১৫ | গ |

**এক কথায় উত্তর**

| প্রশ্ন নং | উত্তর |
|---|---|
| ১ | ৩৫০টি |
| ২ | ১৯১৭ সালে |
| ৩ | গ. সংক্ষিপ্ত উত্তর-প্রশ্ন (দৃশ্যপটবিহীন) | ৫ | ৫টি | ৫×৫=২৫ | ৪০ মিনিট | প্রযোজ্য ক্ষেত্রে<br>• জ্ঞান ও বোধগম্যতা যাচাইয়ের জন্য<br>• কোনো বিকল্প প্রশ্ন থাকবেনা |
| ৪ | ঘ. রচনামূলক প্রশ্ন-(সকল দক্ষতা স্তরের দৃশ্যপটবিহীন এবং দৃশ্যপট নির্ভর) | ১০ | ৫টি | ১০×৫ | ১১০ মিনিট | প্রযোজ্য ক্ষেত্রে<br>• জানা বিষয়কে বাস্তব পরিস্থিতিতে প্রয়োগ করতে পারার দক্ষতা (জেনে ও বুঝে প্রয়োগ করতে পারা)<br>• ইসলামের বিধি বিধানকে উপাদানে ভেঙ্গে যোগসূত্র স্থাপন করা (বিশ্লেষণ, সংশ্লেষণ)<br>• নিজের ও সমাজের করণীয় লিখতে পারা (মূল্যায়ন ও সৃজনশীলতা)<br>• প্রতিফলন<br>• সৃজন/প্রণয়নধর্মী<br>• অনুসন্ধানী<br>• চিন্তামূলক<br>• কেন্দ্রচ্যুতিমূলক<br>• কেইস স্টাডি বা বিশ্লেষণ ধরনের প্রশ্ন অন্তর্ভূক্ত থাকবে।<br>• ৮টি প্রশ্নের মধ্যে ৫টি প্রশ্নের উত্তর দিতে হবে। |
| | | | | **১০০** | **৩ ঘন্টা** | |
| | | | | | | |

*১০০ নম্বরের মধ্যে শিক্ষার্থীর প্রাপ্ত নম্বরকে ৭০% এ কনভার্ট করতে হবে।

## (ঙ) শিখনকালীন মূল্যায়ন

| আইটেমের নাম (Item type) | নির্ধারিত নম্বর |
|---|---|
| **এসাইনমেন্ট/ প্রতিবেদন**<br>**এসাইনমেন্ট নমুনা: (একক কাজ)** আল্লাহর ৯৯টি গুণবাচক নামের একটি সুন্দর তালিকা প্রণয়ন। (পাঠ্যপুস্তক, পৃষ্ঠা নং ১৩) | ১০ |
| **শ্রেণির কাজ**<br>(পাঠ্যপুস্তকে সন্নিবেশিত একক ও দলগত কাজ, ছক পূরণ, বক্স পূরণ, ফ্লো চার্ট অংকন) - একটি করে নমুনা সহ<br>**নমুনা: (দলগত কাজ)** শিক্ষার্থীরা কয়েকটি ছোট দলে বিভক্ত হয়ে ইসলামে সম্প্রীতির শিক্ষার সারকথা পয়েন্ট আকারে পোস্টারে লিখে স্কুলের সুবিধাজনক স্থানে প্রদর্শন করবে। (পাঠ্যপুস্তক, পৃষ্ঠা নং ১০৪) | ১০ |
| **ব্যবহারিক কাজ বা অনুশীলন**<br>সিলেবাসের সূরাসমূহ তিলাওয়াত/ সালাত ও হজের কার্যক্রম অনুশীলন<br>**নমুনা:** সূরা আন-নাসর বিশুদ্ধ তিলাওয়াত করে শোনাও। (পাঠ্যপুস্তক, পৃষ্ঠা নং ৬৭) | ১০ |
| মোট | ৩০ |

বি. দ্র: : *(ক) শিখনকালীন মূল্যায়ন কার্যক্রম সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের বার্ষিক পরীক্ষা অনুষ্ঠিত হওয়ার পূর্বেই সম্পন্ন করতে হবে।

(খ) শিখনকালীন মূল্যায়নের জন্য সংগৃহীত রেকর্ডসমূহের কপি যথাযথভাবে সংরক্ষণ করতে হবে।

(গ) শিখনকালীন মূল্যায়ন পরিচালনার জন্য বিষয়ভিত্তিক নির্দেশনাসমূহ যথাযথভাবে অনুসরণ করতে হবে।

## চ) নমুনা প্রশ্নপত্র

> এটি একটি নমুনা প্রশ্নপত্র। এই নমুনা প্রশ্নপত্রের আলোকে আপনি এই বিষয়ে আপনার স্বকীয় প্রশ্নপত্র তৈরি করবেন। কোনোভাবেই নমুনা প্রশ্নপত্র হুবহু ব্যবহার করা যাবে না।

বার্ষিক সামষ্টিক মূল্যায়ন-২০২৪

বিষয়: ইসলাম শিক্ষা

শ্রেণি: সপ্তম

সময়: ৩ ঘন্টা

পূর্ণমান: ১০০

[প্রতিটি প্রশ্নের মান ডান পাশে দেখানো হয়েছে]

**বিভাগ-ক (বহুনির্বাচনী প্রশ্ন)** **(১×১৫=১৫)**

**নিচের প্রশ্নগুলোর উত্তর খাতায় লিখ**

| | প্রশ্ন | | সঠিক উত্তর |
|---|---|---|---|
| ১. | একজন মুসলিমকে ইসলামের মৌলিক কয়টি বিষয়ে ইমান আনতে হয়? | | (৭টি) |
| | (ক) ৫টি | (খ) ৬টি | |
| | (গ) ৭টি | (ঘ) ৮টি | |
| ২. | ‘খালিকুন’ শব্দের অর্থ______________ । | | |
| | (ক) অধিপতি | (খ) সৃষ্টিকর্তা | (সৃষ্টিকর্তা) |
| | (গ) রাজাধিরাজ | (ঘ) সৃষ্টবস্তু | |
| ৩. | ‘নিশ্চয় আল্লাহ সবকিছু জানেন, সমস্ত খবর রাখেন’ -এটি কোন সূরার কত নং আয়াত? | | (সূরা আল- হুজুরাত-১৩) |
| | (ক) সূরা আল-বাকারা-০৮ | (খ) সূরা আল- হুজুরাত-১৩ | |
| | (গ) সূরা আনফাল-১০ | (ঘ) সূরা আন নিসা-০৯ | |
| ৪. | ব্যাকরণে আল্লাহ শব্দটি কোন পদ? | | (বিশেষ্য পদ) |
| | (ক) বিশেষ্য পদ | (খ) বিশেষণ পদ | |
| | (গ) ক্রিয়া পদ | (ঘ) অব্যয় পদ | |
| ৫. | ‘যদি মানুষ কেবল সূরা আল আসর সম্পর্কে চিন্তা করতো তবে এটি তাদের জন্য যথেষ্ট ছিলো’- এটি কার বাণী? | | (ইমাম শাফিয়ী (রহ.) |
| | (ক) ইমাম আবু হানিফা (রহ.) | (খ) ইমাম শাফিয়ী (রহ.) | |
| | (গ) ইমাম মালেক (রহ.) | (ঘ) ইমাম গাযালি (রহ.) | |
| ৬. | জাহান্নামের রক্ষণাবেক্ষণকারী ফেরেশতার নাম কী? | | (মালেক) |
| | (ক) মালেক | (খ) রেদওয়ান | |
| | (গ) আজরাইল | (ঘ) জিবরাইল | |
| ৭. | কুরাইশি আরবি ভাষায় ওহি প্রাপ্ত প্রথম নবি_____। | | [হযরত ইসমাইল (আ.)] |
| | (ক) হযরত নূহ (আ.) | (খ) হযরত ইসমাইল (আ.) | |

(গ) হযরত ইবরাহিম (আ.) (ঘ) হযরত মুহাম্মাদ (সা.)

৮. আবুল আরাব উপাধি__________ । [হযরত ইসমাইল (আ.) এর]

(ক) হযরত ইসমাইল (আ.) (খ) হযরত নূহ (আ.)

(গ) হযরত মুহাম্মাদ (সা.) (ঘ) হযরত ঈসা (আ.)

৯. কোন যুদ্ধে হযরত আয়েশা (রা.) মহানবি হযরত মুহাম্মাদ (সা.)- এর সফরসঙ্গি ছিলেন? (বনু মুস্তালিক যুদ্ধ)

(ক) বদর যুদ্ধ (খ) ওহুদ যুদ্ধ

(গ) খন্দক যুদ্ধ (ঘ) বনু মুস্তালিক যুদ্ধ

১০. হযরত আয়েশা (রা.) থেকে বর্ণিত হাদিসের সংখ্যা কতটি? (২২১০টি)

(ক) ২২১০ টি (খ) ২২২০ টি

(গ) ২২৫০ টি (ঘ) ২২৮০ টি

১১. 'আপনি মানুষকে দলে দলে আল্লাহর দ্বীনে প্রবেশ করতে দেখবেন'- এটি কোন সূরার আয়াত? (সূরা আন-নাসর)

(ক) সূরা আল-লাহাব (খ) সূরা আন-নাসর

(গ) সূরা আল-কাফিরুন (ঘ) সূরা আল-আসর

১২. তাওয়াবুন শব্দের অর্থ কী? (তওবা কবুলকারী)

(ক) তওবা (খ) তওবা কবুলকারী

(গ) তওবাকারী (ঘ) তওবা করা

১৩ ইমাম বুখারি (রহ.) কত বছর সাধনা করে বিশ্ব বিখ্যাত সহিহ আল বুখারি গ্রন্থ সংকলন করেন? (১৬ বছর)

(ক) ১৬ বছর (খ) ১৭ বছর

(গ) ১৮ বছর (ঘ) ২০ বছর

১৪. 'আল্লাহ তায়ালা বিনম্র, তিনি নম্রতা পছন্দ করেন'-কোন হাদিসে এসেছে? (মুসলিম)

(ক) বুখারি (খ) আবু দাউদ

(গ) ইবনে মাজাহ (ঘ) মুসলিম

১৫. মহানবি (সা.) কাদের সাথে যুদ্ধ করার জন্য 'মাহারিবে খাসফা' নামক স্থানে অবস্থান করেছিলেন? (বনু গাতফানের সাথে)

(ক) বনু গাতফানের সাথে (খ) বনু সা'দ এর সাথে

(গ) বনু কাবের সাথে (ঘ) বনু কালবের সাথে

## বিভাগ-খ (এক কথায় উত্তর) (১×১০=১০)

**নিচের প্রশ্নগুলোর উত্তর খাতায় লিখ**

১. 'আমিই কুরআন অবতীর্ণ করেছি এবং আমি এর সংরক্ষক'- কোন সূরার বাণী? (সূরা আল-হিজর)

২. 'মুহাইমিনু' শব্দের একটি অর্থ লিখ। (রক্ষক/রক্ষণাবেক্ষণকারী/ হেফাজতকারী)

| | | |
|---|---|---|
| ৩. | কোন ইবাদাত পালনের বিধান পূর্ববর্তী সকল উম্মতের জন্য অপরিহার্য ছিলো? | (সাওম) |
| ৪. | সাদাকাতুল ফিতর আদায় করা কী? | (ওয়াজিব) |
| ৫. | শিরক ও কুফরের প্রতি অসন্তুষ্টি প্রকাশ করা হয়েছে কোন সূরায়? | (সূরা আল-কাফিরুন) |
| ৬. | 'প্রতিটি প্রাণীর প্রতি দয়া প্রকাশ করা পুরস্কার পাওয়ার মতো কাজ' এ উক্তিটি কার? | (উমর (রা.) -এর ) |
| ৭. | পরোপকারকে আরবিতে কী বলা হয়? | (ইহসান) |
| ৮. | উম্মুল মুমিনিন হযরত আয়েশা (রা.) এর ওপর অপবাদ আরোপকারীদের প্রধান কে ? | (আব্দুল্লাহ ইবনে উবাই) |
| ৯. | রাসুলুল্লাহ (সা.) কত বছর গোপনে ইসলামের দাওয়াত দিয়েছেন? | (তিন বছর) |
| ১০. | কাকে 'গরিবে নেওয়াজ' বলা হয়? | [খাজা মুঈন উদ্দীন চিশতী (রহ.)-কে] |

## বিভাগ-গ (সংক্ষিপ্ত উত্তর প্রশ্ন)

**নিচের প্রশ্নগুলোর সংক্ষেপে উত্তর দাও** **(৫×৫=২৫)**

| | | |
|---|---|---|
| ১. | 'আল্লাহু গাফুরুন' অর্থ কী? আল্লাহর এ গুণটি তুমি কীভাবে অনুসরণ করবে? (২+৩) | ৫ |
| ২. | ইতিকাফ পালনের নিয়মাবলী লেখ। | ৫ |
| ৩. | 'মহাকালের শপথ' করা হয়েছে কোন সূরায়? এ সূরা থেকে তুমি কী শিখতে পারবে? (১+৪) | ৫ |
| ৪. | যাকাত কী? যাকাত ফরজ হওয়ার শর্তগুলো লেখ? (২+৩) | ৫ |
| ৫. | হিংসা কী? হিংসা পরিত্যাগের উপায় কী? (২+৩) | ৫ |

## বিভাগ-ঘ (রচনামূলক প্রশ্ন)

**যেকোন ৫টি প্রশ্নের উত্তর দাও** **(৫×১০=৫০)**

| | | |
|---|---|---|
| ১. | তোমার চারপাশের পরিবেশ ও সৃষ্ট জীব থেকে আল্লাহর অস্তিত্ব ও একত্ববাদের যে প্রমাণ পাও ইসলামের আলোকে তা বিশ্লেষণ করো। | ১০ |
| ২. | তোমার এলাকায় বন্যা কবলিত মানুষের পুনর্বাসনের জন্য অর্থনৈতিক সহায়তায় ইসলামের কোন মৌলিক বিধানটি কার্যকর ভূমিকা রাখতে পারে এবং কীভাবে? এ বিষয়ে একটি প্রতিবেদন তৈরি করো। (১+৯) | ১০ |
| ৩. | সমাজের লোকদের মাঝে পারস্পরিক সহানুভূতি ও সহমর্মিতা সৃষ্টিতে সাওম এর ভূমিকা অপরিসীম। যুক্তিসহ ব্যাখ্যা করো। | ১০ |
| ৪. | সূরা আল-আসর আল-কুরআনের একটি অন্যতম ছোট সূরা হলেও দুনিয়া এবং আখিরাত জীবনের সফলতায় এ সূরাটি অত্যন্ত গুরুত্বপূর্ণ। উক্তিটি নিজের ভাষায় ব্যাখ্যা করো। | ১০ |
| ৫. | উত্তম চরিত্রের ধারণা দাও। উত্তম চরিত্র গঠনে তোমার করণীয়গুলো চিহ্নিত করে একটি কর্ম পরিকল্পনা প্রণয়ন করো। (৩+৭) | ১০ |

৬. বিনয় ও নম্রতা বলতে কী বোঝায়? বিনয় ও নম্রতার মূর্তপ্রতীক ছিলেন হযরত মুহাম্মাদ (সা.)- ব্যাখ্যা করো। (৩+৭) ১০

৭. যেসব কাজ বা আচরণের মাধ্যমে অহংকার প্রকাশ পায় তার একটি তালিকা তৈরি করে সেসব কাজ থেকে মুক্ত থাকার উপায় চিহ্নিত করো। (৪+৬) ১০

৮. হযরত আয়েশা (রা.) এর পরিচয় দাও। উত্তম চরিত্র গঠনে হযরত আয়েশা সিদ্দিকা (রা.)-এর চারিত্রিক মাধুর্য তুমি কীভাবে অনুকরণ করবে? (৩+৭) ১০

**(ছ) মূল্যায়ন নির্দেশনা (রুব্রিক্স)**

**প্রশ্ন ৩:** সমাজের লোকদের পারস্পরিক সহানুভূতি ও সহমর্মিতা সৃষ্টিতে সাওম কী ভূমিকা পালন করতে পারে? যুক্তিসহ ব্যাখ্যা কর।

| **মূল্যায়ন নির্দেশনা (রুব্রিক্স)** | | | | | | | প্রাপ্ত নম্বর | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| নির্দেশক | | পারদর্শিতার মাত্রা/নম্বর | | | | | | |
| | | ৪ | ৩ | ২ | ১ | | | |
| ক | সাওমের পরিচয় | | সাওমের পরিচয় কুরআনের বাণীসহ যথাযথভাবে লিখতে পারলে | সাওমের পরিচয় লিখতে পারলে | সাওমের পরিচয় আংশিকভাবে লিখতে পারলে | | ৩ | |
| খ | পারস্পরিক সহানূভূতি ও সহমর্মিতা সৃষ্টিতে সাওমের ভূমিকা | কুরআন ও হাদিসের বাণীসহ লিখতে পারলে | কুরআন ও হাদিসের বাণী ছাড়া লিখলে | যথাযথভাবে লিখতে পারলে | আংশিকভাবে লিখতে পারলে | | ৪ | |
| গ | সাওমের মাধ্যমে ধনী দরিদ্রের বৈষম্য দূরীকরণ | | অভিজ্ঞতার আলোকে উদাহরণ দিয়ে যথাযথভাবে লিখতে পারলে | যথাযথভাবে লিখতে পারলে | আংশিকভাবে লিখতে পারলে | | ৩ | |
| | | | | | | মোট | ১০ | |

# ২০২৪ শিক্ষাবর্ষের বার্ষিক সামষ্টিক মূল্যায়নের বিষয়ভিত্তিক নির্দেশনা

## বিষয়: জীবন ও জীবিকা

## শ্রেণি: সপ্তম

**(ক) প্রশ্ন প্রণয়নের ক্ষেত্রে লক্ষ্যণীয়**

- বার্ষিক মূল্যায়নের জন্য নির্ধারিত সিলেবাসের ভিত্তিতে প্রশ্ন প্রণয়ন করতে হবে; প্রতিটি অভিজ্ঞতা থেকে প্রশ্ন থাকতে হবে।
- বিষয়ভিত্তিক নির্দেশনায় উল্লিখিত মানবন্টন ও ধরন অনুসরণ করে প্রশ্ন প্রণয়ন করতে হবে।
- বহুনির্বাচনি প্রশ্নের ক্ষেত্রে সরাসরি পাঠ্যপুস্তক থেকে লাইন উল্লেখ করে প্রশ্ন দেওয়া যাবে না। এমন প্রশ্ন করতে হবে যেন উত্তর দেওয়ার ক্ষেত্রে শিক্ষার্থীকে ভাবতে বা চিন্তা করতে হয়। তবে অপশনের ক্ষেত্রে একটিই সঠিক উত্তর থাকবে, একের অধিক উত্তর রাখা যাবে না।
- কোনো প্রশ্নে 'না' বোধক উত্তর চাওয়া হলে সেটির ক্ষেত্রে উল্লিখিত শব্দটি গাঢ় (বোল্ড) অথবা নিচে দাগ (আন্ডারলাইন) করে দিতে হবে, যাতে শিক্ষার্থীর নজর এড়িয়ে না যায় (যেমন, কোনটি **পরিত্যাজ্য,** কোনটি **নয়**, ইত্যাদি ক্ষেত্রে)
- এক কথায় উত্তরের ক্ষেত্রে প্রশ্নটি এমনভাবে করতে হবে, যেন এক বা দুই শব্দে শিক্ষার্থী উত্তর প্রদান করতে পারে (জ্ঞানমূলক বা তথ্যনির্ভর প্রশ্ন হতে পারে)।
- সংক্ষিপ্ত প্রশ্নগুলোর ক্ষেত্রেও লক্ষ্য রাখতে হবে যেন উত্তর সংক্ষিপ্ত হয় এবং এমন প্রশ্ন হতে হবে যেন সকল শিক্ষার্থী প্রায় একই ধরনের উত্তর প্রদান করে (জ্ঞানমূলক ও অনুধাবনমূলক, যেমন- ... ... ... কী, উদাহরণ দাও, ইত্যাদি)।
- বিস্তারিত উত্তর প্রশ্নের ক্ষেত্রে কোনো দৃশ্যপট উল্লেখ করার প্রয়োজন নেই। প্রশ্ন এমন হতে হবে যেন পাঠ্যপুস্তকে সন্নিবেশিত ব্যাখ্যা ও উদাহরণের আলোকে উত্তর প্রদান করতে পারে।
- শিক্ষার্থী ইতোপূর্বে পাঠ্যপুস্তকে সন্নিবেশিত যেসব অভিজ্ঞতা সম্পন্ন করেছে, তার আলোকে দৃশ্যপটনির্ভর প্রশ্ন করতে হবে।এক্ষেত্রে লক্ষ্য রাখতে হবে, প্রশ্ন যাতে হুবহু মিলে না যায়। অর্থাৎ পাঠ্যপুস্তকে সন্নিবেশিত কার্যক্রমের মাধ্যমে অর্জিত অভিজ্ঞতাকে কাজে লাগিয়ে শিক্ষার্থী উত্তর দিবে, তবে উদাহরণের পুনরাবৃত্তি হবে না, সম্পূর্ণ নতুন পরিস্থিতি বা ভিন্নধর্মী প্রেক্ষিত হতে হবে।

**(খ) বার্ষিক পরীক্ষার পাঠ্যক্রম/সিলেবাস**

| ক্রমিক নম্বর | অভিজ্ঞতার নাম | পৃষ্ঠা |
|---|---|---|
| ০১ | আগামীর স্বপ্ন | ৩৯-৫৬ |
| ০২ | আর্থিক ভাবনা | ৫৭-৭৮ |
| ০৩ | আমার জীবন আমার লক্ষ্য | ৭৯-৯৬ |
| ০৪ | দশে মিলি করি কাজ | ৯৭-১১২ |
| ০৫ | স্কিল কোর্স ২; কেয়ার গিভিং ১ | ১৪৯-১৬৬ |

(গ) মূল্যায়ন কাঠামো

| শিখনকালীন | সামষ্টিক |
|---|---|
| ৩০% | ৭০% |

**(ঘ) শিখনকালীন মূল্যায়ন**

| আইটেমের নাম (Item type) | নির্ধারিত নম্বর | নির্দেশনা |
|---|---|---|
| অ্যাসাইনমেন্ট/ব্যাবহারিক কাজ (Assignment/Practical work)<br>**নমুনা:**<br>• অ্যাসাইনমেন্ট: পাঠ্যপুস্তকের পৃষ্ঠা ৯২, ৫২, ৮৬, তে দেওয়া একক কাজ,<br>• ব্যাবহারিক কাজ: পাঠ্যপুস্তকের পৃষ্ঠা ৫৩, ১৫৮ | ১০ | শিক্ষক প্রতিটি ক্যাটাগরিতে উল্লিখিত নমুনা কাজগুলো থেকে এক বা একাধিক কাজ শিখনকালীন মূল্যায়নের জন্য বেছে নিতে পারেন। অথবা নিজেদের সুযোগ সুবিধা অনুযায়ী সবকটি কাজও সম্পন্ন করতে পারেন। তবে সেক্ষেত্রে ক্যাটাগরি অনুযায়ী নির্ধারিত সবগুলো কাজের গড় নম্বরকে ৩০ নম্বরের মধ্যে উল্লেখ করা যেতে পারে। |
| অনুসন্ধানমূলক কাজ/প্রকল্প/প্রতিবেদন উপস্থাপন (inventory work, project proposal, report presentation)<br>**নমুনা:**<br>• প্রকল্প/প্রজেক্ট: পাঠ্যপুস্তকের পৃষ্ঠা ১০৮,১৬৩ তে দেওয়া কাজ<br>• অনুসন্ধানমূলক কাজ: পাঠ্যপুস্তকের পৃষ্ঠা ৬৬,৭৩ তে দেওয়া একক কাজ | ১০ | |
| শ্রেণির কাজ (পাঠ্যপুস্তকে সন্নিবেশিত একক ও দলগত কাজ, ছক পূরণ, বক্স পূরণ, ফ্লোচার্ট অংকন) | ১০ | |

**(ঙ) সামষ্টিক মূল্যায়ন: প্রশ্নের ধারা ও মানবণ্টন**

| বিভাগ | আইটেমের নাম | | প্রশ্নপত্রে মোট প্রশ্নের সংখ্যা | উত্তর দিতে হবে | প্রতি প্রশ্নে নম্বর | মোট নম্বর | সময় |
|---|---|---|---|---|---|---|---|
| ক | নৈর্ব্যক্তিক প্রশ্ন | বহুনির্বাচনি প্রশ্ন | ১৫ টি | ১৫ টি | ১ | ১×১৫=১৫ | ৩ ঘন্টা |
| | | এক কথায় উত্তর প্রশ্ন | ১০ টি | ১০ টি | ১ | ১×১০=১০ | |
| খ | সংক্ষিপ্ত-উত্তর প্রশ্ন | | ১০ টি | ১০ টি | ২ | ২×১০=২০ | |
| গ | রচনামূলক প্রশ্ন (দৃশ্যপটবিহীন) | | ৫ টি | ৩ টি | ৫ | ৫×৩=১৫ | |
| ঘ | রচনামূলক প্রশ্ন (দৃশ্যপটনির্ভর) প্রতিটি দৃশ্যপটের বিপরীতে দুটি অংশ থাকবে | | ৭ টি | ৫ টি | (৪+৪)=৮ | ৮×৫=৪০ | |
| | | | | | মোট | ১০০ | |

*১০০ নম্বরের মধ্যে প্রাপ্ত নম্বরকে ৭০% এ কনভার্ট করা হবে।

**(চ) এটি একটি নমুনা প্রশ্নপত্র। এই নমুনা প্রশ্নপত্রের আলোকে আপনি এই বিষয়ে আপনার স্বকীয় প্রশ্নপত্র তৈরি করবেন। কোনোভাবেই নমুনা প্রশ্নপত্র হুবহু ব্যবহার করা যাবে না।**

# বার্ষিক সামষ্টিক মূল্যায়ন ২০২৪

## বিষয়: জীবন ও জীবিকা

শ্রেণি: সপ্তম

পূর্ণমান: ১০০ সময়: ৩ ঘণ্টা

---

## ক বিভাগ: নৈর্ব্যক্তিক

বহু নির্বাচনী প্রশ্ন: সঠিক উত্তর চিহ্নিত করে খাতায় লিখ (১-১৫ পর্যন্ত)। **১×১৫=১৫**

১। লেনদেনের যৌক্তিক আচরণ কোনটি?

(ক) মূল্য বেশি হলেই জিনিস ভালো হবে ধরে নেওয়া
(খ) প্রয়োজনের অতিরিক্ত জিনিস না কেনা
(গ) অন্যের দ্বারা প্রভাবিত হয়ে লেনদেন করা
(ঘ) কম দামে জিনিস কেনার সময় ভালো-মন্দ যাচাই না করা

২। কোনটি পরিকল্পনার বৈশিষ্ট্য **নয়**?

(ক) সমন্বয় ও যোগসূত্র (খ) বাস্তবমুখীতা
(গ) অনমনীয়তা (ঘ) গ্রহণযোগ্যতা

৩। যোগাযোগ দক্ষতা হলো-

(ক) নিজেকে অতিরিক্ত জাহির করা (খ) অন্যের কথায় মনোযোগ না দেওয়া
(গ) সঠিকভাবে তথ্য আদান-প্রদান করতে পারা (ঘ) অন্যের উপর নিজের মত চাপিয়ে দেওয়া

৪। নিচের কোনটি পরিকল্পনার বৈশিষ্ট্য?

(ক) বাস্তবমুখীতা (খ) অপ্রাসঙ্গিকতা
(গ) প্রতিবন্ধকতা (ঘ) চ্যালেন্জ

৫। যোগ্যতার উপাদান **নয়** কোনটি?

(ক) জ্ঞান (খ) দক্ষতা
(গ) মূল্যবোধ (ঘ) নমনীয়তা

৬। সলিউশন ফ্লুয়েন্সির ধাপসমূহ কী নামে পরিচিত?

(ক) 5Ds (খ) 6Ds
(গ) 7Ds (ঘ) 8Ds

৭। অনলাইন প্লাটফর্মে নিরাপত্তার নিশ্চিত করে কোন প্রযুক্তি?

(ক) সাইবার সিকিউরিটি (খ) আইওটি
(গ) বিগ ডাটা (ঘ) অগমেন্টেড রিয়েলিটি

৮। জীবনের লক্ষ্য নির্বাচনে কোন ধরনের সহায়তা গুরুত্বপুর্ণ?

(ক) রাষ্ট্রীয় (খ) সামাজিক
(গ) অর্থনৈতিক (ঘ) সবগুলো

৯। IOT প্রযুক্তি ব্যবহারে নিচের কোনটি প্রয়োজন?

(ক) ইন্টারনেট (খ) মডেম

(গ) ক্যাবল (ঘ) রাউটার

১০। লক্ষ্যে পৌঁছানোর মূল চাবিকাঠি কোনটি?

(ক) নিষ্ঠা, একাগ্রতা, পরিশ্রম, (খ) নিজের দুর্বলতা খুঁজে হতাশ হওয়া

(গ) আগ্রহের পিছনের পটভূমি নির্বাচন (ঘ) নিরিবিলি চিন্তা ভাবনা করা

১১। সামাজিক পরিচর্যা কোনটি?

(ক) পত্রিকা পড়ে শুনানো (খ) ডায়াবেটিস ও প্রেশার মাপা

(গ) খোলা মাঠে বেড়াতে নিয়ে যাওয়া (ঘ) বিছানা থেকে উঠানো বা তোলা

১২। কেউ সমস্যায় পড়লে আমাদের কী করা উচিত?

(ক) চাচা আপন প্রাণ বাঁচা বলে এড়িয়ে যাওয়া (খ) মানুষের সমস্যা নিয়ে হাসাহাসি করা

(গ) সবার বিপদে এগিয়ে যাওয়া (ঘ) না দেখার ভান করা

১৩। জীবনের লক্ষ্য নির্বাচনে নিম্নের কোন বিষয়টির গুরুত্বপূর্ণ প্রভাব রয়েছে?

(ক) সম্পদের প্রাচুর্য (খ) অন্যের দ্বারা প্রভাবিত হওয়া

(গ) পারিবারিক সামর্থ্য, মূল্যবোধ ও দৃষ্টিভঙ্গি (ঘ) নিজের অক্ষমতা

১৪। কোনটি লেনদেন **নয়**?

(ক) তোমার বন্ধু একটি কলম উপহার দিলো (খ) বই ক্রয়ের পর বিক্রেতাকে ১০০ টাকা প্রদান

(গ) আইসক্রিম ক্রয় করে বিক্রেতাকে ২০ টাকা প্রদান (ঘ) রিকশাওয়ালাকে যাতায়াতের ভাড়া প্রদান

১৫। IOT এর পূর্ণরূপ কী?

(ক) Information of Things (খ) Internet of Things

(গ) Information of Technology (ঘ) Internet for Things

এক কথায় উত্তর প্রশ্ন: প্রতিটি প্রশ্নের উওর দাও। ১×১০=১০

১৬..থার্মোমিটারে ব্যবহৃত তরল পদার্থের নাম কি?

১৭. পরিষ্কারের জন্য কত সময় ধরে হাত ধোয়ার কাজ করতে হয়?

১৮. কত সালে জাতীয় প্রবীণ নীতিমালা অনুমোদন করা হয়?

১৯. দীর্ঘমেয়াদি পরিকল্পনা সাধারণত কত বছরের জন্য করা হয়?

২০. কোন যোগাযোগে ভুল বোঝাবুঝির অবকাশ থাকে না?

২১. কেয়ার গিভিং এ কাজের ক্ষেত্র কয়টি?

২২. নৈতিকতার সাথে লেনদেন করলে কী লাভ ?

২৩. কেয়ার গিভিং কোন ধরনের কাজ?

২৪. কৃত্তিম বুদ্ধিমত্তা প্রযুক্তি কিসের মাধ্যমে কাজ করে?

২৫. কোন প্রযুক্তি ব্যবহার করে বিশাল পরিধির অগোছালো তথ্যকে সাজানো যায়?

## খ বিভাগ : সংক্ষিপ্ত-উত্তর প্রশ্ন

নিচের প্রশ্নগুলোর উত্তর দাও। প্রতিটি প্রশ্নের মান ২। ২×১০=২০

১। যোগাযোগ দক্ষতা বলতে কী বুঝায়?

২। সাইবার সিকিউরিটির ২টি কাজ উল্লেখ করো।

৩। ডিজিটাল মার্কেটিং বলতে কী বুঝায়?

৪। লেনদেনের ক্ষেত্রে লক্ষণীয় ও অনুসরণীয় ৪টি বিষয় উল্লেখ কর।

৫। লেনদেনের নৈতিকতার একটি উদাহরণ দাও।

৬। লক্ষ্য বলতে কী বুঝায়?

৭। SWOT এর পূর্ণরূপ কী?

৮। কেয়ার গিভারের ২টি কাজ উল্লেখ করো।

৯। লেনদেন ও লেনদেন নয় এমন দুইটি উদাহরণ দাও।

১০। 6Ds অনুযায়ী সমস্যা সমাধানের ধাপগুলোর নাম লিখ।

## গ বিভাগ : রচনামূলক প্রশ্ন (দৃশ্যপটবিহীন)

নিচের প্রশ্নগুলো থেকে যেকোনো ৩ টির উত্তর দাও। প্রতিটি প্রশ্নের মান ৫। ৫×৩=১৫

১। সমস্যা সমাধানে সলিউশন ফ্লুয়েন্সির ধাপগুলো উদাহরণসহ ব্যাখ্যা করো।

২। দেহের তাপমাত্রা পরিমাপ করার পদ্ধতি ধারাবাহিকভাবে উল্লেখ করো।

৩। IOT প্রযুক্তিটি একটি উদাহরণের মাধ্যমে ব্যাখ্যা করো।

৪। ..............

৫। ...............

## ঘ বিভাগ : রচনামূলক প্রশ্ন (দৃশ্যপটনির্ভর)

দৃশ্যপটের আলোকে সন্নিবেশিত প্রশ্নগুলোর যেকোনো ৫টির উত্তর দাও। প্রতিটি প্রশ্নে দুটি করে অংশ রয়েছে। প্রতি প্রশ্নের মান (৪+৪)=৮ । ৮(৪+৪))×৫=৪০

১। মনে করো তুমি ভবিষ্যতে একজন সামাজিক উদ্যোক্তা হতে চাও। প্রথমে তোমাকে লক্ষ্য নির্বাচন করতে হবে। তোমার এই লক্ষ্য বা স্বপ্নকে সফল করার জন্য একটি সুন্দর, যৌক্তিক পরিকল্পনা গ্রহণ করা প্রয়োজন।

(ক) তোমার লক্ষ্য নির্বাচনের ক্ষেত্রে SWOT অ্যানালাইসিস করো।

(খ) SWOT অ্যানালাইসিস তোমার পরিকল্পনা বাস্তবায়নে কীভাবে সহায়তা করবে ব্যাখ্যা করো।

২। স্বপ্নার বাবা একজন ব্যবসায়ী। তিনি আড়ত থেকে পাইকা্রি সবজি ক্রয় করে খুচরা বাজারে বিক্রয় করেন। সেখান থেকে প্রাপ্ত আয় দিয়ে তিনি সংসারের খরচ নির্বাহ করেন।

(ক) স্বপ্নার বাবার লেনদেনের ক্ষেত্রে যৌক্তিকতা বজায়ে কী কী কাজ করা প্রয়োজন ?-ব্যাখ্যা করো।

(খ) নৈতিকভাবে আর্থিক লেনদেন সম্পূর্ণ করার ক্ষেত্রে তাকে কোন নীতিমালা মেনে চলতে হবে? উদাহরণসহ ব্যাখ্যা করো।

৩। হঠাৎ বাবা মারা যাওয়ায় সাদিয়াদের পরিবার দিশেহারা হয়ে পড়ে। একদিন তার মা তাদের দুই ভাই-বোনকে পিঠা বানিয়ে খেতে দিলে তার মাথায় পিঠা বিক্রির একটি আইডিয়া চলে আসে। এখন সাদিয়া এবং তার মা পিঠা বানিয়ে দোকানে বিক্রি করে এবং অনলাইনে অর্ডার নিয়ে তা সরবরাহ করে বেশ আয় করছে।

(ক) সাদিয়ার স্বপ্ন বাস্তবায়নে একটি দীর্ঘমেয়াদি পরিকল্পনা তৈরি করো।

(খ) উল্লিখিত পরিকল্পনা বাস্তবায়নে সুযোগ এবং চ্যালেঞ্জগুলো চিহ্নিত করো।

৪। কেয়ার গিভিং একটি সেবামূলক কার্যক্রম। মনে কর, তুমি একটি কেয়ার গিভিং ক্যাম্পেইন আয়োজনের দায়িত্ব পেয়েছো। ক্যাম্পেইনটি সুষ্ঠুভাবে পরিচালনা করতে তোমাকে আগে থেকেই পরিকল্পনা গ্রহণ করতে হবে। এবং সে অনুযায়ী বিভিন্ন কার্যক্রম সম্পন্ন করতে হবে।

(ক) উল্লিখিত কেয়ার গিভিং ক্যাম্পেইন পরিচালনার জন্য কী কী বিষয় লক্ষ্ রাখতে হবে তার তালিকা তৈরি করো।

(খ) বর্তমান প্রেক্ষাপটে এই ধরনের ক্যাম্পেইনের প্রয়োজনীয়তা দিন দিন বাড়ছে কেন?-ব্যাখ্যা করো।

৫। শীতের মৌসুমে তমাল তার বাবার সাথে তাদের গ্রামের বাজারে গিয়ে দেখতে পেলো, বাজারে বেশ কিছু সাদা অতিথি পাখি উঠেছে। তমালের বাবা সেই পাখি কিনতে চাইলে তমাল বাবাকে তা কিনতে মানা করে। তমালের কথা শুনে বাবা পাখি না কিনে ফিরে এলেন।

(ক) তমাল কেন তার বাবাকে অতিথি পাখি কিনতে নিষেধ করল? তার যৌক্তিকতা ব্যাখ্যা করো।

(খ) অতিথি পাখি সংরক্ষণে তুমি তোমার এলাকায় কী কী পদক্ষেপ নিতে পারো ব্যাখ্যা করো।

**দৃশ্যপট- ৬**

**...............................**

...............................

**দৃশ্যপট- ৭**

**.............................**

.............................

(ছ) নমুনা প্রশ্নের আলোকে উত্তর

**বহুনির্বাচনী প্রশ্নের (MCQ) এর উত্তর**

| প্রশ্ন নং | উত্তর | প্রশ্ন নং | উত্তর | প্রশ্ন নং | উত্তর |
|---|---|---|---|---|---|
| ০১ | খ | ০৬ | খ | ১১ | গ |
| ০২ | গ | ০৭ | ক | ১২ | গ |
| ০৩ | গ | ০৮ | গ | ১৩ | গ |
| ০৪ | ক | ০৯ | ক | ১৪ | ক |
| ০৫ | ঘ | ১০ | ক | ১৫ | খ |

**এক কথায় প্রশ্নের উত্তর**

| প্রশ্ন নং | উত্তর | প্রশ্ন নং | উত্তর |
|---|---|---|---|
| ১৬ | পারদ | ২১ | ৩টি |
| ১৭ | ২০ সেকেন্ড | ২২ | গ্রহণযোগ্যতা অথবা সুনাম বৃদ্ধি |
| ১৮ | ২০১৩ | ২৩ | সেবামূলক |
| ১৯ | ৫ বছরের অধিক | ২৪ | কম্পিউটার প্রোগ্রাম |
| ২০ | কার্যকর | ২৫ | বিগ ডাটা |

দৃশ্যপটনির্ভর রচনামূলক প্রশ্নের নম্বর প্রদান নির্দেশিকা

| প্রশ্ন নং | উত্তরের নম্বর | নম্বর প্রদানের রুব্রিক্স |
|---|---|---|
| ১। ক। তোমার লক্ষ্য নির্বাচনের ক্ষেত্রে SWOT অ্যানালাইসিস করো। | ৪ | SWOT অ্যানালাইসিস ৪ টি বর্ণের যথাযথভাবে বিশ্লেষণ করলে |
| | ৩ | SWOT অ্যানালাইসিস ৩ টি বর্ণের যথাযথভাবে বিশ্লেষণ করলে |
| | ২ | SWOT অ্যানালাইসিস ২ টি বর্ণের যথাযথভাবে বিশ্লেষণ করলে |
| | ১ | SWOT অ্যানালাইসিস ১ টি বর্ণের যথাযথভাবে বিশ্লেষণ করলে |
| | ০ | প্রদত্ত প্রশ্নের সঠিক উত্তর না লিখতে পারলে এবং অপ্রাসঙ্গিক বা ভুল উত্তর লিখলে |

# ২০২৪ সালের বার্ষিক মূল্যায়নের বিষয়ভিত্তিক নির্দেশনা

## বিষয়: গণিত
## শ্রেণি: ৭ম

### ক) বার্ষিক পরীক্ষার পাঠ্যক্রম/সিলেবাস

| অভিজ্ঞতার ক্রমিক নম্বর | অভিজ্ঞতার নাম | পৃষ্ঠা |
|---|---|---|
| ৭ | বাইনারি সংখ্যার গল্প | ১৪১ — ১৬০ |
| ৮ | চলো বৃত্ত চিনি | ১৬১ — ১৮০ |
| ৯ | বীজগাণিতিক রাশির উৎপাদক, গসাগু ও লসাগু | ১৮১ — ১৯০ |
| ১০ | নানা রকম আকৃতি মাপি | ১৯১ — ২১৪ |
| ১২ | বীজগাণিতিক রাশির সমীকরণ | ২২৭ — ২৪০ |
| ১৩ | তথ্য অনুসন্ধান ও বিশ্লেষণ | ২৪১ — ২৬৬ |

### খ) মূল্যায়ন কাঠামো

| শিখনকালীন | সামষ্টিক |
|---|---|
| ৩০% | ৭০% |

## গ) শিখনকালীন মূল্যায়ন: প্রশ্নের ধারা ও মানবণ্টন

| আইটেমের নাম (Item Name) | নির্ধারিত নম্বর |
|---|---|
| **অ্যাসাইনমেন্ট/ব্যবহারিক কাজ (Assignment/Practical Work)**<br><br>**নমুনা প্রশ্ন:**<br>তোমার পরিবারের তিন মাসের খাতওয়ারি পারিবারিক খরচের তথ্য ও উপাত্ত সংগ্রহ করো। তারপর যৌগিক স্তম্ভলেখ অঙ্কন করে তথ্যগুলো উপস্থাপন করো এবং নিচের প্রশ্নগুলোর উত্তর দাও।<br>ক) স্তম্ভলেখটি থেকে তুমি কী কী তথ্য পেয়েছ?<br>খ) বিভিন্ন খাতে খরচের তারতম্যের কারণগুলো ব্যাখ্যা করো।<br>'পারিবারিক খরচের সুষম বাজেট তৈরিতে যৌগিক স্তম্ভলেখ বিশেষ ভূমিকা রাখে'- তোমার মতামতসহ ব্যাখ্যা করো। | ১০ |
| **অনুসন্ধানমূলক কাজ (Inventory Work)**<br><br>**নমুনা প্রশ্ন:**<br>তোমার পড়ার কক্ষের দৈর্ঘ্য, প্রস্থ ও উচ্চতা পরিমাপ করো। তারপর নিচের প্রশ্নগুলোর উত্তর দাও।<br>ক) পড়ার কক্ষের সমগ্রতলের ক্ষেত্রফল নির্ণয় করো। (দরজা ও জানালা বাদে)<br>খ) পার্শ্বতলগুলোর ক্ষেত্রফল নির্ণয় করো।<br>গ) প্রমাণ করো যে, পড়ার কক্ষের সমগ্রতলের ক্ষেত্রফল = পার্শ্বতলগুলোর ক্ষেত্রফল + ২✕মেঝের ক্ষেত্রফল | ১০ |
| **শ্রেণির কাজ (পাঠ্যপুস্তকে সন্নিবেশিত একক ও দলগত কাজ, ছক পূরণ)**<br><br>**নমুনা প্রশ্ন:**<br>জোড়ায় কাজ:<br>ক) প্রত্যেক দল গ্রাফ কাগজে ভিন্ন ভিন্ন ব্যাসার্ধের বৃত্ত অঙ্কন করো। ক্ষুদ্রতম বর্গগুলো গণনা করে বৃত্তক্ষেত্রটির আনুমানিক ক্ষেত্রফল নির্ণয় করো।<br>খ) একই বৃত্তক্ষেত্রের ক্ষেত্রফল সূত্রের সাহায্যে নির্ণয় করে 'ক' তে প্রাপ্ত ফলাফলের সাথে তুলনা করো। | ১০ |
| **মোট =** | **৩০** |

ঘ) সামষ্টিক মূল্যায়ন: প্রশ্নের ধারা ও মানবণ্টন

অভীক্ষার ধরন: লিখিত পূর্ণনম্বর: ১০০ সময়: ০৩ ঘন্টা

<table>
<tr><th>ক্রম</th><th colspan="2">আইটেমের নাম</th><th>প্রশ্নপত্রে মোট প্রশ্নের সংখ্যা</th><th>উত্তর দিতে হবে</th><th>মোট নম্বর</th><th>সময়</th></tr>
<tr><td>১</td><td>নৈর্ব্যক্তিক প্রশ্ন</td><td>বহুনির্বাচনী প্রশ্ন<br>এক কথায় উত্তর</td><td>১৫টি<br>১০টি</td><td>১৫টি<br>১০টি</td><td>১×১৫ = ১৫<br>১×১০ = ১০</td><td rowspan="3">০৩ ঘন্টা</td></tr>
<tr><td>২</td><td colspan="2">সংক্ষিপ্ত-উত্তর প্রশ্ন</td><td>১৩টি</td><td>১৩টি</td><td>১৩টি</td></tr>
<tr><td>৩</td><td colspan="2">রচনামূলক প্রশ্ন (দৃশ্যপট নির্ভর)<br><br>দৃশ্যপটনির্ভর প্রশ্নের মধ্যে দুইটি বা তিনটি অংশ থাকতে পারে। সেক্ষেত্রে নম্বর বিভাজন ৩+৪, ১+২+৪, ২+২+৩, ১+৩+৩ হতে পারে।</td><td>১০টি</td><td>১০টি</td><td>৭টি</td></tr>
</table>

ঙ) কাঠামো মোতাবেক নমুনা প্রশ্ন

এটি একটি নমুনা প্রশ্নপত্র। এই নমুনা প্রশ্নপত্রের আলোকে আপনি এই বিষয়ে আপনার স্বকীয় প্রশ্নপত্র তৈরি করবেন । কোনোভাবেই নমুনা প্রশ্নপত্র হুবহু ব্যবহার করা যাবে না।

**বার্ষিক সামষ্টিক মূল্যায়ন- ২০২৪**

**বিষয়: গণিত**

**শ্রেণি: ৭ম**

পূর্ণমান: ১০০ সময়: ৩ ঘন্টা

**ক বিভাগ** (১×২৫ = ২৫)

[সঠিক উত্তরটি খাতায় লিখ]

১। একটি রম্বসের কর্ণদ্বয়ের দৈর্ঘ্য যথাক্রমে 24 সেমি এবং 18 সেমি হলে ক্ষেত্রফল কত বর্গসেমি?

ক) 84 খ) 108 গ) 216 ঘ) 432

২। বৃত্তের পরিধি $c$ এবং ব্যাস $d$ হলে, নিচের কোন সম্পর্কটি সঠিক?

ক) $c = \frac{1}{2}\pi d$ খ) $c = \pi d$ গ) $c = 2\pi d$ ঘ) $c = 4\pi d$

৩। $8x^2yz^2$ এবং $10x^3y^2z^4$ রাশিদ্বয়ের গসাগু নিচের কোনটি?

ক) $2xyz$ খ) $8x^3yz^2$ গ) $2x^2yz^2$ ঘ) $40x^3y^2z^4$

৪। $5 - 4x - x^2$ এর উৎপাদকে বিশ্লেষিত রূপ নিচের কোনটি?

ক) $(x+2)(x-3)$ খ) $(5-x)(1-x)$ গ) $(x-1)(x+5)$ ঘ) $(5+x)(1-x)$

৫। কোনো পরিসংখ্যান ৩৬০° এর অংশ হিসেবে উপস্থাপিত হলে, তাকে কী বলা হয়?

ক) আয়তলেখ খ) পাইচিত্র গ) স্তম্ভলেখ ঘ) রেখাচিত্র

৬। ২৭ সংখ্যাটির বাইনারি রূপ নিচের কোনটি?

ক) ১১০০১ খ) ১০১১১ গ) ১০১০১ ঘ) ১১০১১

৭। একটি সমবৃত্তভূমিক বেলনের ভূমির ব্যাসার্ধ 4 সেমি এবং উচ্চতা 12 সেমি হলে, এর বক্রতলের ক্ষেত্রফল কত?

ক) $48\pi$ বর্গসেমি খ) $96\pi$ বর্গসেমি গ) $128\pi$ বর্গসেমি ঘ) $192\pi$ বর্গসেমি


৮। $\frac{x}{4} + 3 = \frac{x}{3} - 2$ হলে, $x =$ কত?

ক) 6 খ) 12 গ) 36 ঘ) 60

৯। একটি সংখ্যার পাঁচ গুণ থেকে এর দ্বিগুণ বিয়োগ করলে বিয়োগফল 36 হয়। সংখ্যাটি কত?

ক) 5 খ) 6 গ) 12 ঘ) 13


১০।




পাশের চিত্রের সমগ্রতলের ক্ষেত্রফল কত বর্গ সেমি?

ক) 192 খ) 160 গ) 96 ঘ) 18

১১।




কত জন শিক্ষার্থী দৈনিক ৪ ঘণ্টার কম পড়াশুনা করে?

ক) ৩৪ খ) ৩২ গ) ২২ ঘ) ১২

১২। একটি বর্গক্ষেত্রের পরিসীমা ৫২মিটার হলে, এর ক্ষেত্রফল কত বর্গমিটার?

ক) ১৪৪ খ) ১৬৯ গ) ১৯৬ ঘ) ২২৫

১৩। একটি কাঠের বাক্সের দৈর্ঘ্য ৫ সেমি, প্রস্থ ৪ সেমি এবং আয়তন ৪০ ঘন সেমি হলে, উচ্চতা কত সেমি?

ক) ১০ খ) ৮ গ) ৪ ঘ) ২

১৪। $(x+7)(x-7)=15$ সমীকরণটির একটি মূল -

ক) $-8$ খ) $-7$ গ) $7$ ঘ) $15$

১৫। রম্বসের ক্ষেত্রফল 100 বর্গসেমি এবং একটি কর্ণের দৈর্ঘ্য 10 সেমি হলে, অপর কর্ণের দৈর্ঘ্য কত সেমি?

ক) 5 খ) 10 গ) 20 ঘ) 50

**এক কথায় উত্তর দাও।**

১৬। দুই হাতের দশটি আঙ্গুল ব্যবহার করে বাইনারিতে সর্বোচ্চ কোন সংখ্যাটি পাওয়া যাবে?

১৭। একটি রুবিক্স কিউবের ধার 4 একক হলে, এতে 1 একক ধারবিশিষ্ট মোট কয়টি ছোট ঘনক থাকবে?

১৮। দুইটি ক্রমিক জোড় সংখ্যার একটি $x$ হলে, অপরটি কত?

১৯। $3xy^4z^2$ এবং $6x^2y^2z^4$ রাশিদ্বয়ের লসাগু লিখ।

২০। একটি সামান্তরিকের দুইটি সন্নিহিত বাহুর দৈর্ঘ্য ৭ সেমি এবং ৫ সেমি হলে এর পরিসীমার অর্ধেক কত সেমি?

২১। সিলিন্ডারের ব্যাসার্ধ $r$ একক এবং উচ্চতা $h$ একক হলে, এর সমগ্রতলের ক্ষেত্রফল কত?

২২। বৃত্তের পরিধি ও ব্যাসার্ধের অনুপাত কত?

২৩। $2x-3x^2-1=0$ সমীকরণটিকে $ax^2+bx+c=0$ এর সাথে তুলনা করলে $a$ এর মান কত?

২৪। অবিন্যস্ত তথ্যের ক্ষেত্রে পরিসর নির্ণয়ের সূত্রটি লিখ।

২৫। কোনো অবিন্যস্ত উপাত্তে সর্বোচ্চ মান ৯০, সর্বনিম্ন মান ৩৫ এবং শ্রেণি ব্যবধান ৫ হলে, শ্রেণি সংখ্যা কত?

## খ বিভাগ

১। নিচের প্রশ্নগুলোর উত্তর দাও। ১৩ $\times$ ২ = ২৬

ক) একটি আয়তাকার বাগানের ক্ষেত্রফল $(x^2-5x+6)$ বর্গ একক হলে, এর দৈর্ঘ্য ও প্রস্থ নির্ণয় করো।

খ) ৫ বিট ব্যবহার করে বাইনারিতে বৃহত্তম ও ক্ষুদ্রতম সংখ্যা দুইটি নির্ণয় করো।

গ) একটি বৃত্তাকার পার্কের ব্যাস ও পরিধির পার্থক্য 100 মিটার। পার্কটির ব্যাসার্ধ নির্ণয় করো।

ঘ) একটি সমবৃত্তভূমিক বেলনের আয়তন 150 ঘনসেমি এবং ভূমির ক্ষেত্রফল 30 বর্গসেমি হলে, উচ্চতা নির্ণয় করো।

ঙ) দুইটি ক্রমিক স্বাভাবিক বিজোড় সংখ্যার যোগফল 44 হলে, ক্ষুদ্রতর সংখ্যাটি নির্ণয় করো।

চ) একটি আয়তাকার বাগানের পরিসীমা 70 মিটার। বাগানটির প্রস্থ অপেক্ষা দৈর্ঘ্য 7 মিটার বেশি। বাগানটির প্রস্থ নির্ণয় করো।

ছ) $ABCD$ রম্বসের $AC$ ও $BD$ কর্ণদ্বয় পরস্পর $O$ বিন্দুতে ছেদ করে। $\angle AOB = (4x - 16)$ এবং $\angle COD = (3x + 7)$ হলে, $x$ এর মান নির্ণয় করো?

জ) একটি সামান্তরিকের একটি কর্ণের দৈর্ঘ্য 7 সেমি এবং বিপরীত শীর্ষ থেকে উক্ত কর্ণের উপর অঙ্কিত লম্বের দৈর্ঘ্য 5 সেমি হলে, ক্ষেত্রটির ক্ষেত্রফল নির্ণয় করো।


ঝ) একটি ঘনকাকৃতি বাক্সের ধার ৬.৫ সেমি হলে, বাক্সটির সমগ্র পৃষ্ঠতলের ক্ষেত্রফল নির্ণয় করো।

ঞ) $2x^2 + x - 10 = 0$ সমীকরণটির মূলগুলো নির্ণয় করো।

ট) অবিচ্ছিন্ন উপাত্ত থেকে গণসংখ্যা নিবেশন সারণি তৈরি করতে সাধারণত কোন কোন ধাপ অনুসরণ করতে হয়?

ঠ) $x^2 - 3x$ এবং $x^2 - 9$ এর গসাগু নির্ণয় করো।

ড)



উপরের কার্ডগুলো পর্যবেক্ষণ করে প্রাপ্ত সংখ্যাটিকে দশমিক সংখ্যা ও বাইনারি সংখ্যার মাধ্যমে প্রকাশ করো।

**দৃশ্যপটনির্ভর প্রশ্ন (১০টি থেকে ৭টি প্রশ্নের উত্তর দিতে হবে। নমুনা হিসেবে ৭টি প্রশ্ন দেয়া হলো)** **৭×৭ = ৪৯**

২। $x^2 - x - 2, x^2 - 3x - 10, x^3 + 6x^2 + 8x$ এবং $x^4 - 5x^3 - 14x^2$ চারটি বীজগাণিতিক রাশি।

ক) ১ম রাশিকে উৎপাদকে বিশ্লেষণ করো। ২

খ) ২য় ও ৩য় রাশির গসাগু নির্ণয় করো। ৩

গ) ২য়, ৩য় ও ৪র্থ রাশির লসাগু নির্ণয় করো। ২

৩। একটি আয়তাকার বাগানের দৈর্ঘ্য প্রস্থের তিনগুণ এবং পরিসীমা 120 মিটার। এই বাগানের ভিতরে এমন একটি পুকুর আছে, যার দৈর্ঘ্য প্রস্থ অপেক্ষা 4 মিটার বেশি।

ক) আয়তাকার বাগানের ক্ষেত্রফল নির্ণয় করো। ৩


খ) পুকুরের ক্ষেত্রফল 32 বর্গমিটার হলে এর পরিসীমা নির্ণয় করো। ৪

৪। 16 সেমি দৈর্ঘ্য ও 12 সেমি প্রস্থবিশিষ্ট দুইটি কাগজের টুকরা নিয়ে টুকরা দুইটির একটিকে দৈর্ঘ্য বরাবর এবং অপরটিকে প্রস্থ বরাবর মুড়িয়ে বা রোল করে দুইটি সমবৃত্তভূমিক বেলন বা সিলিন্ডার বানানো হলো।

ক) দেখাও যে, উভয় সিলিন্ডারের বক্রতলের ক্ষেত্রফল সমান। ৩

খ) উভয় সিলিন্ডারের আয়তনের মধ্যে পার্থক্য থাকলে, কেন পার্থক্য হয়েছে যুক্তিসহ ব্যাখ্যা করো। ৪

৫।




চিত্রে ABCD একটি ট্রাপিজিয়াম এবং $AE = DC$.

ক) সামান্তরিক ও ট্রাপিজিয়ামের মধ্যে তিনটি পার্থক্য লিখ। ৩

খ) $\Delta BCE$ এর ক্ষেত্রফল 100 বর্গসেমি হলে, ABCD ট্রাপিজিয়ামটির ক্ষেত্রফল নির্ণয় করো। ৪

৬। চিত্রে দুইটি সমকেন্দ্রিক বৃত্তের কেন্দ্র O এবং AOB ত্রিভুজটির ক্ষেত্রফল 18 বর্গমি.।




ক) ভিতরের ছোট বৃত্তটির ব্যাসার্ধ নির্ণয় করো। ৩

খ) চিত্রের গাঢ় অংশটির ক্ষেত্রফল নির্ণয় করো। ৪

৭। একটি স্কুলের ৭২০ জন শিক্ষার্থী কীভাবে স্কুলে যাতায়াত করে তা নিচের পাইচিত্রে উপস্থাপন করা হলো।

চিত্রটি পর্যবেক্ষণ করে নিচের প্রশ্নগুলোর উত্তর দাও।




ক) কতজন শিক্ষার্থী পায়ে হেঁটে স্কুলে আসে? ৩

খ) সাইকেলে চড়ে আসা শিক্ষার্থীদের শতকরায় প্রকাশ করো। ২

গ) বাস ও রিকসায় আসা শিক্ষার্থীর সংখ্যা নির্ণয় করো। ২

৮। সপ্তম শ্রেণির কয়েকজন শিক্ষার্থীর উচ্চতার (সেন্টিমিটার) মাপ দেওয়া আছে।

৯০, ১৪০, ৯৭, ১২৫, ৯৭, ১৩৪, ৯৭, ৯৭, ১১০, ১২৫, ১১০, ১৩৪, ১১০, ১২৫, ১১০, ১৪০, ১২৫, ১৩৪, ১২৫, ১২৫, ১৩৪, ১১০, ১২৫, ৯৭, ১২৫, ১১০, ১২৫, ৯৭, ১৩৪, ১২৫, ১১০, ১৩৪, ১২৫, ১৩৪, ৯০, ১৪০, ১৪৮, ১৪৮, ১১০, ১২৫

ক) উপাত্তের পরিসর নির্ণয় করো। ১

খ) শ্রেণি ব্যবধান ১০ এবং ট্যালিচিহ্ন ব্যবহার করে গণসংখ্যা সারণি তৈরি করো। ৩

গ) সারণি থেকে আয়তলেখ অঙ্কন করো। ৩

চ) নৈর্ব্যক্তিক প্রশ্নের উত্তর

| ক- বিভাগ | | | |
|---|---|---|---|
| ক্রমিক নম্বর | উত্তর | ক্রমিক নম্বর | উত্তর |
| ১ | গ | ১৪ | ক |
| ২ | খ | ১৫ | গ |
| ৩ | গ | ১৬ | ১০২৩ |
| ৪ | ঘ | ১৭ | 64টি |
| ৫ | খ | ১৮ | $x+2$ |
| ৬ | ঘ | ১৯ | $6x^2y^4z^4$ |
| ৭ | খ | ২০ | ১২ সেমি |
| ৮ | ঘ | ২১ | $2\pi rh$ বর্গ একক |
| ৯ | গ | ২২ | $2\pi:1$ |
| ১০ | ক | ২৩ | $-3$ |
| ১১ | ক | ২৪ | (সর্বোচ্চ মান − সর্বনিম্ন মান) + ১ |
| ১২ | খ | ২৫ | ১২ |
| ১৩ | ঘ | | |

## ছ) সংক্ষিপ্ত প্রশ্নের উত্তরের রুব্রিক্স

| খ- বিভাগ | | |
|---|---|---|
| ১। (ঘ) একটি সমবৃত্তভূমিক বেলনের আয়তন 150 ঘন সেমি এবং ভূমির ক্ষেত্রফল 30 বর্গ সেমি হলে, উচ্চতা নির্ণয় করো। | | |
| **সংক্ষিপ্ত প্রশ্নের উত্তরের রুব্রিক্স** | | |
| **প্রশ্নের ক্রমিক নং** | **নম্বর** | **নম্বর প্রদান নির্দেশিকা** |
| ১ (ঘ) | **২** | বেলনের উচ্চতা নির্ণয় করলে |
| | **১** | বেলনের আয়তন অথবা ভূমির ক্ষেত্রফল সমীকরণের মাধ্যমে প্রকাশ করতে পারলে |


## জ) দৃশ্যপটনির্ভর প্রশ্নের উত্তরের রুব্রিক্স

**খ-বিভাগ**

৬। চিত্রে দুইটি সমকেন্দ্রিক বৃত্তের কেন্দ্র O এবং AOB ত্রিভুজটির ক্ষেত্রফল 18 বর্গমি.।

ক) ভিতরের ছোট বৃত্তটির ব্যাসার্ধ নির্ণয় করো। ৩

খ) চিত্রের গাঢ় অংশটির ক্ষেত্রফল নির্ণয় করো। ৪




| উদ্দীপক/প্রেক্ষাপট নির্ভর প্রশ্নের উত্তরের রুব্রিক্স | | |
|---|---|---|
| **প্রশ্নের ক্রমিক নং** | **নম্বর** | **নম্বর প্রদান নির্দেশিকা** |
| **৬(ক)** | **৩** | ছোট বৃত্তটির ব্যাসার্ধ নির্ণয় করলে |
| | **২** | $\Delta AOB$ এর ক্ষেত্রফলকে সমীকরণের মাধ্যমে প্রকাশ করলে |
| | **১** | সমকোণী $\Delta AOB$ এর ক্ষেত্রফলের সূত্র লিখলে |
| | | |
| **৬(খ)** | **৪** | চিত্রের গাঢ় অংশটির ক্ষেত্রফল নির্ণয় করলে |
| | **৩** | চিত্রের ছোট ও বড় বৃত্ত দুইটির ক্ষেত্রফল নির্ণয় করলে |
| | **২** | চিত্রের ছোট বৃত্তটির ক্ষেত্রফলসহ বড় বৃত্তটির ব্যাসার্ধ নির্ণয় করলে |
| | **১** | চিত্রের ছোট বৃত্তটির ক্ষেত্রফল নির্ণয় করলে |

# বার্ষিক মূল্যায়ন নির্দেশিকা ২০২৪

বিষয়: বিজ্ঞান

শ্রেণি: ৭ম

(ক) শিক্ষকের জন্য প্রশ্নপত্র প্রণয়ন সংক্রান্ত নির্দেশনা

**শিখনকালীন মূল্যায়ন:**

শ্রেণি ও শ্রেণির বাহিরে শিক্ষার্থীর বিভিন্ন কাজের উপর ভিত্তি করে শিখনকালীন মূল্যায়ন করতে হবে। শিক্ষার্থীর নানা কাজকে ৩টি আইটেমের অধীনে মূল্যায়ন করতে হবে। প্রতিটি আইটেমের জন্য ১০ নম্বর ধরে মোট ৩০ নম্বরের শিখনকালী মূল্যায়ন করতে হবে। শিখনকালীন মূল্যায়নের আইটেমের বিভাজন ও বিস্তারিত নির্দেশনা নিচে ঘ অংশে দেয়া আছে।

**সামষ্টিক মূল্যায়ন:** এই মূল্যায়ন করতে হবে লিখিত পরীক্ষার মাধ্যমে। বিজ্ঞান অনুসন্ধানী পাঠ বইয়ের সিলেবাস কতটুকু হবে তা নিচে অধ্যায় ও অনুচ্ছেদ নম্বরসহ বুঝানো হয়েছে। লিখিত পরীক্ষায় বহুনির্বাচনী প্রশ্ন, এক কথায় উত্তর, সংক্ষিপ্ত প্রশ্ন, প্রেক্ষাপটবিহীন বিশ্লেষণধর্মী প্রশ্ন ও প্রেক্ষাপটনির্ভর বিশ্লেষণধর্মী প্রশ্ন থাকবে। লিখিত পরীক্ষা ১০০ নম্বরের উপর হবে। তবে প্রাপ্ত নম্বরকে ৭০ নম্বরে রূপান্তর করতে হবে।

(খ) ২০২৪ সালের বার্ষিক পরীক্ষার সিলেবাস

| ক্রমিক নং | অভিজ্ঞতার নাম (অনুশীলন বই) | সংশ্লিষ্ট বিষয়বস্তু ( অনুসন্ধানী পাঠ) |
|---|---|---|
| ১ | ফসলের ডাক | অধ্যায় ১: জীববৈচিত্র্য (১.১-১.৭) |
| ২ | পদার্থের সুলুকসন্ধান | অধ্যায় ২: অণু ও পরমাণু (২.১, ২.৩<br>অধ্যায় ৩: পদার্থের গঠন : (৩.৪, ৩.৭) |
| ৩ | কোষ পরিভ্রমণ | অধ্যায় ৪: কোষ বিভাজন (৪.১-৪.৪) |
| ৪ | সুর্যালোকে রান্না! | অধ্যায় ৬: তাপ ও তাপমাত্রা (৬.২-৬.৪, ৬.৭)<br>অধ্যায় ৮: কাজ, শক্তি ও ক্ষমতা (৮.১, ৮.৩, ৮.৪-৮.৬) |
| ৫ | অদৃশ্য প্রতিবেশী | অধ্যায় ৫: অণুজীবজগৎ (৫.১-৫.৫) |
| ৬ | পানির সাথে বন্ধুতা | অধ্যায় ১১: মিশ্রণ ও মিশ্রণের উপাদান পৃথকীকরণ (১১.১, ১১.৪, ১১.৮) |
| ৭ | ডাইনোসরের ফসিলের খোঁজে | অধ্যায় ১২: ভূপৃষ্ঠ ও প্লেট টেকটোনিকস তত্ত্ব (১২.২-১২.৩) |

(গ) মূল্যায়ন কাঠামো

| ধারাবাহিক মূল্যায়ন | সামষ্টিক মূল্যায়ন |
|---|---|
| ৩০% | ৭০% |

(ঘ) শিখনকালীন মূল্যায়ন: প্রশ্নের ধারা ও মান বন্টন

| আইটেমের নাম | নম্বর |
|---|---|
| শ্রেণির কাজ/ শ্রেণির বাহিরের কাজ<br>( সিলেবাসের অন্তর্ভুক্ত যেসব কাজ করানো হয়েছে এবং যেগুলো করানো হবে তা বিবেচনায় নিয়ে নম্বর প্রদান করতে হবে।) | ১০ |
| বাড়ির কাজ/অ্যাসাইনমেন্ট/প্রজেক্ট<br>(সিলেবাসের অন্তর্ভুক্ত একটি কাজ করিয়ে নম্বর প্রদান করতে হবে) | ১০ |
| ব্যবহারিক কাজ (পরীক্ষণ সংক্রান্ত)<br>(সিলেবাসের অন্তর্ভুক্ত একটি ব্যবহারিক কাজ করিয়ে নম্বর প্রদান করতে হবে) | ১০ |
| মোট নম্বর | ৩০ |

(ঙ) সামষ্টিক মূল্যায়ন: প্রশ্নের ধারা ও মান বন্টন

অভীক্ষার ধরন: লিখিত পূর্ণমান-১০০ সময়: ৩ঘন্টা

| ক্রম | আইটেমের নাম | | মোট প্রশ্নের সংখ্যা | উত্তর দিতে হবে এমন প্রশ্নের সংখ্যা | মোট নম্বর |
|---|---|---|---|---|---|
| ১ | নৈর্ব্যক্তিক প্রশ্ন | বহুনির্বাচনি | ১৫ | ১৫ | ১x২৫= ২৫ |
| | | এক কথায় উত্তর | ১০ | ১০ | |
| ২ | সংক্ষিপ্ত উত্তর প্রশ্ন | | ১০ | ১০ | ২ x ১০=২০ |
| ৩ | রচনামূলক প্রশ্ন (প্রেক্ষাপটবিহীন) | | ৫ | ৩ | ৫ x ৩ =১৫ |
| ৪ | রচনামূলক প্রশ্ন (প্রেক্ষাপটনির্ভর)<br>প্রতিটি প্রশ্নের দুটি অংশ হতে পারে | | ৭ | ৫ | ৮ x ৫=৪০ |
| **মোট নম্বর** | | | | | ১০০ |

**(চ) শিখনকালীন মূল্যায়নের নমুনা প্রশ্ন**

(১) **শ্রেণির কাজ:** শ্রেণিতে জোড়ায় কাজ করে বসে দেখাও যে, শক্তির ধ্বংশও নাই সৃষ্টিও নাই শুধুমাত্র রূপের পরিবর্তন আছে ।

(২) **অ্যাসাইনমেন্ট:** পোস্টার পেপারে কালি ব্যবহার করে পৃথিবীর অভ্যন্তরীণ গঠনের চিত্র ব্যাখ্যাসহ উপস্থাপন কর ।

(৩) **ব্যবহারিক কাজ:** শ্রেণিতে দলগতভাবে পরীক্ষণের মাধ্যমে প্রমাণ কর যে, কেলাসন পদ্ধতিতে কঠিন পদার্থের বিশুদ্ধকরণ করা যায় ।

(চ) এটি একটি নমুনা প্রশ্নপত্র। এই নমুনা প্রশ্নপত্রের আলোকে আপনি এই বিষয়ে আপনার স্বকীয় প্রশ্নপত্র তৈরি করবেন। কোনোভাবেই নমুনা প্রশ্নপত্র হুবুহু ব্যবহার করা যাবে না।

## শ্রেণি: ৭ম

## বিষয়: বিজ্ঞান

পূর্ণমান: ১০০ সময়: ৩ ঘন্টা


**ক. বিভাগ: নৈর্ব্যক্তিক প্রশ্ন =২৫টি** মোট ২৫ নম্বর

(প্রতিটি প্রশ্নের মান ১ নম্বর)

**বহুনির্বাচনি প্রশ্ন: ১৫টি** ১x১৫ = ১৫

১. জীববৈচিত্র্য পরিমাপ করতে নিচের কোনটি বিবেচনা করতে হয়?
ক. অক্সিজেনের প্রাপ্যতা খ. জীনগত বৈশিষ্ট্য গ. পানির প্রাচুর্যতা ঘ. প্রজাতির সংখ্যা

২. প্রাণিকোষের A চিহ্নিত অঙ্গানুটির নাম কী?




ক. কোষ গহ্বর খ. মাইটোকন্ড্রিয়া গ. নিউক্লিয়াস ঘ. প্লাষ্টিড

৩. উদ্ভিদের রং ধারণকারী কনিকা কোনটি?

ক. কোষ প্রাচীর খ. মাইটোকন্ড্রিয়া গ. প্লাষ্টিড ঘ. কোষ ঝিল্লি

৪. কোনটি থেকে পেনিসিলিন তৈরি হয়?

ক. শৈবাল খ. ছত্রাক গ. ব্যাকটেরিয়া ঘ. ভাইরাস

৫. লৌহের প্রতীক কোনটি?

ক. Fe খ. Cu গ. Au ঘ. Ag

৬. যে বস্তু অন্য বস্তুকে দ্রবীভূত করে তাকে বলে-

ক. দ্রব খ. দ্রাবক গ. দ্রবণ ঘ. সাসপেনসন

৭. পাললিক শিলা কোনটি?

ক. কয়লা খ. গ্রাফাইট গ. হিরা ঘ. মার্বেল

৮. ক্ষমতার একক কী?

ক. নিউটন খ. ওয়াট গ. জুল ঘ. ক্যালরি

৯. তাপমাত্রার কোন একক বেশিরভাগ দেশেই ব্যবহৃত হয়?

ক. সেলসিয়াস খ. ফারেনহাইট গ. কেলভিন ঘ.ওহম

১০. পদার্থের মৌলিক কণিকা নয় কোনটি?

ক. ইলেকট্রন খ. প্রোটন গ. নিউট্রন ঘ. নিউক্লিয়াস

১১. বায়ুমন্ডলের কোন গ্যাস গ্রীনহাউস সৃষ্টিতে বেশি ভূমিকা পালন করে?

ক. হাইড্রোজেন খ. নাইট্রোজেন গ. কার্বনডাই অক্সাইড ঘ. সালফারডাই অক্সাইড

১২. দুইয়ের অধিক মৌলের সমন্বয়ে গঠিত যৌগ কোনটি

ক. লবন খ. সোডা গ. পানি ঘ. কার্বনডাইঅক্সাইড

১৩. কোষের শক্তিঘর কোনটি?

ক. কোষপ্রাচীর খ. নিউক্লিয়াস গ. কোষগহ্বর ঘ. মাইটোকন্ড্রিয়া

১৪. কোনটি দুধকে দধিতে পরিণত করে?

ক. শৈবাল খ. ছত্রাক গ. প্রটোজোয়া ঘ. ব্যাকটেরিয়া

১৫. ব্যাটারিতে রাসায়নিক শক্তি কোন শক্তিতে রূপান্তরিত হয়?

ক. আলোক শক্তিতে খ. তাপ শক্তিতে গ. বিদ্যুৎ শক্তিতে ঘ. চৌম্বক শক্তিতে

**এক কথায় উত্তর : ১০টি**

১x১০=১০

১. দুধ কোন প্রকৃতির মিশ্রন?
২. বিশেষ অবস্থায় যে সব পদার্থ বিদ্যুৎ পরিবহন করে তাকে কী বলে?
৩. কাপড় ধোয়ার সোডার বৈজ্ঞানিক নাম কী?
৪. কৃষ্ণচূড়া ফুলে কোন প্লাস্টিড থাকে?
৫. ব্যাকটেরিযার কোষকে কী কোষ বলে?
৬. মানুষের আমাশয় রোগের জীবাণুর নাম কী?
৭. কোন শিলা পৃথিবীতে সবচেয়ে বেশি পাওয়া যায়?
৮. পৃথিবীর অভ্যন্তরীণ গঠনের মাঝের স্তরের নাম কী?
৯. মার্বেল কোন ধরনের শিলা?
১০. কাজের একক কী?

**খ বিভাগঃ সংক্ষিপ্ত উত্তরঃ ১০টি**

২x১০=২০

১. জীববৈচিত্র্য উদ্ভবের জৈবিক কারণ ব্যাখ্যা করো।
২. পরজীবি বলতে কী বুঝায় ব্যাখ্যা করো।
৩. তরল পদার্থে কীভাবে তাপ সঞ্চালিত হয় বর্ণনা করো।
৪. শক্তির নিত্যতা ব্যাখ্যা কর।
৫. ১০ নিউটন বল প্রয়োগ করে কোনো বস্তুর সরণ ৫ মিটার হলে কাজের পরিমাণ কত?
৬. টেকটোনিক প্লেট কী বর্ণনা করো।
৭. আগ্নেয়গিরির অগ্নুৎপাতে নির্গত শিলার বর্ণনা করো।
৮. অর্ধপরিবাহী কী? উদাহরণ দাও।
৯. কোষঝিল্লি কী? এর একটি কাজ উল্লেখ করো।
১০. প্রতীক ও সংকেতের মধ্যে দুটি পার্থক্য লিখ।


৫x৩=১৫ নম্বর

**গ বিভাগঃ রচনামূলক প্রশ্ন (প্রেক্ষাপটবিহীন): যে কোনো ৩টি প্রশ্নের উত্তর দাও**

১. জীবদেহে অস্বাভাবিক কোষ বিভাজনের পরিণতি ব্যাখ্যা কর।

২. শিলা ও খনিজের মধ্যে দুটি পার্থক্য লিখ। শিলা গঠনে শক্তির ভূমিকা ব্যাখ্যা কর।

৩. চিত্রে দেখানো তিনটি শক্তির পারস্পরিক রূপান্তর ব্যাখ্যা কর।



৪. মৌলিক পদার্থের ক্ষুদ্রতম কণা পরমাণু, কিন্তু যৌগিক পদার্থের ক্ষুদ্রতম কণা অণু- উদাহরণসহ ব্যাখ্যা কর।

৫. চিত্রসহ পৃথিবীর অভ্যন্তরীণ গঠনের বর্ণনা দাও।

৮x৫= ৪০

**ঘ. বিভাগ : রচনামূলক প্রশ্ন (প্রেক্ষাপটনির্ভর): যে কোনো ৫টি প্রশ্নের উত্তর দাও**

১. নিচে দুটি জীবের ছবি দেয়া হলো।



জীব ১



জীব ২

ক. উপরের জীব দুটির মধ্যে চারটি সাদৃশ্য লিখ। (৪)

খ. জীব ১ কোন কোন দিক থেকে জীব ২ থেকে ভিন্ন উল্লেখ করো। (৪)

২. সুমনের মা রান্না ঘরে ভুলবশত তেলের পাত্রে পানি মিশ্রিত করে ফেলে। ৭ম শ্রেণিতে পড়ুয়া ছেলে সুমন তেলের অপচয় রোধ করার জন্য মিশ্রণ থেকে তেল আলাদা করার উদ্যোগ নেয়।

ক. সুমন কোন পদ্ধতিতে তেল আলাদা করতে পারে বর্ণনা কর? (৩)

খ. চিত্র অংকন করে সুমনের আলাদা করণ প্রক্রিয়াটি ব্যাখ্যা কর। (৫)

৩. চিত্রে একটি জীবাস্ম এবং পৃথিবীর মানচিত্র দেখানো হলো। মানচিত্রে ডট চিহ্ন দ্বারা পৃথিবীর বিভিন্ন দেশে প্রাপ্ত উক্ত জীবাস্মকে বুঝানো হয়েছে।







ক.জীবাস্ম কী? উক্ত জীবাস্মটির গঠন প্রক্রিয়া বর্ণনা করো। (৫)

খ. বাংলাদেশে উক্ত জীবাস্মটি পাওয়ার সম্ভাবনা যুক্তিসহ উপস্থাপন করো। (৩)


৪.  নিচের প্রেক্ষাপট অবলম্বনে ক ও খ প্রশ্নের উত্তর দাও ।



ক.  উপরে প্রদর্শিত জীবটির কোষীয় গঠন ব্যাখ্যা কর ।    (৫)

খ. একটি ছত্রাকের ছবি আঁক । তোমার অঙ্কিত ছত্রাকের সাথে উপরের জীবটির দুটি পার্থক্য লিখ ।    (৩)

৫.  নিচে একটি উদ্ভিদ কোষের কিছু অংশ দেখানো হলো ।




ক.  চিত্রে P, R এবং S চিহ্নিত অংশগুলির নাম লিখ ।    (৩)

খ.  চিত্রে Q  চিহ্নিত অংশটি জীবের জন্য অতীব গুরুত্বপূর্ণ কেন বিশ্লেষণ কর ।    (৫)

৬.  বাংলাদেশের  সবচেয়ে সমৃদ্ধ জীববৈচিত্রপূর্ণ অঞ্চল হচ্ছে সুন্দরবন । এখানে হরেক রকমের উদ্ভিদ ও প্রাণীর বসবাস । নানা কারণে এই বনাঞ্চলের অনেক জীব ইতোমধ্যে বিলুপ্ত হয়ে গেছে । যারা বেঁচে আছে তারও টিকে থাকার ঝুঁকিতে রয়েছে । কিন্তু এই জীববৈচিত্র্যকে আমাদের টিকিয়ে  রাখতে হবে । সুন্দর বনের এই অবস্থাকে নিচের বিষয়গুলির মাধ্যমে চিত্রিত করা যায় ।

- সুন্দর বনে জীববৈচিত্র্য গঠনের ভৌগোলিক কারণ
- বৈচিত্র্যময় জীবকুল
- জীববৈচিত্র্যের ঝুঁকি
- ঝুঁকি দূরীকরণের উপায়

**উপরে উল্লেখিত ৪টি বিষয়ের উপর ভিত্তি করে সুন্দর বনের উপর একটি প্রতিবেদন রচনা  কর ।**

(৮ = ৪ x২)

প্রশ্ন ৭.  এক কৃষক জমিতে কাজ শেষ করে  বাড়ি ফিরছিলেন । এমন সময় একটি কুকুর পিছন থেকে এসে তার পায়ে কামড় দিয়ে চলে গেল । কৃষক বাড়ি এসে ডাক্তারের কাছে না গিয়ে কবিরাজি  চিকিৎসা নিল । কয়েক মাস পর তার খিচুনি শুরু হলো, পানির পিপাসা  হলো ।  কিন্তু পানি পান করতে পারলো না,  পানির প্রতি ভীষন ভীতি জন্মিল ।


ক. কৃষকের কী রোগ হলো? এ রোগের কারণ ব্যাখ্যা করো ।    (৪)

খ. কৃষক কবিরাজি চিকিৎসা করায় কী ভুল করলো বিশ্লেষণ করো ।    (৪)

| বহুনির্বাচনী প্রশ্নের উত্তর | | | | | | এক কথায় প্রশ্নের উত্তর | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| প্রশ্ন | উত্তর | প্রশ্ন | উত্তর | প্রশ্ন | উত্তর | প্রশ্ন | উত্তর | প্রশ্ন | উত্তর |
| ১ | খ | ৬ | ক | ১১ | ঘ | ১ | কলয়েড | ৬ | এন্টামিবা |
| ২ | গ | ৭ | ক | ১২ | খ | ২ | অর্ধপরিবাহী | ৭ | আগ্নেয় শিলা |
| ৩ | গ | ৮ | খ | ১৩ | ঘ | ৩ | সোডিয়াম হাইড্রক্সাইড | ৮ | ম্যান্টল |
| ৪ | ক | ৯ | ক | ১৪ | ক | ৪ | ক্রোমোপ্লাস্ট | ৯ | রূপান্তরিত শিলা |
| ৫ | ক | ১০ | ঘ | ১৫ | গ | ৫ | আদিকোষ | ১০ | জুল |

**রচনামূলক প্রশ্ন (দৃশ্যপটনির্ভর) থেকে একটি প্রশ্নের রুব্রিক্স**

১ নং প্রশ্ন: নিচে দুটি জীবের ছবি প্রদর্শিত হলো। এর উপর ভিত্তি করে নিচে ক ও খ প্রশ্নের উত্তর দাও।



জীব ১



জীব ২

ক. উপরের জীব দুটির মধ্যে চারটি সাদৃশ্য লিখ। (৪)
খ. জীব ১ কোন কোন দিক থেকে জীব ২ থেকে ভিন্ন উল্লেখ কর। (৪)

**রুব্রিক্স**

| প্রশ্নের নং | নম্বর প্রদান নির্দেশিকা | নম্বর |
|---|---|---|
| ১(ক) উপরের জীব দুটির মধ্যে চারটি সাদৃশ্য লিখ। | ৪টি সঠিক সাদৃশ্য লিখতে পারলে | ৪ |
| | ৩টি সঠিক সাদৃশ্য লিখতে পারলে | ৩ |
| | ২টি সঠিক সাদৃশ্য লিখতে পারলে | ২ |
| | ১টি সঠিক সাদৃশ্য লিখতে পারলে | ১ |
| | উত্তর অপ্রাসঙ্গিক হলে | ০ |
| ১(খ) উপরের জীব দুটির মধ্যে চারটি সাদৃশ্য লিখ। | বৈশিষ্ট্যগত দিক থেকে ৪টি ভিন্নতা লিখতে পারলে | ৪ |
| | বৈশিষ্ট্যগত দিক থেকে ৩টি ভিন্নতা লিখতে পারলে | ৩ |
| | বৈশিষ্ট্যগত দিক থেকে ২টি ভিন্নতা লিখতে পারলে | ২ |
| | বৈশিষ্ট্যগত দিক থেকে ১টি ভিন্নতা লিখতে পারলে | ১ |
| | উত্তর অপ্রাসঙ্গিক হলে | ০ |

# স্বাস্থ্য সুরক্ষা

# বার্ষিক মূল্যায়ন নির্দেশিকা'২০২৪

# সপ্তম শ্রেণি

## বিষয়ভিত্তিক বার্ষিক মূল্যায়ন নির্দেশিকা'২০২৪
## স্বাস্থ্য সুরক্ষা
## শ্রেণি: ৭ম

### ক. শিক্ষকদের জন্য প্রশ্নপত্র প্রণয়ন সংক্রান্ত নির্দেশনা

- সপ্তম শ্রেণির সিলেবাসে বার্ষিক পরীক্ষার জন্য মোট ৮টি অভিজ্ঞতা থেকে ৬টি অভিজ্ঞতা রাখা হয়েছে।
- বার্ষিক পরীক্ষায় এই ৬টি অভিজ্ঞতা থেকে প্রশ্ন করতে হবে
- শিখনকালীন মূল্যায়নে কাজের বিবরণে উদাহরণ হিসেবে শুধু ১টি করে কাজ উল্লেখ করা হয়েছে। এ ধরনের আরও অনেক কাজ পাঠ্য পুস্তকে আছে। সে সবগুলো কাজই সম্পন্ন করতে হবে এবং রেকর্ড সংরক্ষণ করতে হবে।
- খেলাধুলা ও শরীর চর্চা শিখনকালীন মূল্যায়নে ব্যবহারিক কাজে যুক্ত হবে

### খ. বার্ষিক পরীক্ষার সিলেবাস/পাঠ্যক্রম

| ক্রম | অভিজ্ঞতার নম্বর | অভিজ্ঞতার নাম | পৃষ্ঠা নম্বর |
|---|---|---|---|
| ১. | ১ম | নিরাপদ ও সুষম খাবার খাই, সুস্থ জীবন পাই | ১-১৮ |
| ২. | ২য় | খেলাধুলায় গড়ি সুস্থ ও সুন্দর জীবন | ১৯-৩৭ |
| ৩. | ৩য় | রোগ মোকাবিলায় , খুঁজে পাই সুস্থ থাকার উপায় | ৩৮-৪৯ |
| ৪. | ৪র্থ | কৈশোরের আনন্দযাত্রা | ৫০-৬৮ |
| ৫. | ৫ম | বেড়ে উঠি মন ও মননে | ৬৯-৯২ |
| ৬. | ৭ম | যোগাযোগে সঠিক ভাবে প্রয়োজন প্রকাশ করি | ১১৫-১৩৪ |
| | | | |

### খ. মূল্যায়ন কাঠামো

| শিখনকালীন | সামষ্টিক |
|---|---|
| ৩০% | ৭০% |

**গ. শিখনকালীন মূল্যায়ন: কাজের ধারা ও নম্বরবন্টন**

**কাজের বিবরণে উদাহরণ হিসেবে ১টি করে কাজ উল্লেখ করা হয়েছে। এ ধরনের আরও অনেক কাজ পাঠ্য পুস্তকে আছে। সেগুলো সম্পন্ন করতে হবে এবং রেকর্ড সংরক্ষণ করতে হবে।**

| **আইটেমের নাম** | **কাজের বিবরণ** | পৃষ্ঠা নম্বর ও অভিজ্ঞতার নাম | **নির্ধারিত নম্বর** |
|---|---|---|---|
| শ্রেণির কাজ: পাঠ্যপুস্তকে সন্নিবেশিত একক ও দলগত কাজ, ছক পূরণ, বক্স পূরণ, | আমার অনুভূতি, চিন্তা ও আচরণ –ছক ১,২,৩,৪ পূরণ | পৃষ্ঠা- ৭২-৭৩ (বেড়ে উঠি মন ও মননে) | ১৫ |
| অ্যাসাইনমেন্ট/ব্যবহারিক কাজ | খেলা: আচরণ পর্যবেক্ষণ | পৃষ্ঠা-১২১ ( যোগাযোগে সঠিকভাবে প্রয়োজন প্রকাশ করি) | ১০ |
| অনুসন্ধানমূলক কাজ/ প্রতিবেদন উপস্থাপন | ওজন ও উচ্চতার চার্ট ব্যবহার করে পুষ্টি প্রোফাইল তৈরি | পৃষ্ঠা-৭-৯ (নিরাপদ ও সুষম খাবার খাই, সুস্থ সবল জীবন পাই) | ৫ |
| **মোট** | | | **৩০** |

**ঙ. সামষ্টিক মূল্যায়ন: প্রশ্নের ধারা ও মানবণ্টন**

| **আইটেমের নাম** | **বিবরণ** | **মোট প্রশ্ন সংখ্যা** | **যে কটি প্রশ্নের উত্তর দিতে হবে** | **নম্বর বিভাজন** | **মোট নম্বর** | **সময়** |
|---|---|---|---|---|---|---|
| নৈর্ব্যক্তিক প্রশ্ন | বহুনির্বাচনি প্রশ্ন (সাধারণ, বহুপদী সমাপ্তিসূচক, অভিন্ন তথ্যভিত্তিক) | ১৫ | ১৫ | ১×১৫=১৫ | ২৫ | ৩ ঘন্টা |
| | এক কথায় উত্তর | ১০ | ১০ | ১×১০=১০ | | |
| সংক্ষিপ্ত উত্তর প্রশ্ন | | ১০ | ১০ | ২×১০=২০ | ২০ | |
| রচনামূলক প্রশ্ন (দৃশ্যপটবিহীন | | ৫ | ৩ | ৫×৩=১৫ | ১৫ | |
| রচনামূলক প্রশ্ন (দৃশ্যপটনির্ভর) প্রতিটি দৃশ্যপট থেকে ২টি প্রশ্ন থাকবে। | | ৭ | ৫ | ৮×৫=৪০ | ৪০ | |
| **মোট** | | | | | **১০০** | **৩ ঘন্টা** |

***১০০ নম্বরের মধ্যে পরীক্ষার্থীর প্রাপ্ত নম্বরকে ৭০% এ কনভার্ট করা হবে।**

**চ. প্রশ্নের ধারা ও মানবন্টন অনুযায়ী একটি নমুনা প্রশ্নপত্র অপর পৃষ্ঠায় দেওয়া হলো :**

এটি একটি নমুনা প্রশ্নপত্র। এই নমুনা প্রশ্নপত্রের আলোকে আপনি এই বিষয়ে আপনার স্বকীয় প্রশ্নপত্র তৈরি করবেন। কোনোভাবেই নমুনা প্রশ্নপত্র হুবহু ব্যবহার করা যাবে না।

**স্বাস্থ্য সুরক্ষা**

**৭ম শ্রেণি**

**পূর্ণমান-১০০**

**সময়-৩ ঘন্টা**

**ক. নৈর্ব্যক্তিক প্রশ্ন**

**বহুনির্বাচনি প্রশ্ন:** (১×১৫=১৫)

১. বর্ষাকালে কোন রোগটি হয়?

ক. সর্দি কাশি
খ. টাইফয়েড
গ. ডেঙ্গু
ঘ. শ্বাসকষ্ট

২. ডায়রিয়া হলে কোন খাবারটি অবশ্যই খেতে হবে?

ক. মাছ
খ. ফল
গ. ভাত
ঘ. স্যালাইন

৩. সাধারনত কত বছর বয়সে কোয়াশিওরকর রোগ হতে পারে?

ক. ০- ৬ মাস
খ. ৫- ৬ বছর
গ. ২- ৪ বছর
ঘ. ৭- ৮ বছর

৪. নিচের কোনটি মানুষের আচরণের উপর নির্ভর করে?

ক. ফলাফল
খ. চিন্তাভাবনা
গ. অনুভূতি
ঘ. রাগ


৫. নিচের কোনটি খেলাধূলার ইতিবাচক দিক?

ক. শারীরিক শক্তি হ্রাস পায়
খ. মানসিক চাপ বৃদ্ধি পায়
গ. শরীরের ক্লান্তি ও অবসাদ দূর হয়
ঘ. পড়াশোনার সময় কম পাওয়া যায়

৬. কোনো বিষয়ে সহায়তা চাওয়া-

ক. এক ধরনের দুর্বলতা
খ. একটি গুরুত্বপূর্ণ দক্ষতা
গ. এক ধরনের হীনমন্যতা
ঘ. একটি গুরুত্বপূর্ণ যোগ্যতা

নিচের চিত্রের আলোকে ৭ এবং ৮ নং প্রশ্নের উত্তর দাও:


চিত্র- A


চিত্র- B

৭. A চিহ্নিত সময়কালে সাধারণত যে রোগ হয়, তা হলো-

i সর্দি কাশি
ii শ্বাসকষ্ট
iii ম্যালেরিয়া

**নিচের কোনটি সঠিক ?**

ক. i ও ii
খ. i ও iii
গ. ii ও iii
ঘ. i, ii ও iii

৮. B চিহ্নিত সময়কালে কোনটি ঘটে?

ক. ভাইরাসজনিত জ্বরের প্রকোপ দেখা যায়
খ. পরিবেশ শুষ্ক এবং ধূলিময় থাকে
গ. উচ্চ তাপমাত্রার জ্বর ও মাথা ব্যথা হতে পারে
ঘ. হিট স্ট্রোকের সম্ভাবনা থাকে

৯. নিচের কোনটি পারস্পারিক সর্ম্পক সংক্রান্ত বিষয়?

ক. তৃপ্তি
খ. নিরাপত্তা
গ. আরাম
ঘ. গুরুত্ব

১০. অভিজ্ঞতাকে কয় ভাগে ভাগ করা যায়?

ক. ১
খ. ২
গ. ৩
ঘ. ৪

১১. নিচের কোনটি অনুভূতির অবাচনিক প্রকাশ?

ক. গলার স্বর পরিবর্তন
খ. রাগ দেখানো
গ. চোখ বড় বড় করা
ঘ. হৃদকম্পন বেড়ে যাওয়া

১২. শ্বাস নিয়ে কিছুক্ষণ ধরে রেখে তারপর শ্বাস ছেড়ে কোন ব্যায়ামটি করা হয়?

ক. ভ্রমরী শ্বাস প্রশ্বাস
খ. অনুরণিত শ্বাস প্রশ্বাস
গ. অ্যাবডোমিনাল ব্রিদিং
ঘ. নাসারন্ধ্র পরিবর্তন করে শ্বাস প্রশ্বাস

১৩. সামাজিক দক্ষতা কয়টি বিষয়ের উপর নির্ভর করে?

ক. ১টি
খ. ২টি
গ. ৪টি
ঘ. ৫টি

১৪. ভাইরাসজনিত রোগ প্রতিরোধ করা যায়-

ক. ঠান্ডা পানি পান করে
খ. গরম কাপড় চোপড় পরে
গ. ঘুমানোর সময় মশারি টাঙিয়ে
ঘ. হাঁচি কাশির সময় নাক মুখ ঢেকে রেখে

১৫. 'বাল্য বিবাহ নিরোধ আইন-২০১৭' অনুয়ায়ী বিয়ের ক্ষেত্রে নারীদের বয়স কমপক্ষে কত নির্ধারণ করা হয়েছে?

ক. ১৩ বছর
খ. ১৮ বছর
গ. ১৯ বছর
ঘ. ২১ বছর

**এক কথায় উত্তর দাও:** (১×১০=১০)

১. বিয়ের ক্ষেত্রে পুরুষের বয়স কমপক্ষে কত হওয়া দরকার?
২. কারো সাথে কুরুচিপূর্ণ আচরণ করাকে কী বলে?
৩. দেহের ওজন স্বাভাবিক মাত্রার চেয়ে বেড়ে গেলে তাকে কী বলে?
৪. কোন খেলায় মাটিতে লাঠি পুঁতে বৃত্ত তৈরি করে ঘুরতে হয়?
৫. সব ধরনের স্বাস্থ্যকর খাবারে কী আছে?
৬. দাবা কোন ধরনের খেলা?
৭. ক্ষতস্থান ভালো করে কী দিয়ে ধুয়ে নিতে হবে?

৮. ডায়রিয়ার অন্যতম লক্ষণ কোনটি?

৯. হিমোগ্লোবিন শরীরের বিভিন্ন কোষে কী সরবরাহ করে?

১০. অতিপুষ্টির কারণে প্রতিরোধ ক্ষমতা কী পায়?

**খ. সংক্ষিপ্ত উত্তর-প্রশ্ন :** **(২×১০=২০)**

১. অনুভূতি প্রকাশের ধরন ব্যাখ্যা করো।

২. মানসিক চাপের বিভিন্ন পরিস্থিতিতে যে দুই ধরনের আচরণ করে থাকি তা ব্যাখ্যা করো।

৩. কীভাবে সহমর্মী আচরণ করা যায় ব্যাখ্যা করো।

৪. প্রযুক্তিগত হয়রানি ও নিপীড়ন বলতে কী বুঝায়?

৫. ইনডোর খেলা আমাদের জীবনে কী প্রভাব ফেলে?

৬. শরীরচর্চা করার সময় আঘাত পেলে কী করতে হবে?

৭. ঋতু পরিবর্তনজনিত রোগের লক্ষণগুলি কী কী?

৮. দলগত কাজে যোগাযোগের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ সামাজিক দক্ষতাগুলো লিখ।

৯. সহায়তা চাওয়া একটি গুরুত্বপূর্ণ দক্ষতা -ব্যাখ্যা করো।

১০. কৈশোরের পরিবর্তনগুলো লিখ।

**গ. রচনামূলক প্রশ্ন (দৃশ্যপটবিহীন):** **(৫×৩=১৫)**

১. কোয়াশিওরকর রোগ কেন হয়? লক্ষণসহ ব্যাখ্যা করো।

২ . প্রকৃতির প্রতি আমরা কীভাবে সহমর্মিতা দেখাতে পারি? ব্যাখ্যা করো।

৩. প্রাথমিক চিকিৎসা নিয়ে দুইটি ভুল ধারণা উল্লেখ কর এবং সঠিক তথ্য লিখ।

**ঘ. রচনামূলক প্রশ্ন (দৃশ্যপটনির্ভর প্রশ্ন):** **(৮×৫=৪০)**

নাহিদ সপ্তম শ্রেণিতে পড়ে। ওর ক্লাসের অন্য বন্ধুদের সাথে ওর উচ্চতার বেশ পার্থক্য। পঞ্চম শ্রেণির পরে ওর উচ্চতায় তেমন কোনো পরিবর্তন হয়নি, কিন্তু বন্ধুদের সবার কমবেশি পরিবর্তন হয়েছে। ওর বেশ দুশ্চিন্তা হচ্ছে, ওর কী তাহলে আর উচ্চতা বাড়বে না! মাঝে মাঝে মন খারাপও হয়। অন্যদের সাথে আগের মতো মিশতে ভালো লাগে না, একা থাকে।

১. ক. নাহিদ কী কী শারীরিক ও মানসিক ঝুঁকি বা চ্যালেঞ্জের মধ্যে আছে? ৩
খ. এই ঝুঁকি বা চ্যালেঞ্জ মোকাবিলায় নাহিদের করণীয় বিশ্লেষণ করো। ৫



১ম চিত্র



২য় চিত্র

২. ক. ১ম চিত্রের পরিস্থিতিতে কোন ধরনের স্বাস্থ্য ঝুঁকি তৈরি হতে পারে? ব্যাখ্যা করো। ৩
খ. ২ চিত্রের পরিস্থিতিতে তৈরি স্বাস্থ্যঝুঁকি মোকাবিলায় কী কী উপায় অবলম্বন করা প্রয়োজন? ব্যাখ্যা করো। ৫

রবিন ও শিউলি ৭ম শ্রেণিতে পড়ে। রবিন বাইরের খাবার যেমন; জাঙ্ক ফুড, কোমল পানীয় ইত্যাদি প্রায় প্রতিদিন খায়। তার ওজন বর্তমানে প্রায় ৭৯ কেজি। শিউলি ঘরে তৈরি বিভিন্ন ধরনের খাদ্য উপাদানসমৃদ্ধ খাবার নিয়মিত খায় কিন্তু সে শাকসবজি খেতে চায় না। তার ওজন প্রায় ৪২ কেজি।

৩. ক. রবিনের জীবনে তার খাদ্যাভ্যাসের প্রভাব ব্যাখ্যা করো। ৩
খ. শিউলির খাদ্যাভ্যাস যথার্থ কী না? বিশ্লেষণ করো। ৫



১ম চিত্র



২য় চিত্র

৪. ক. ১ম চিত্রটির ক্ষেত্রে কী ঘটেছে? ব্যাখ্যা করো। ৩
খ. ১ম এবং ২য় চিত্রের দুর্ঘটনার ক্ষেত্রে প্রাথমিক চিকিৎসা কি একই রকম হবে? মতামত দাও। ৫

মনিরা ৭ম শ্রেণিতে পড়ে। সে পড়াশোনায়ও খুব ভালো। তার ইচ্ছা উচ্চশিক্ষা গ্রহণ করে সমাজের জন্য অবদান রাখা। কিন্তু মনিরার বাবা মা তাকে আর পড়াতে রাজি নন। তারা ওর বিয়ের জন্য পাত্র দেখছেন। এতে মনিরার খুব মন খারাপ।

৫. ক. মনিরার বাবা মায়ের সিদ্ধান্ত সঠিক কিনা? ব্যাখ্যা করো। ৩
খ. বাবা মায়ের সিদ্ধান্ত মনিরার জীবনে কী ধরনের প্রভাব ফেলতে পারে? বিশ্লেষণ করো। ৫

# স্বাস্থ্য সুরক্ষা
# ৭ম শ্রেণি

## নমুনা উত্তর

---

## ক. নৈর্ব্যক্তিক প্রশ্ন

### বহুনির্বাচনি প্রশ্নের উত্তর:

| প্রশ্নের নম্বর | উত্তর | প্রশ্নের নম্বর | উত্তর |
|---|---|---|---|
| ১. | গ. | ৯. | ঘ |
| ২. | ঘ | ১০. | খ |
| ৩. | গ | ১১. | ঘ |
| ৪. | ক | ১২. | খ |
| ৫. | গ | ১৩. | গ |
| ৬. | খ | ১৪. | ঘ |
| ৭. | ক | ১৫. | খ |
| ৮. | ঘ | | |

### এক কথায় উত্তর:

| প্রশ্নের নম্বর | উত্তর |
|---|---|
| ১. | ২১ বছর |
| ২. | যৌন হয়রানি/ নিপীড়ন |
| ৩. | ওজনাধিক্য/স্থূলতা |
| ৪. | গোল্লাছুট |
| ৫. | পুষ্টি |
| ৬. | বুদ্ধির |
| ৭. | পরিষ্কার পানি |
| ৮. | পাতলা পায়খানা |
| ৯. | অক্সিজেন |
| ১০. | ওজনস্বল্পতা |